





া/কৈপেয় নাচক



ावारको भूमी अवर क्रुक्टर वि

প্রণেতা

কাদিহাটী নিবাসি

विश्वनाथ न्यायतञ्ज

প্রণীত।

কলিকাতা।

জি, পি, রার এও কোম্পানির যত্তে মুদ্রিও।
শাইটোলার নম্বন ৬৭ এখামুবাড়ী লেন, বেন্টিং জীট

শকাব্দা ১৭৯৩।

[मूना ১) এक ठोका मोज ।]

বিজ্ঞাপন।

ত্তিক মোং হাওড়া শ্রীনবীনচন্দ্র বন্দ্যো রতে এবং কলিকাতা কসাইটোলা এমামন জি, পি, রায় এণ্ড কোম্পানির প্রেসে বি যাঁহাৰ ইচ্ছা হয় উক্ত স্থানে অৱেষণ

শ্রীযুক্ত বাবৃ কৃঞ্কমল ভটাচার্য্য বি, এ

সামুনয় নিবেদন—

় অনুমাদিবোর পিতা ৺ বিশ্বনাথ ভায়রত্ন মহাশ্য়, জীক্ষ মিলা বির্চিত, হ্ন-ট্রেন্সন, সংক্ষত নাটক দৃষ্টে সন ১২৪৬ সালে এই আত্ম প্রণয়ন করিয়া অপ্পকাল পরে লোকান্তরিত হয়েন, এ জন্ম তাঁহার জীবিতাবস্থায় ইয়া ্ৰীত বা প্ৰকাশিত হয় নাই। সকল বিষয়ে স্মোগ না হওয়ায় আদ-্র এই ৩১ বৎসরের মধ্যে ইহা প্রকাশ করিতে পারি নাই। একণে মুদ্রিত করিয়া, বহু গুণ বিশিষ্ট কোন উপযুক্ত ব্যক্তির করে স্ম-প্রিকরিতে ইচ্ছা হওয়ায়, এই এম্ছ খানি আপনার নামে উৎসর্গ করি-र्मोम। প্রবোধচন্দ্রের প্রতি আপনার রূপ। দৃষ্টি থাকে ইহাই আমাদি-গের প্রার্থনা।

গ্রন্থ খানি মুদ্রিত হইবার সময় প্রুক্ সংশোধন বিষয়ে আপ্রি যথেফ পরিশ্রম করিয়াছেন, অতএব ইহা বলা বাস্তল্য যে আমরা তক্ষ্ম আপনার নিকট বিশিষ্টরূপে বাধিত রহিলাম।

হ্মওড়া। ব্লাখারচন্দ্র বন্দ্যোপাধ্যার। আনবীনচন্দ্র বন্দ্যোপাধ্যার।

এই নাটকে প্রমাত্মার বংশাবলি যে ৰূপ কল্পিত হইয়াছে তাহার বিবরণ।



প্রবৃত্তি পক্ষ।

পরমাত্রা	•••	পরমেশ্বর।
পরমেশরের স্ত্রী	•••	मोत्रो ।
শায়ার সন্তান · · ·		মন ৷
মনের ছই পত্নী	•••	প্রবৃত্তি এবং নির্নৃত্তি।
প্ররভি র চারি পুজ্র	•••	মহামোহ, কাম, ক্রোধ এবং অহস্কার।
উক্ত ৪ পুজের ম ধ্যে র	জ	महात्माह।
मत्नत्र मञ्जी		সঙ্গপ ।
মহামোহের মন্ত্রী	•••	অধর্ম।
মহামোহের উপপত্নী		শান্তিকতা।
কামের পত্নী	•••	রতি।
কাষের অন্মূচর	•••	অট্টালিকা, কামিনী, স্থগদ্ধ, চন্ত্রযুক্ত- রজনী, নবীনপালব, নিক্ঞা, কোকিল, মধুকর, বসন্তকাল, বর্ধাকাল, নির্জ্জন- স্থান এবং মলর পাবন এই দ্বাদশ ব্যক্তি।
কোনের জী		इि श्मां।
শহুদারের পুত্র	•••	শেষ্ড।

धरे माहित्क शत्रमाचात्र वश्यावित त्य त्रश कल्लिख हरेग्राट्ड खारंत्र विव्, ं

লোভের ন্ত্রী ... ভূষ্য । লোভের পুত্র ... मख। দন্তের পুত্র ... অসত্য। (রাগ, দ্বেষ, মদ, মান, মাৎসর্য নান্তিক, দিগামরসিদ্ধান্ত, বুদ্ধশিষ্য সোমসিদ্ধান্ত, কলি, মধুমতীসিদ্ধি মহামোহের অমুচর কুসন্ধ, মমতা, স্নেহ, অবোধ, যোগোপদর্গ এই এগার জন এবং কাম ক্ৰোধাদি। (পাষ্ড গম শাস্ত্র এবং নান্তিক শাস্ত্র মহামোহের অস্ত্র } (এই দুইটি। মহামোহের দ্বারী… অসৎসঙ্গ। নাস্তিকতার সহচরী ... ভ্ৰমবুদ্ধি।

নির্বত্তি পক্ষ।

নির্তির হুই পুজ	বিবেক এবং বৈরাগ্য।
বিরেকের ছই পত্নী ···	স্মতি এবং উপনিষদ্। -
	যম, নিয়ম, আস্ন, প্রাণারাম, প্রত্যাহার, ধ্যান, ধারণাধ্রবং সমাধি এই আটি জন এবং বস্তবিচার ও
	প্রত্যাহার, ধ্যান, ধারণগ্রবং সমাধি
विरवरकत्र महत्र	এই আট জন এবং বস্তবিচার ও
	সম্ভোষ।

াটকে প্রমান্তার বংশাবলি বে রূপ কম্পিত হইরাছে তাহার বিবরণ।

क्रिकंत्र मञ्जी	धर्म ।
দকের সার্থি	ग<मक ।
বকের ইফলেবতা	বি ষ্ণুভজ্জি ।
ঞ্ভক্তির সহচরী	्रिका, रेनमांखिकीमत्रचली, छेशसियम्, विवश निक्षा।
	এবং বিস্থা।
क्षांत्र कन्त्रा	শান্তি।
ন্তির স্থী	कक्ला।
ফুভক্তির দাসী	∫দরা, ক্ষমা, তিতিকা, পরঞ্জীভাবনা বিবং মৈত্রী।
ফুভক্তির দাসী বেকের দৈবজ্ঞ	্দিয়া, ক্ষমা, ডিভিক্ষা, পরঞ্জীভাবনা এবং মৈত্রী। বিনয়।
ফুভক্তির দাসী বেকের দৈবজ্ঞ বেকের অস্ত্র	विनग्न ।
दवदकत्र देनवज्ज	বিনয়। জ্ঞান মীমাংসাদি সকল।
द्यात्कत्र देवरङ्क ⊾्रव्यकत्र ज्यञ्ज	বিনয়। জ্ঞান মীমাংসাদি সকল। চরমযোগা।
বেকের দৈবজ্ঞ বৈকের অস্ত্র বস্থুভক্তির আত্মীয়	বিনয়। জ্ঞান মীমাংসাদি সকল। চরমযোগা।

নাট্যোল্লিখিত ব্যক্তিগণের নাম।



श्रुक्षशन ।

विदवक	মিদের প্র্লু, নির্বৃত্তি পক্ষের রাজা এবং। নাটকের নায়ক।
गहारमाह	্বিনের পুত্র, প্রৱত্তি পক্ষের রাজ। ৬ এই নাটকের প্রতিনায়ক।
देवजागा	মনের নির্ত্তি পক্ষের দিতীর পুত্র।
কাম, ক্রোধ, অহঙ্কার	মনের প্রকৃতি পক্ষের পুত্রগণ, এবং ম. মাহের অনুচর।
আত্মা	বিবৈকের পিভামছ।
मन	আন্তার পুত্র।
প্রবোধচন্দ্র	বিবেকের পুত্র।
धर्मा	विदवदकत मञ्जी।
বিনয়	विरवरकत्र रेमवळ ।
বস্তুবিচার, সস্তোষ	বিবেকের সহচর।
Ć .	বিবেকের সারখি।
मझण्डा	मत्मत्र मञ्जी।
লোভ	অছকারের পুত্র।
म्यु	দোভৈর পুত্র।
THEOREM	Netrotres with

্যনয়	•••	•	••	মহামোহের দূত।	
স্তক				•	
মরসিং	নাস্ত		•••	(পাষণ্ড মাতালম্বী)	
	•	•••	•••	(বেদ্ধি মভাবলম্বী)	प्रकार ।
W				(কাপালিক)	अपूर्व ।
গ		•••	•••	বিঞ্ভক্তির আত্মীয়।	
†िं	চার	ক ত্ৰ	াক্ষণ)	
ৰং নাৰ্ ভৃতি	স্ত 	নর 1	শিষ্য	}	,

नारिगालिथिक वाकिशत्वत नाम।



ক্তীগণ।

সুমতি, উপনিষদ্	বিবেকের পত্নী।
রতি	কামের পত্নী।
বিষ্ণুভক্তি	विरवरकत्र इंग्रेटमवर्ज ।
শ্রদ্ধা (দান্তিকী) বৈদান্তিকী সরস্বতী	বিষ্ণুভক্তির সহচরী।
শান্তি	প্ৰদাৱ কন্তা।
করুণ্	শান্তির সখী।
क्रमा, सिंबी	বিষ্ণুভক্তির দাসী।
হিংসা . ; ··· ···	ক্রোধের পত্নী।
⊉ 83∤	দোভের পত্নী।
নান্তিকতা	মহামোহের উপপত্নী।
বিজ্ঞমবতী (জমবুদ্ধি)	নাস্তিকতার সহচরী।
Com-Com-	ती अफा)
দেগস্বরাসধাত্তের মতাবলম্বিনী	শ্ৰদ্ধা তামসী শ্ৰদ্ধ
ভিশুর মতাবলমিনী আছা	
মু ৰ্ ত∣	মহামোহের অমুচর।

ताधहरत्याम्य नाहरकत्र म्रदक्ष विवत्।



প্রথমে নর্দ্ধক আসি নর্দ্ধকীরে কয়। কীর্ত্তিবর্ম্মা রাজার কিঞ্চিৎ পরিচয়॥ রতির সহিত কাম আসি তার পর। রতির সহিত কথা কহিল বিস্তর ॥ আপনার পরাক্রম প্রকাশ করিল। বেদান্তের মতে বিশ্ব সৃষ্টি বাথানিল॥ তৎপরে সুমতি সঙ্গে আইল বিবেক। সুমতির সঙ্গে কথা কহিল অনেক॥ কহিল কামের প্রতি আক্ষেপ বচন। আত্মার বিষয়ে বস্তু কথোপকথন॥ মায়াযোগে আত্মার যেমন ব্যবহার। অনেক প্রকারে তাহা করিল বিস্তার॥ প্রবোধের জন্মের নিমিত্ত পরামর্শ। •বিবেক সুমতি তাহা করিল নি**দ্ধর্য** ॥ তৎপরে দিতীয় অঙ্কে দন্ত আগমন। মোহের আদেশে রাজ্য করিল শাসন॥ পরে অহঙ্কার আসে দন্তের আশ্রামে। विवान शृक्षक शतिहासं कारम कारम।

মহামোহ আগমন হৈল তার পর। আস্তিকের মৃত নিন্দা করিল বিস্তর॥ তৎপরে নান্তিক এলো শিষ্যের সহিত। শিষ্য প্রতি নিজ মত করে প্রকাশিত॥ মোহ সঙ্গে নান্তিকের হইল মিলন। উভয়ের হৈল বহু কথোপকথন॥ নান্তিক কহিল পরে কলির রতান্ত। করিয়াছে কলিযুগ জগত অশাস্ত॥ মহামোহ কলিকে প্রশংসে বার বার। নাস্তিক কছিল বিষ্ণুভক্তির আচার॥ কলির তাড়নে ক্ষীণা হইয়াছে স্তক্তি। তথাপি তাহার কিছু যায় নাই শক্তি॥ শুনিয়ে ভক্তির কথা মোহ আনে সেন।। অসৎসঙ্কের সঙ্গে করিয়ে মন্ত্রণা॥ কাম, মদ, মান, আদি করিল প্রেরণ। কামাদি যাইয়া ভক্তি করে নিবারণ ॥ জীক্ষেত্র ছইতে দৃত এলো তার পরে। यनामित्र शक मिन यारङ्क शांहरत ॥ পত্র পাঠ করি মহামোহ ক্রোধে জলে। আক্ষেপ করিয়া মদ মান প্রতি বলে॥ শান্তিরে করয়ে ভয় মূর্খ মদ মান। ক্রোধ লোভ হুজনারে করিল আহ্বান॥ • ক্রোধ লোভ আসি নিজ বল প্রকাশিল। মহামোহ ক্রোধ লোভে প্রেরণ করিল।

পরে মহামোহ নাস্তিকতারে ডাকিয়া। শ্রদার হরণ জন্য দিল পাঠাইয়া॥ নাস্তিকতা গিয়ে শ্রদ্ধা করিল হরণ। তৃতীয়ে শ্রদ্ধার জন্য শান্তির রোদন। করুণারে লয়ে শান্তি ভ্রমে দ্বারে দ্বারে। কোথায় পাইব শ্রদ্ধা অত্বেষণ করে॥ পুণ্যক্ষেত্র গিরি নদী আর তপোবন। কুত্রাপি না দেখে গ্রন্থা ক'রে অত্বেষণ। তার পর দিগম্বর আইল তথায়। পাষ্ঠের মত কছে কথায় কথায় ॥ তৎ পরে আইল বুদ্ধশিষ্য এক জন। নিজ মত প্রকাশিয়ে কছিল বচন॥ वुक्त भिरमा निभन्नरत इटेल विठात । পাষত্তের মত দোঁছে করিল প্রচার॥ তৎপরে হৈল দোমসিদ্ধান্ত উপস্থিত। পাষগুাগমের মত করিল বিস্তৃত॥ দিগম্বর আর বুদ্ধশিষ্য হুই জন। সোমসিদ্ধান্তের সঙ্গে কথোপকথন। তিন জনে তুমুল বিচার তার পর। মুক্তির বিষয়ে সোম কছিল বিস্তর॥ ত্বজনারে সোম সুরাপান করাইল। কৌশলে ভূলায়ে নিজ মতেতে আনিল। শ্রদার হরণে সবে করিল মন্ত্রণা। দিগম্বর খড়ি পেতে করিদ গণনা॥

কুত্রাপি না দেখে শ্রেদ্ধা গণনা করিয়ে। माधूत क्लरत क्षाका আছে लूकाहरत ॥ নিক্ষাম হইয়ে ধর্ম আছে তার কাছে। সোম বলে বিবেকের ভালতো হয়েছে॥ চতুর্থ অঙ্কেতে সোম করিল তখন। শ্রদার হরণে মহা ভৈরবী প্রেরণ॥ ভৈরবী যাইয়া শ্রদ্ধা করিল হরণ। অতি কটে শ্রদ্ধা পরে করে পলায়ন॥ মৈত্রীর সহিত দেখা হইল শ্রদ্ধার। কহিল তাহার কাছে নিজ সমাচার॥ তৎপরে ভক্তির পরামর্শের কথন। মৈত্রী আর শ্রদ্ধা দোঁহে করিল গমন॥ বিবেকের আগমন হৈল তার পর। বিবেক মোহের নিন্দা করিল বিস্তর॥ কাম জয় জন্য বস্তুবিচার আইল। সে আসি কামিনী নিন্দা বিস্তর করিল। ক্রোধ জয় করিতে ক্ষমার আগমন। বিবেকের সক্ষে বহু কথোপকথন॥ লোভেরে করিতে জয় সম্ভোষ আইল। লোভ আর লোভী প্রতি আক্ষেপ করিল। বিনয়ের আগমন হৈল তার পরে। বিবেকের রণ সজ্জা করিল সত্তরে ॥ (मन) नरम विदिक हैनिन वादानेशी। দেখিয়ে কাশীর শোভা হইল উল্লাসী॥

আদিদেব কেশবেরে করিয়ে প্রণতি। সানন্দে ললিত ছন্দে করিলেন স্তুতি # পঞ্চমে ভক্তির কাছে শ্রদ্ধার গমন। বিফুভক্তি সন্নিধানে যুদ্ধের কথন॥ বিবেক নিকটে সর্ব্ব শান্তের মিলন। মোহ দৈন্য পরাজয় বহু বিবরণ॥ কামাদির বিরছে মনের খেদ উক্তি। বৈদান্তিকী-সরস্বতী আসি দিল যুক্তি॥ অনেক প্রকারে সুস্থ ছইলেন মন। শাস্ত হয়ে শাস্তি রসে করিল গমন॥ তৎপরে বৈরাগ্য আসি হইল উদয়। মনের সহিত পরে করে পরিচয়॥ শাস্তির গমন উপনিষদ আনিতে। হইল শান্তির দেখা শ্রদ্ধার সহিতে॥ শান্তি শ্রদ্ধা উভয়ের কথোপকথন। মধুমতী দিল লোভ আত্মারে তখন॥ পরে আত্মা লোভ হৈতে হইল বিমুখ। পরিত্যাগ করিলেন সংসারের সুখ। শান্তি সহ উপনিষদের আগমন। আত্মার নিকটে কছে ছঃখ বিবরণ॥ যজ্ঞবিদ্যা-নিকটে প্রার্থনা করে বাস। পরে কর্মকাণ্ড প্রতি করে উপহাস॥ কর্মমীমাংসার প্রতি কটাক্ষ করিল। নানা দর্শনের মত প্রকাশ হইল ॥

নানা দর্শনের মত করিয়ে খণ্ডন।
উপনিষদের মতে ব্রহ্ম নিরূপণ ॥
পশ্চাৎ চরমযোগ হৈল উপস্থিত।
উপনিষদের গর্ভ জানিল নিশ্চিত ॥
তাহাতে জন্মিল বিদ্যা বিহুতে আকার।
মনে প্রবেশিয়ে মোহ করিল সংহার॥
জন্মিল প্রবোধচন্দ্র কোটি চন্দ্র জিনি।
আত্মার হৃদয় মাঝে রহিল আপনি॥
বিষ্ণুভক্তি পুনর্বার হইল উদয়।
হইল জীবমুক্ত আত্মা মহাশয়॥
ময় হৈল মম চিত্ত আনন্দ সলিলে।
গ্রন্থ সাঙ্গ হৈল দিজ বিশ্বনাথ বলে॥

শ্রবোধচন্দ্রোদয় নাটক।

TRYAT

প্রথম অঙ্ক।

রজভূমি মানব-প্রকৃতি।

নট ও নটীর প্রাবেশ।

(উভয়ে সমস্বরে জ্বোড় করে)

মধ্যাক্ত তপনে, যেমন কিরণে.

मृत्र जन जम इय ।

সেই ভ্রম জ্ঞানে, যাঁছারে না জ্ঞানে.

বিশ্ব পঞ্চত্তময়॥

আকাশ অমল, কিতি বায়ু জল,

এ পঞ্চ প্রকাশ পার।

যার তত্ব জেনে, পণ্ডিতের মনে,

সে ভ্রান্তি দূরে পদার।

मानात्र (यमनि, जम इत्र कनी,

সে জম যায় জানিলে।

সেই ব্ৰহ্ম জ্যোতিঃ, . নিৰ্মল আক্লতি.

আমরা ভজি সৃকলে।

(5)

নাড়ী মধ্য দিরে, প্রবেশ করিরে,
প্রবন সঞ্চারে গতি।
ব্রশারস্কু শাঝে, সহজ্ঞারে সাজে,
নিবিড় আনন্দাক্তি ॥
নরনের ছলে, প্রকাশ পাইলে,
শিবের কপালে ছিতি।
নিত্য নিরঞ্জন, ব্যাপ্ত ত্রিভূবন,
জয় জয় ব্রশ্ব জ্যোতিঃ ॥

প্রস্তাবনা।

নট। প্রিয়ে! এক্ষণে অপর চিন্তার প্রয়োজন নাই, আমি জেন্য তোমাকে সমিব্রায়ে লইয়া এখানে আসিয়াছি তদ্বিষয়ের যাহা কর্ত্তব্য হয়, তাহারই বিবেচনা কর। নটী। প্রিয়তম! আপনি কি জন্য আমাকে এখানে সমিব্রায়ে আনিয়াছেন আমিত তাহার কিছু জানি না। অতএ আপনি তাহা প্রকাশ করিয়া বলুন। আমাকে যাই আদেশ করিবেন, তাহাই করিতে প্রস্তুত আছি।

নট। প্রিয়ে! মহারাজ কীর্ত্তিবর্দ্মার প্রধান সেনাপতি গোপার আমাকে আদেশ করিয়াছেন যে "আমার পরমাত্মী মহারাজ কীর্ত্তিবর্দ্মার দিখ্রিজয় ব্যাপার দ্বারা এব বিবিধ বিষয় রসভোগে আসক্ত থাকিয়া আমাদিগে তত্ত্বজ্ঞান আচ্ছাদিত হইয়াছে। এই ক্ষণে আমা শান্তিরসালাপে আত্মাকে সুস্থ করিতে ইচ্ছা করি তেছি। অতএব মহামহোপাধ্যায় শ্রীক্ষক মিট পণ্ডিত, প্রবোধচক্রোদয় নামে যে অপুর্বা নাটক রচ্ করিরাছেন, একণে তুমি এই রাজসভার সেই নাটকের অভিনয় কর, ইছাই আমাদিগ্রের ইচ্ছা"। অতএব প্রিয়ে এস আমরা অভি নয়োচিত বেশ ধারণ করিয়া সভ্যোগের মনোরঞ্জন করি।

নটা। জীবিতনাথ! আপনি কোন্ কীর্ত্তিবর্মা রাজার কথা বলিতেছেন ?

নট। প্রিয়ে তাকি জান না? তবে শোন—

ধর্মশীল মহাতেজা, যাঁর অনুগত প্রজা, গোপাল যাহার সেনাপতি।

প্রতিকুল রাজা যত, সকলে হয়েছে হত, সেই কীর্ত্তিবর্মা নরপতি॥

গিয়াছিল রাজ্য যাঁর, ধর্ম পথ করি সার, পুনর্ম্বার ছইল ভূপাল।

কত কব বিবরণ, করেছে জনেক রণ, সহকারী কেবল গোপাল॥

সেই রণন্থলে আদি, বিক্তাকার রাক্ষ্মী,
নরমুণ্ড লইয়া খেলার।

শব্দ হয় ঠন ঠান, সেই শব্দ তাল মান,

সূত্য করে পিশাচিনী তার।

মরিরাছে যত হত্তী, তাছার মাণার অন্থি, পড়ে আছে সেই রণছলে।

তাহার গহরর মাঝে, প্রচণ্ড প্রন বাজে, ক্ষিতিয়শঃ গার সেই ছলে।

रेनि मरे कीर्छिक्या बाजा।

নটী। (সবিশ্বরে) কি, আশ্চর্য্য ! ভাল প্রিয়তম ! জিজ্ঞাসা করি, যেমন কেশব, ক্ষীরোদমন্থন করিয়া কমলাকে পাইয়াছেন, তঁদ্ধপ যে কীর্ত্তিবর্দ্মা রাজা, আর যে গোপাল, শাণিতাস্ত্র দ্বারা কর্ণ-সৈন্য-সমুদ্র মন্থন করিয়া সমরবিজয়লক্ষ্মী লাভ করিয়াছেন, সেই কীর্ত্তিবর্দ্মা রাজা, আর সেই গোপাল, সম্প্রতি কি হেতু শান্তিরস-পথাবলম্বী হইয়াছেন ?

নট। প্রিয়ে! স্বভাব যদি কোন কারণে বিকার প্রাপ্ত হয়, সেই কারণের অবসান হইলে স্ব ভাব পুনর্কার স্ব ভাবে স্থিতি করে। দেখ—

> উথলে সমুদ্র মহা প্রান্তরের কালে। পর্ব্বত পর্যান্ত ডুবাইয়া রাখে জলে॥ সেই মহা প্রালয়ের হলে অবসান। সে সমুদ্র যথা স্থানে করে অবস্থান॥

তেমনি শত্রু বিনাশার্থে নিষ্ঠুরতা প্রকাশ করিয়া, শত্রু বিনাশের পর সেই নিষ্ঠুরতা সমতা পাইয়াছে। আরও দেখ—

যে পরশুরাম হন্তে ধরিয়া কুঠার।
পৃথিবী নিঃক্ষতী করে তিন সপ্ত বার॥
বাল রন্ধ যুবাগণে বধিল আপনি।
মাংস মজ্জা পক্ষ হৈল, ক্ষধিরে তটিনী॥
পৃথিবীর ভার নাশ করিয়া সে জন।
শান্ত হয়ে তপশুলার গোল তপোধন॥

তেমনি গোপাদ কর্ণ সৈম্ম বিনাশিরে।
শান্ত ছইদেন কীর্ত্তিবর্মে রাজ্য দিয়ে।
বেমন বিবেক করে মোই পরাজয়।
তেমনি গোপাদ কৈল কর্ণ সৈত্য জয়।

(নেপথ্যে) কে রে ! হুরাত্মা নরাধম! আমরা জীবিত থাকিতে আমাদিগের রাজা মহামোহের বিবেক কর্ত্ত্বক পরাজয় প্রকাশ করিতেছিস্?

নট। (দাত্রেম নেপথ্যাভিমুখে) প্রিয়ে দেখ দেখ।

নটা। প্রিয়তম! আপনি কি উহাদিগকে চিনিতে পারিয়া-ছেন একি উহারা যে রাগভরে এই দিকেই আসি তেছে।

নট। প্রিয়ে! তুমি কি উহাদিগকে জাননা গতবে শোন—
রতি যার সঙ্গে করে সদা রতি রক।
হর কোপানলে হয়ে ছিলেন অনক।
মধুপানে বিঘূর্নিত যাহার নয়ন।
পুষ্প শরে মুগ্ধ করে যেই ত্রিভূবন।
পারম স্থানর রমণীর মনোহর।
সেই প্রি সন্ত্রীক আসিছে পঞ্চার।

রতি কন্দর্পের প্রবেশ।

কন্দ। জুরে পাপাত্মা নর্ত্তকাধম! আমরা জীবিত থাকিতে, আমাদিগের রাজা মহামোহের, বিবেক হইতে পরাজয় প্রকাশ করিতেছিন? নট। প্রিরে! শুন্লে ত, আমার বাব্যে কামদেব ক্রোধ যুক্ত হইয়াছেন, অত্এব এস আমরা এস্থান হইতে প্রস্থান করি।

[নট নটীর প্রস্থান।

কন্দ। আঃ পাপ নর্ত্তকাধম! অরে শোন্।

পণ্ডিতেরো সে পর্যান্ত প্রবোধ হউক।

যাবং না দেখিবেক কামিনীর মুখ ॥

কামিনী কটাক্ষ বাণ মারিবে যখন।
জ্ঞান বুদ্ধি বিবেক করিবে পলায়ন॥

মনোহর অউালিকা নবীনা কামিনী।

পূষ্প গদ্ধযুক্ত বায়ু সচন্দ্র যামিনী॥

নবীন পল্লব লতা ভ্রমর ঝকার।

কুমুমের হার কুত্তরব কোকিলার॥

অব্যর্থ এসব অন্ত্র যদি স্বংশ থাকে।

বিবেক বিবেকী হরে পড়িবে বিপাকে॥

রতি। প্রিয়তম! বিবেক কি মহারাজ মহামোহের শত্রু । কন্দ। প্রিয়ে! বিবেক মহামোহের শত্রু বটে, * তাহাতে স্ত্রী-স্বভাব প্রযুক্ত তুমি কি ভয় পাইয়াছ? দেখ

> যক্তপি আমার ধমুর্ব্বাণ পুষ্পময়। শেল খুল শক্তি য**ি** ডিন্দিপাল নয়।

[•] अर्था ६ मिएराइमा स्टेटन फाउडामछ। थाएक मा।

ত্তথাপি কিন্তর মর বানর চমর।
বিজ্ঞাধর অপসর অমর বিষধর॥
পশু পক্ষী প্রভৃতি যতেক সচৈতন।
দক্তিয়তে আমার আজ্ঞা পারে কোন জন?॥

তাহাও দেখ-

অহল্যার উপপতি হৈল স্থরপতি।
আপন তনরা প্রতি ধার প্রজ্ঞাপতি॥
গুক্দার গমন করিল নিশাপতি।
কোন কর্ম না করিতে পারে রতিপতি।
অতএব রতি তুমি দূর কর ক্রম।
বিলোক বিজয়ে মম নাহি পরিশ্রম॥

রতি। প্রিয়তম! আপনি যাহা কহিলেন সে সকলি সত্য বটে,
তথাপি বলবৎ সহায় সম্পন্ন শত্রুকে ভয় করিতে হয়।
আমি শুনিয়াছি যে, রাজা বিবেকের যম, নিয়ম
প্রভৃতি অতি বলবান অমাত্য আছে।

কন্দ। হাঁ আমি জানি, রাজা বিবেকের যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, এবং সমাধি এই আট জন অমাত্য আছে। কিন্তু আমাদিগের সম্পর্ক মাত্রে সে সকলেই অতি শীদ্র পলায়ন করিবে। দেখ—

> অহিংসা কেমনে থাকে কোপের অথ্রেতে। ব্রহ্মসর্ব্য কোথা থাকে জামার সাক্ষাতে॥ অচের্ব্যি অপ্রতিগ্রহ সূত্য কোথা থাকে। লোভ আসি সম্বরে আঞ্চয় করে যাকে॥

আর যদিচ উক্ত যম নিয়মাদি আট জন যোগসাধনের প্রধান সহায়, তথাপি চিত্তবিকার উপস্থিত হইবামাত্র উহারা পলায়ন করিবে। এবং আমার সম্পর্কমাত্র চিত্তবিকারও অবিলয়ে উপস্থিত হইবে। † আরও ঐ আট জনের বিনাশকান্নিণী প্রধান দেবতা কামিনী। দেখ—

দূরে থাক্ কামিনীর কটাক্ষ পতন।
দরশন মধুর বচন সম্ভাবণ॥
পায়োধর মর্দ্ধন চুম্বন আলিঙ্গন।
মনের বিকার হয় করিলে স্মরণ॥

বিশেষতঃ এই অফ জন, আমাদিগের স্বপক্ষ মদ
মাৎসর্য্যাদির বশীভূত হইয়া আমাদিগের রাজা মহামোহের মন্ত্রী অধর্মকে শীদ্র আশ্রায় করিবে। অতএব
আমি আর কামিনী থাকিতে, তুমি বিবেক আর তাহার
অমাত্যদিগকে কোন প্রকারে ভয় করে। না।

রতি। জীবননাথ! আর এক কথা জিজ্ঞাসা করি, আমি শুনিয়াছি যে, তোমাদিগের আর তোমার বিপক্ষ শম দমাদির এক উৎপত্তি স্থান, অর্থাৎ এক বংশ।

কন্দ। প্রিয়ে! কি বল্লে এক উৎপত্তি স্থান ই । জনক অভিন্ন বটে, কিন্তু জননী ভিন্না।

তাহা বলি শোন— পরমান্তা পরম পুৰুষ পরাৎপর। যাঁহাকে বেদান্তে কহে পরম ঈশ্বর॥

[†] कर्षा कारमारसक इवेटन शाम शावनावि व्वेटक शास्त्र मा।

क्षेत्र पर

যালার গুলকে এক জন্মেছে নক্ষন।
ইত্রির প্রধান যিনি যাঁর নামু মন ॥
প্রারতি নির্ভি ছুই মনের রমণী।
প্রারতি-প্রধান-পুত্র মহামোছ যিনি ॥
নিরতি-নন্দন পরে জন্মিল বিবেক।
এই ছুই বংশ র্জি ছুইল জনেক॥

রতি। প্রিয়তম! যদি নির্ন্তির সম্ভানেরা তোমাদিগের জ্রাতা, তবে কেন তোমাদিগের সহিত তাহাদিগের এত বৈর ? কন্দ। প্রিয়ে! তাকি জ্ঞাননা?

বিমাতৃনন্দন কিষা জাতা সহোদর।
এক দ্রব্যে অভিদাব করে পরস্পর॥
তরিমিত বিসম্বাদ হর উপস্থিত।
কুষ্ণ পাণ্ডবের যুদ্ধ জগতে বিদিত॥

আরও বলিশোন। আমাদিগের পিতার স্বোপার্জিত এই জগং। আমরা পিতার প্রিয় সন্তান, একারণ আমাদিগের অধিকার প্রায় সর্বাত্ত হইরাছে। স্কৃতরাং বিবেক প্রভৃতি অপ্রিয় সন্তানেরা অতি দীন ভাবাপন্ন হইরা, পিতার আর আমাদিগের, বিনাশের চেকা করিতেছে।

রতি। (হত্তবয়ে কর্ণ আচ্ছাদিত করিয়া) ছি! ছি! এমন পাপ কুথা শুনিতে নাই। প্রিয়তম! আর এক কথা জিজ্ঞাসা করি, কি নিমিন্ত সেই পাপিষ্ঠ বিবেকাদি এমন পাপ কর্ম করিতে উদ্যত হইয়াছে? যাহা হউক বড় ভীতা হইলাম। ডাল তোমাদিগের পরাজয়ের নিমিত্ত তাহারা কি কোন উপায় চেষ্টা করিয়াছে ?

কন্দ। তাহার কিছু নিগুঢ় কারণ আছে।

রতি। তাহা কি প্রকাশ করিতে কোন বাধা আছে?

কন্দ। প্রিয়ে! তুমি স্ত্রী-স্বভাব প্রযুক্ত ভীতা হইয়াছ, তন্ধি-মিত্ত গোপন করিতেছি; কিন্তু সে বড় ভয়ানক নহে। রতি। তাহা কি বলিবে না?

কন্দ। প্রিয়ে! ভয় নাই, সেই হতভাগাদিগের আশাস্কৃচক একটা কথা আছে যে, আমাদিগের কুলে কালরাত্রি-ভুল্যা বিদ্যা নামে একটা কন্যা রাক্ষদী জন্মিবে।

রতি। হায়! হায়! কি সর্বনাশ! তোমাদিণের কুলে রাক্ষ্মী জন্মিবে শুনিয়া যে আমার হৃৎকম্প হইতেছে।

কন্দ। তুমি কেন রথা আশস্কা করিতেছ, সেটা কেবল কথা মাত্র।

রতি। ভাল সে রাক্ষ্মী জন্মিয়া কি করিবে? কন্দ। এই রূপ একটা আকাশ্বাণী আছে।

নারী সন্ধ বিবর্জিত পরমাত্মা যিনি।
মারা নামে আছে এক তাঁছার রমণী।
সঙ্গম রহিত হইরাও সেই মারা।
অক্ষেতে লাগিরা মাত্র ঈশ্বরের ছারা।
তাহাতেই মনের হরেছে সমুদ্ধব।
মন হৈতে জগতের হরেছে সন্তব।
প্রবৃত্তি নির্ভি ত্বই মনের রমণী।
বিবেক নির্ভি পুত্র শুনেছ আপনি।

বিবেকেরে সজে লয়ে মন মহামতি।
উপনিষদের সজে করাইবে রুতি॥
ভাহাতে জান্মিবে কঞা বিজ্ঞা নাম তার।
কাম ক্রোধ লোভ আদি করিবে সংহার॥
ব্রহ্মচর্ব্য দর। ক্রমা ধৈর্য বিবেচনা।
মন মারা ধর্মাধর্ম কেছ থাকিবেনা॥

- রতি। (সভয়ে কাঁপিতে কাঁপিতে) রক্ষাকর, রক্ষাকর। (হতত্ত্বে কন্দর্পকে ধারণ)।
- কন্দ। (রতির হস্ত ধারণ করিয়া) প্রিয়ে! ভয় নাই, ভয় নাই, আমরা জীবিত থাকিতে বিদ্যা কোন প্রকারে জন্মিতে পারিবে না।
- রতি। প্রিয় নাথ! সেই বিদ্যা রাক্ষ্সী জন্মিয়া কি ধর্মাধর্ম হয়েরি বিনাশ করিবে?
- কন্দ। হাঁ! পরমেশ্বর প্রতি মতিবিধায়িনী বিদ্যা (তত্ত্বজ্ঞান) জন্মিলে ধর্মাধর্ম হয়েরি বিনাশ (মুক্তি) হয়।
- রতি। সেই বিদ্যা রাক্ষ্সীর উৎপত্তিতে কি বিবেকাদি সম্মত আছেন ?
- কন্দ। হাঁ! সেই বিদ্যাকে এবং তাছার জাতা প্রবোধচক্রকে বিবেক দ্বারা উপনিষদ্দেবীতে উৎপন্ন করাইবার জন্য শ্যদ্যাদি সকলেরি বিলক্ষণ উদ্যোগ আছে।
- রতি। কি আশ্চর্য্য! আপনাদিগের বিনাশকারিণী বিদ্যার উৎপত্তির জন্য সেই বিবেকাদি কেন এত চেফা করি-তেছে?
- কন্দ। (হাত পুর্বক) প্রিয়ে ! তুমি তাকি জাননা ? যাহার।

কুলক্ষয়ে প্রবর্ত্ত হয়, তাহারা ত আপনাদিগের বিনাশের ভয় করে না। • দেখ—

স্বভাবে মলিন আর বক্ত যেই হয়।
আত্মবংশ ধংস সেই কররে নিশ্চয়॥
আয়ি হৈতে ধূম উঠে গগণ মণ্ডলে।
সেই ধূম মেঘ হয়ে অগ্নি নাশে জলে॥
আগ্নি নাশ করি করে আপন মরণ।
পাপিষ্ঠ বিবেক আদি জানিবে তেমন॥

সুমতির সহিত বিবেকের আগমন।

বিবে। (কন্দর্পের প্রতি) অরে পাপাত্মা হুরাচার! তুই আমা-দিগকে পাপিষ্ঠ কহিতেছিস্? অরে! উচিত কথা শোন।

> গুৰু যদি হন বহু দোবের ভাজন। তাঁহাকে তথনি ত্যাগ করিবে স্বজন॥ ইহাতে আছ্য়ে শাস্ত্র পুরাণ প্রমাণ। দোষ যুক্ত গুৰু ত্যাগ করাই বিধান॥

অরে! আমাদিগের পিতা মন, অহস্কারপাশ দারা জগৎপতি পরমাত্মাকে বন্ধন করিয়াছেন, এবং মহামোহ প্রভৃতি সেই মনকে স্তুদ্দ বন্ধন করিয়াছে, অতএব এমন দোষ যুক্ত মনকে ত্যাগ করাই উচিত। কন্দ। (রতি প্রতি) প্রিয়ে! ইনি আমাদিগের কুলজ্রেষ্ঠ জগৎ-বঞ্চক, সুমতিরমণীর সহিত আগমন করিয়াছেন। ইহাঁর নাম বিবেক।

মহামোহ রাজার প্রতাপে হরে জন।
মানহীন মানী তুল্য হরেছে ক্লশাল।
ক্লশালী সমতি সলে এসেছে ইহার।
এ স্থানেতে আমাদের থাকা নহে আর॥

অতএব চল আর আমাদিগের **এস্থানে পাকা উচিত** নহে।

্রিতি কন্দর্পের প্রস্থান।

বিবে। প্রিয়ে! ঐ দ্রশ্বখ বটু ত্রাহ্মণের মন্ততার কথা শুন্-লে ত, ও আবার আমাদিগকে পাপিষ্ঠ কছে।

সুম। মহারাজ! আপনার দোষ কি কেহ আপনি দেখিতে পায়?

विद्य । श्रिप्त ! स्म कथा मङ्ग वर्ष्ट । स्थ-

কাম অহস্কার আদি হুফ্ট কয় জন।
মোহাদি বিষম পাশ করিয়ে গ্রেছণ।
চিদানন্দময় জগৎ পতি নিরঞ্জন।
বলে ছলে অকেশিলে রেখেছে বন্ধনে।

এমন ত্র তেরা পুণ্যকারী হইল, আর আমরা সেই পরমেশ্বের পাশ মোচনে যত্নবান্ হইরাছি বলিয়া পাপ্কারী হইলাম, কি আশ্চর্য্য! এই কথায় কি উহারা জয়ী হইবে?

সুম। মহারাজ ! আমি শুনিয়াছি, গরমাত্মা সহজানন্দ সুন্দর-স্বভাব, এবং নিত্য জ্যোতিঃ দ্বারা ত্রিভ্বন উজ্জল করিতেছেন, তবে ঐ হৃষ্ট অহঙ্কারাদি তাঁহাকে কি প্রকারে বন্ধন করিয়া মহামোহ সাগরে নিমগ্র করি-য়াছে?

বিবে। সে সত্য বটে। তবে শোন—

যদি হর শান্ত দান্ত নিতান্ত স্ক্রেন।
ক্ষমা দরা ধৈর্য্য নীতি শাক্রের ভাজন।
তথাপি কামিনী সঙ্গ এমনি বিষম।
দূরে যায় ধৈর্য্য শান্তি নীতি পরাক্রম।
মায়া সঙ্গে রঙ্গে পরমান্তা মহাশর।
বিস্মৃত হইয়া আক্রাদিত মহোদয়।

সুম। ভাল মহারাজ! যৎকিঞ্চিৎ অন্ধকার কি সুর্য্যদেবকে আক্ষাদিত করিতে পারে?

বিবে। কখনই নছে।

স্থম। তবে সেই তেজঃপুঞ্জ পরমাত্মাকে, মায়া কি প্রকারে আচ্ছাদিত করিয়াছে?

বিবে । প্রিয়ে! তুমি যে কথা জিজ্ঞাসা করিলে, তাছা বিচারের অগম্যা, কিন্তু তাছাতে একটু সুক্ষ্ম বিবেচনা আছে, যেমন পরমাসুন্দরী বেশ্যা, নানা প্রকার বেশ ভূষণ ধারণ করিয়া লাবণ্যময়ী নয়ন-ভঙ্গি দ্বারা পর-পুরুষের মন আকর্ষণ করিয়া প্রতারণা করে, সেই রূপ , অঘটনঘটনকারিণী মায়া, অসৎ পদার্থ সকলের দুর্শন দ্বারা ঐ পরমাত্মাকে প্রতারণা করিতেছে। দেশ—

স্ফটিক মণির স্থায় আত্মা উজ্জ্বলিত। মায়া তাঁরে করিতে না পারে আচ্ছাদিত॥ শ্বভাৰতঃ প্রমাত্মা অধিকারী হয়।
মারা নারী সঙ্গে হয় বিকার উদয় ॥
যন্তাপি তাঁহার তেজ না হয় অক্সধা।
তথাপি নারীর সঙ্গ করে চঞ্চলতা॥

সুম। মহারাজ! এরপ সদানন্দ পরমাত্মাকে, মারা এপ্রকার প্রতারণা কেন করিতেছে?

বিবে। প্রিয়ে! সে কেবল ক্সীস্বভাব প্রযুক্ত। দেখ-

সংযোহন মদন ক্ষোভন বিড্মন।
বিষাদন রমণ ভর্মন উচাটন।
নরের হৃদয়ে প্রবেশিয়া নারীগাণ।
কোন্ কর্ম কবিতে না পারে অনুক্ষণ।

অতএব প্রিয়ে, মারা যে পরমাত্মার প্রতি এরপ ব্যবহার করিবে তাহা আশ্চর্য্য নহে। বিশেষতঃ এ বিষয়ের আরও কিছু নিগৃঢ় কারণ আছে।

সুম। সে কি রূপ ?

বিবে। প্রিয়ে! তাছাও জানিতে ইচ্ছা কর ^१ তবে একটু স্থির ভাবে শ্রুবণ কর, মায়া বিবেচনা করিয়াছিলেন যে, তিনি নিজে ত প্রাচীনা হইয়াছেন, এবং তাঁছার পুরুষ পরমাত্মাও স্বভাবতই বিষয়রসে বিমুখ, একারণ তাঁছার সৃস্তান মনকে সেই পরমাত্মার পদে সংস্থাপন করিবেন। মনও আপন মাতা মায়ার ঐ রূপ অভিপ্রায় জানিতে পারিয়া স্বয়ং পরমাত্মার নিকটবর্তী বলিয়া, যেন পরমাত্মার সহিত একাকার হইলেন, এবং নবদার বিশিষ্ট শরীররূপ গৃহ সকল নির্মাণ করিলেন। তৎপরে— এক আত্মা ভিন্ন ভিন্ন করে সেই মন।
সেই সেই গৃহ মধ্যে করিরা ছাপন ॥
আপনিওঁ ভিন্ন ভিন্ন হরে নিরন্তর।
সেই গৃহ মুধ্যে কর্ম করেন বিস্তর॥
ভার প্রতিবিদ্ব লাগে আত্মার অঙ্গেতে।
লোকে যেন প্রতিমূর্ত্তি দেখে দপর্ণেতে॥
আত্মাই করেন কর্ম এই জ্ঞান হয়।
আত্মার কর্ত্ত্ত কিন্তু বাস্তবিক নয়॥
ক্রাটিকে লোহিত জ্ঞান জবার আভায়।
আত্মা যে করেন কর্ম জান ভার আভায়॥

- সুম। হাঁমহারাজ ! এক্ষণে বুঝিলাম, যেমন মাতা তার উপ-যুক্ত পুত্র বটে। তার পার আত্মা কি করিলেন?
- বিবে। তার পর আত্মা আপন পৌত্রকে অর্থাৎ মনের পুত্র প্রবৃত্তির গর্ভজাত অহঙ্কারকে ক্রোড়ে লইরা, অবিদ্যা-মরী নিদ্রায় অভিভূত হইয়া নানা প্রকার স্বপ্ন দেখিতেছেন।
- সুম। পরমাত্মা অবিদ্যাময়ী নিদ্রোয় অভিভূত হইয়া স্বপ্ন দেখিতেছেন, এ কথার ত কিছুই ভাব বুঝিতে পারিলাম না। পরমাত্মার আবার স্বপ্ন কি? আর তিনিই বা কি স্বপ্ন দেখিবেন?।
- বিবে। পারমাত্মা এইরপ স্বপ্ন দেখিতেছেন, যথা .

 এই আমি মম পিতা আমার জননী।
 ভূমি স্থাব্যা ভূষা ভাতা কবন ভগিনী॥
 পুত্র মিত্র ধন-ধাক্ত ধেনু পারিবার।
 বিপনি বাহন বন সকলি আঘার॥

তিনি এই রূপ যে সকল স্বপ্ন দেখিতেছেন তাছাও তাঁছার সেই পৌত্র অহঙ্কারের প্রতিবিদ্ধ মাত্র।

সুম। ভাল মহারাজ! আর এক কথা জিজ্ঞানা করি, পরমান্মা যদি নিদ্রোগত রহিলেন, তবে কি প্রকারে প্রবোধের জন্ম হইবে?

বিবে। (লজ্জানন্তমুখে অবস্থিত।)

সুম। মহারাজ ! ক্যান আপনি অবোবদন হইয়া কথা কহিতেছেন না ?

বিবে। প্রিয়ে! সপত্নীর কথা শুনিলে স্ত্রীলোকদিগোর স্বভা-বতই ইর্ঘা জন্মে, এজন্য আমি তোমার নিকট সে কথা প্রকাশ করিতে শহ্নিত হইতেছি।

সুম। ও মহারাজ! আপনি ।ক আমাকে সামান্যা স্ত্রীলোকের ন্যায় গণ্য করিলেন গ্রীলোকেরা সপত্নীর প্রতি
ইর্ষা করিয়া থাকেন তাহা সত্য বটে, কিন্তু আমার সে
ইর্ষা নাই, যে হেতু আমার নাম সুমতি।

বিবে। (নহর্ষে) প্রিয়ে! তবে কি রূপে প্রবোধচন্দ্রের জন্ম হইবে তাহা বলিতেছি শোন—

উপনিধদেবী মম আছে যে রমণী।
বহু দিন বিজেদে সে হয়েছে মানিনী॥
তার সজে সহবাস আছে সস্তাবনা।
আদা শান্তি হুই দূতী করিবে ঘটনা॥
তুমি যদি কিঞিৎ স্থাছির হুও মতি।
তবেও জ্বাতে পারে প্রবোধ সন্তাতি॥

সুম। হে জীবননাথ! যদি প্রবোধ সস্তান জন্মে, তবেত

আমাদিণের প্রভু পরমাত্মার বন্ধন মোচন ছইবে, অন্তঞ্জর তুমি চিম্নকাল উপনিষদ্দেবীতে রত হইরা থাক, তাহাতে আমি জৃত্যন্ত সম্ভুক্তা আছি। বিবে। প্রিয়ে সুমতি! তুমি যদি এমন প্রসন্ধা হইরাছ, তবেত আমাদিণের বাঞ্চা প্রায় সিদ্ধ হইরাছে। দেখ—

অন্বিভার পরমান্তা নিজ নির্বিকার।
ক্রিভুবন ব্যাপ্ত, তিনি প্রাভু সবাকার॥
তাঁছার করয়ে ভেদ প্রার্তি নদ্দন।
শরীর মন্দির ভেদে করয়ে ছাপন॥
প্রবোধ জন্মিলে শান্তি পাবে দুফ বত।
প্রাণান্তিক প্রায়ন্তিত ছবে বিধি মত॥
আত্মার অভিন্ন রূপ দেখিবেক লোক।
শম দম প্রভৃতি ছইবে প্রয়োজক॥

এবং দেই প্রবোধের উৎপত্তির প্রধান কারণ ইন্দ্রির-বশীকরণ। অতএব প্রিয়ে! আইস আমরা এইক্ষণে সেই ইন্দ্রিরবশীকরণের নিমিত্ত শম দমাদিকে বারাণসী প্রভৃতি তীর্থে প্রেরণ করিবার চেষ্টা করি।

্ডিভয়ের প্রস্থান।

ইভি সংসারাবভার নামক প্রথমায়।

षिতীয় অक।

000

(রঙ্গভূমি বারাণসী।)

मरखन थरवन।

দন্ত। (উদ্দেশে) মহারাজ মহামোহ আমাকে আজ্ঞা করিয়াছেন যে, "আমাদিগের কুল ক্ষর কারক প্রবোধচন্দ্রের
উৎপত্তির নিমিত্ত, বিবেক, শম দমাদিকে বারাণসী
প্রভৃতি তীর্থে প্রেরণ করিয়াছে। অতএব তুমি
কামাদিকে সমিব্রারে লইয়া পৃথিবীর মধ্যে উৎকৃষ্ট
মুক্তিক্ষেত্র বারাণসীতে গমন করিয়া ত্রন্ধানীর কৈবল্যবিদ্যের নিমিত্ত যত্ন কর"। এইক্লণে আমি এই বারাগসীতে আগমন করিয়া মহারাজের আজ্ঞান্ত্রসারে
বিশিক্ট রূপে শাসন করিয়াছি। আমার শাস্তিক
ব্যক্তি সকলে এইরূপ ব্যবহার করিতেছে। যথা—

বেস্তালরে মদগদ্ধে আমোদিত হয়ে।
কাদহরী পানে মত্ত বারাজনা লয়ে॥
রতিরক্ষ মছোৎসবে রক্ষমী পোহার।
দিবসে তপানীবেশ লোকেরে দেখার॥
কেহ হর অগ্নিহোত্তী কেহু ব্রন্ধচারী।
কেহু বানগ্রন্থ হর কেহু দেওধারী॥

এইরূপে লোক সবে করে ধৃর্ত্তপনা। জগৎ বঞ্চনা ক'রে করে প্রতারণা॥

(পূর্ব্ব দিকে দৃষ্টি করিয়া) এ ব্যক্তি কে? ভাগীরথী তীর হইতে এই দিকেই আদিতেছে। ইহাকে ত আমি চিনিতে পারিতেছি না, ইহার আকার এইরূপ বোধ হইতেছে।

অভিমানে কলেবর অনল সমান।
গ্রাস করে ত্রিভুবন করি অনুমান॥
বাক্বাণে বিদ্ধা করে নাহি করে ভয়।
রাজার আাত্মীয় হবে এই মহাশয়॥

অন্থ্যান করি এ ব্যক্তি দক্ষিণ রাচ দেশ হইতে আদি-তেছে। ভালই হইল, ইহার নিকট পিতামহ অহস্কা-রের রুভাস্ত জানিতে পারিব।

অহঙ্কারের প্রবেশ।

আহ। (উদ্দেশে) আরে! জগতের লোক সকলেই মুর্খ। যেহেতু—

> প্রাভাকর গুরু মত কেছ জোনে নাই। তেতিলিক ভট্ট মত কেছ জানে নাই॥ না পড়িল ফ্রায় শাস্ত্র কাল গোল রখা। সতরাং নান্তিক মতের কিবা কথা॥ না পড়িল পাতঞ্জল মীমাংসা না জানে। পশু ভুল্য মর সবে রয়েছে কেমনে?॥

(এক দিকে দৃষ্টি করিরা) এই যে লোক সকল অধ্যয়ন করিতেছে, সে কেবল অর্থোপার্জ্জনের নিমিত্ত, কিস্তু কোন জ্ঞান নাই।

(অপর দিকে গমন করিয়া) এই যে ত্রন্ধচারী সকল, ইছারা কেবল ভিক্ষার নিমিত্ত মস্তক মুগুন করিয়া কপট ব্রত ধারণ করিয়াছে, আর আপনাকে জ্ঞানী জ্ঞান করিয়া বেদাস্ত শাস্ত্র পাঠ করিতেছে।

(হাস্ত পূর্ব্বক)

প্রত্যক্ষাদি প্রমাণেতে সিদ্ধ যে সকল। বেদান্ত বিৰুদ্ধ বাদী করয়ে বিকল॥ এমত বেদান্ত যদি শাক্ত বলে মানি। তবে বৌদ্ধ মত কি করেছে কার হানি।

(অন্ত দিকে দৃষ্টি করিয়া)

গঙ্গাতীর তরঙ্গ সঙ্গত শিলা যত।
তাহাতে বসিয়া দণ্ডী জপে অবিরত ॥
কাহার কি হরণ করিবে রজনীতে।
তাহাই গণনা করে মালা লয়ে হাতে॥

(কিঞ্ছিৎ গমন করিয়া অগত) ঐ যে আশ্রম দেখিতেছি, উহাতে উচ্চ দণ্ডের উপরি শুক্ল পতাকা সকল উড়ি-তেছে, মুগচর্ম সকল চতুর্দ্দিকে ব্যবধান রহিয়াছে, এবং হোমকুণ্ড, উদ্খল, মুখল প্রভৃতি দেখিতেছি, এ বুঝি কোন গৃহন্থের আশ্রম হইবে ৷ ভীলই হইল, এই স্থানটী অতি পবিত্র দেখিতেছি, আমি এই স্থানেই হুই তিন দিন বাস করিতে পারি। (আশ্রমের দিকে গমন করিয়া) ২।489 মৃত্তিকা তিলক দেখি উহার কপালে।
বাহু মূলে উদরেতে আর বক্ষলে ॥
কণ্ঠ ওঠ পৃষ্ঠ আদি সর্বাচ্ছে তিলক।
চিনিতে না পারি আমি এ কেমন লোক॥
মন্তকেতে কুশাহুর বিরাজে উহার।
অবিকল দেখি যেন দন্তের আকার॥

যাহাই হউক, উহার নিকটে গিয়া জিজ্ঞান। করি। (দল্ভের নিকটে গমন করিয়া) তোমার মঙ্গল?।

मख। इँ १।

দন্তের পরিচারক এক ব্রান্মণের প্রবেশ।

পরি। (সংরাষে) তুমি কে হে! পাদপ্রকালন না করিয়া এই আগ্রামে আসিয়াছ! তুমি এখনি এন্থান হইতে গমন কর। অহ। (সংক্রোধে) আঃ এবুঝি কোন্যবন দেশে আসিয়াছি,

অহ। (গজেনে) আঃ এরাঝ কোন্ যবন দেনে আলিরাছে, এদেশে তীর্থবাসীকে পাদপ্রকালনের জল দান করেনা।

দন্ত। (হন্ত ভব্দিদারা অহস্বারকে সন্তাবণ)

পরি। ও মহাশর! এই আশ্রমস্বামী আপনাকে কহিতেছেন যে, "আপনার কুল শীল আমি কিছুই জ্ঞাত নহি"। অহ। (সজোধে) আঃ পাপিন্ঠ, তুই আবার আমারও কুল শীল

এ**কণে পরীকা** কর্বি! তবে শোন্।

বেশের উত্তম দেশ গোড় নামে দেশ।
তার মধ্যে রাচ় দেশ তাছাতে বিশেব॥
তথার উত্তম গ্রোম ভূরিশোর্তি নাম।
অতি মাক্ত মম শিতা সেই স্থানে ধাম॥

পিতার পুজের মধ্যে আমি হই মান্ত। অদেশে বিদেশে গণ্য ধন্ত ক্তপুণ্য ॥ কুল শীল জ্ঞান বৃদ্ধি আমার যেমন। জগতের মধ্যে কার আছুরে এমন॥

- দন্ত। (পরিচারকের প্রতি দৃষ্টিকেপণ)
- পরি। (তাত্রপাত্তে জল আনিরা অহস্কারের যিকট অর্পণ করিরা) মহাশয়! আপনি পাদ প্রকালন করুন।
- আহ। (স্বাড) ব্রাহ্মণে জল আনিয়াছে, তা হলইবা, আর তামপাত্রেইবা দোষ কি। (পাদ প্রকালন করিয়া দন্তের নিকট গমন করিতে উছাত)
- দন্ত । (চকুঃ যুরাইরা দন্তের কট্ কট্শব্দ করত পরিচারকের দিকে অবদোকন)
- পরি। (অহকারের প্রতি) ও মহাশয়! আপনি কিঞ্চিৎ দ্রে দাঁড়ান্, কি জানি যদি বায়ু বশে আপনার গাত্তের ঘর্মবিন্দু ঐ আশ্রমস্বামীর গাত্তে আসিয়া লাগে।
- অহ। ওহে একি আশ্চর্য্য! তোমার স্বামীর যে অপুর্ব্ব তাল্ধার।
- পরি। মহাশার! আমার প্রাভুর আক্ষণ্য এইরূপি বটে।
 কার সাধ্য প্রভুর চরণ স্পর্শ করে।
 ভূপতি সকল আসি দূরে থাকে ডরে॥
 পাছে চূড়ামণি প্রভা আসি পার লাগে।
 এই ভরে রাজাগণ না দাঁডার আগো॥
- আছ। (শগত) এ বুরি দড়ের অধিকার, যা হউক এই আসনে বসি, (নিকটছ আসনে বসিতে উল্লড)।
- পরি। (হত উত্তোদন করিয়া) হাঁ! হাঁ! আপনি করেন কি, আপনি এ আসনে বসিবার উপযুক্ত নহেন।

আহ। (সক্রোধে) আঃ পাপিষ্ঠ, ওরে মুর্খ শোন্।
তিত্তম বংশের ক্সা, আমার রমণী ধ্রুণ,
কৃত পুণ্যা গণ্যা অতি মাসা।
অধম বংশের স্থা, আছেন আমার মাতা,
পুত্রবধূ অপেক্রা সামাসা॥
সেই হেতু আমি মাস, জগতে হয়েছি ধ্রু,
পিতার অপেক্রা শত গুণে।
আমি শুচি শান্ত দান্ত, গুণবান্ লক্ষ্মীমন্ত,
মম তুল্য কে আছে ভুবনে॥
সালার পিসের মাতা, তাহার মাতুল-স্থা,

দোষ যুতা শুনি লোকে কয়। দেই দোষে নিজ ভাগ্যা, জনমের মত ত্যাজ্যা,

করিয়াছি হইয়া নির্দ্য ॥

আমি এমন শুদ্ধাচার, তথাপি এ আসনে বসিবার উপযুক্ত নহি?

দন্ত। ভাল ভাল, ওহে আগস্তুক! তুমিত নিজ রন্তান্ত প্রকাশ করিলে, এক্ষণে আগগর রতান্ত শোন।

এক দিন আমি, যাই দেব ভূমি,
ব্রহ্মলোকে উপদ্বিত।
দেব ঋষি গণ, ছাড়িয়া আসন,
নিকটেতে উপনীত॥
ব্রহ্মা সমাদরে, ডাকিয়া আমারে,
দিয়ে যে মাথার কিরে।
সলিল গোবরে, ধুয়ে নিজ উরে,
বসাইল তহুপরে॥

আহ। (বগত) এই দান্তিক আন্ধানের কি অত্যক্তি! (কিঞ্ছিং চিন্তা করিলা) তবে কি এ ব্যক্তি স্থায়ং দন্তই হইবেক। (সক্রোধে) আঃ কেন এত গর্কা করিতেছিল। অরে শোন্—

কেবা ব্ৰহ্মা, কেবা চক্ৰ, কেবা পুরন্দর। কেবা বম ত্তাশন, কেবা দিবাকর ॥ তপোবলে কত শত স্থী করি আদি। কি মাথোম কর গিরাছিলে দেব-ভূমি॥

- দত্ত। (স্থাত) আমার নিশ্চয় বোধ ছইতেছে যে, ইনি আমার পিতামহ অহকার। (প্রকাশে) কেও পিতান মহ মহাশার? আমি মহাশায়ের পৌজ্র, লোভের পুজ্র, আমার নাম দত্ত, আমি প্রাণাম করি।
- আহ। আরে এসো, এসো, ভাই এসো, চিরজীবী হও,
 আহা, তুমি দ্বাপর যুগের শেষে জন্মিয়াছ তথন তুমি
 অতি বালক ছিলে, একণে কলিয়ুগে তুমি যুবা পুরুষ
 হইয়াছ, এ জন্য তোমাকে চিনিতে পারি নাই,
 তোমাকে দেখিয়া অত্যন্ত সন্তোম হইলাম। তোমার
 পুত্র অসত্য ভাল আছে?।
- দত্ত। আজ্ঞা হাঁ, মহাশারের জীচরণ-প্রাসাদে সকলেই ভাল আছেন এবং অসত্য সর্বাদাই আমার নিকটে থাকেন, আমি অসত্যকে ছাডিয়া ক্লাকাল থাকিতে পারি নী।
- আহ। ভাল ভাল, আর তোমার পিতা লোভ এবং তোমার মাতা তৃষ্ণা তাঁহারাও কি তোমার নিকটে আছেন?।
- দন্ত। আজা হাঁ, মহারাজ মহামোহের আজ্ঞান্তুসারে তাই।-

রাও সর্বাদা আমার নিকটে থাকেন। মহাশরের কি নিমিত্ত এ স্থানে আগমন হইয়াছে?।

আহ। ওহে ভাই! আমি শুনিয়াছি যে বিবেকের নিকটে, মহারাজ মহামোঁহ পরাজিত হইবেন। তাহারি রুত্তান্ত জানিবার জন্য আমি এখানে আসিয়াছি।

দন্ত। আমি শুনিয়াছি যে, মহারাজ মহামোহ বারাণসীতে আগমন করিবেন।

অহ। ভাল মহারাজ মহামোহের বারাণসী আগমনের কোন কারণ জানিতে পারিয়াছ ⁸।

দন্ত। আজ্ঞা হাঁ, মহারাজের এ স্থানে আগমনের কারণ নিবেদন করিতেছি।

বারাণসী ব্রহ্মপুরী শিবের নিবাস।
ব্রহ্ম-জ্ঞানী লোক যত তথা করে বাস॥
বিজ্ঞা আর প্রবোধের সেই জন্মস্থান।
কাম ক্রোধ লোভাদির নাই অধিষ্ঠান॥
তথার বিবেক রাজা আসিবে শুনিরে।
মহামোহ আসিবেন দল বল লয়ে॥
মহামোহ করিবে বিবেক পরাজয়।
তাহাতেই বিবেকের হবে কুলক্ষয়॥
কাম ক্রোধ লোভাদির হবে প্রাত্তরিব।
বিজ্ঞা আর প্রবোধের না হবে উদ্ভব॥

আছ। হাঁ জানিলাম, লোকদিগের তত্মজান বিষয়ে প্রতি-বন্ধক ঘটাইবার নিমিত্ত মহামোহ বারাণদীতে আগমন করিবেন। কিন্তু দে অতি কঠিন কর্ম। যেহেতু— মহাযোগী, মহাজ্ঞানী, মহা মহেশ্বর।
মহেশ্বরী সহ কাশী বসি নিরক্তর॥
যে জন কাশীতে আসি হয় ত্রিয়মান।
তাহারে করেন শিব ডড়জ্ঞান দান॥

দন্ত। আপনি যাহা কছিলেন সে কথা সত্য বটে, তথাপি বিবেকের পরাজয় হইলেই কাম ক্রোধাদির প্রাত্নভাব হইবে, সূতরাং লোক সকল কাম ক্রোধাদি মুক্ত হইলে কাশীবাসের সমুদায় ফল পাইবে না, অতএব তত্মজানও হইবে না। দেখুন—

হস্ত পদ প্ৰভৃতি ইন্দ্ৰিয় যার বশ।
স্থকীৰ্ত্তি তপক্তা থাকে আর থাকে যশ॥
শুদ্ধ ভাবে শুদ্ধ মনে যদি তীর্থে যায়।
সেই জন তীর্থের সকল ফল পায়॥

(মুর্খতার প্রবেশ)

মূর্য। ওহে নগরবাসী লোক সকল! তোমরা সাবধান হও, আমি নিশ্চয় বলিতেছি মহারাজ মহামোহ বারাণসীতে আগমন করিতেছেন। জতএব তোমরা—

ক্ষটিক মণি রচিত রাজ সিংহাসন।
চন্দনের জল দিয়ে কর প্রকালন॥
পূসা মালা যুক্ত কর তোরণ সকল।
রাজ পথে জল দিয়া করহ শীতল॥
থেত, রক্ত, পাণ্ডু, রুষ্ণ, ধূর্ম, নীল, পীত।
পতাকার অটালিকা কর স্পোভিত॥

দন্ত। ওগো পিতামহ মহাশয়! মহারাজ মহামোহ এ স্থানে আগমন করিতেছেন। (সকলেই সমন্ত্রনৈ গাজোপান।)

ডক্ষা বাজাইরা মহামোহের প্রবেশ।

মহা। (হাস্ত পূর্মক) ওরে! জগতের লোক সকলেই নির্ব্বোধ, ধর্মাধর্ম কর্ত্তব্যাকর্ত্তব্য কিছুই বুঝিতে পারে না। এক্ষণে আমার নিজ মত প্রকাশ করিতেছি প্রবর্গ কর।

দেহ ভিন্ন জাত্মা এক মূর্ত্তি জাছে ব'লে।
সেই হেতু যাগ যজ্ঞ করয়ে সকলে॥
সেই আত্মা ফল ভোগী হইবে তাহার।
আকাশ তক্তর ফল, প্রত্যর ইহার॥
জগতে আকাশ তক্ত যেমন অলীক।
তাহার যে ফল ফুল, তাহাও অলীক॥
সেই রূপ যাগ যজ্ঞ সকলি অলীক।
পরলোকে স্থা ভোগ তাহাও অলীক॥
পরলোক পরকাল, তাহাও অলীক।
সেহ ভিন্ন আত্মা আছে, তাহাও অলীক।

তথাপি মূঢ় ব্যক্তি সকল পুরাণাদি শাস্ত্র বিরচিত করিয়া, তাহার দ্বারা জগৎকে বঞ্চনা করিতেছে। যেমন—

> যাহা নাই আছে তাই এই মিখ্যা কর। আন্তিক বলিয়া লোকে প্রশংসে তাহার। সত্যবাদী হইয়া মান্তিক হইলাম। নির্কোধেরা দেখিতে না পার পরিণাম॥

দেহ ভিন্ন আন্ত্ৰা কেবা দেখিরাছে কবে।
দেখাইতে পারিলে প্রত্যর করি তবে।
দেহ নাশ সময়ে যাইবে পঞ্চ পঞ্চে।
পারলোকে ফল ভোগা হরে ব'লে বঞ্চে।
কেবল জগৎবঞ্চনা নহে, আপনারাও বঞ্চিত হইতেছে।
দেখ—

হস্ত পদ মুখ চকু: তুল্য সবাকার।
বাক্ষণ ক্ষত্রির আদি ভেদ কি তাহার ।
এই ধন পরের এ পরের রমণী।
ইহা ভেবে আপনাকে বঞ্চরে আপনি ॥
ধনের গ্রহণে আর কামিনী গমনে।
কার্য্যাকার্য্য বিবেচনা করে মুঢ় জনে ॥

জগতে যত প্রকার শাস্ত্র আছে, তন্মধ্যে বৌদ্ধশাস্ত্রই
সর্ব্ব প্রকারে উত্তম । যাহাতে প্রত্যক্ষই প্রমাণ।
আর তেজ, বায়ু, জল, পৃথিবী এই চারি বস্তু, এবং
রূপ, রস, গন্ধাদি যে সকল বস্তুর প্রত্যক্ষ হয় তাহাই
প্রামাণিক, তদ্ভিন্ন স্বর্গ, নরক, আত্মা, জন্মান্তর প্রভৃতি
যাহাদিগের প্রত্যক্ষ হয় না, সে সকলি মিথ্যা। আমাদিগের এই অভিপ্রায় জ্ঞাত হইয়া, বহস্পতি নামে
কোন পণ্ডিত, নাস্তিক গ্রন্থ বিরচিত করিয়া নাস্তিককে
স্পর্পণ করিয়াছেন, নাস্তিক শিব্যোপশিষ্য দ্বারা সেই
শাস্ত্র জগতে প্রচলিত করিয়াছেন, সেই নাস্তিক শাস্ত্রও
উত্তম।

শিষ্যের সহিত নাস্তিকের প্রবেশ।

নান্তি। ওছে বাপু শিষ্য! তুমি জান অর্থ শাস্ত্রই প্রক্নত বিদ্যা, আর কর্ম-কাণ্ড বোধক যে বেদাদি শাস্ত্র, সে কেবল ঘূর্ত্তদিগের প্রলাপ মাত্র। দেখ— ২1,4% ব.

যজের সামগ্রী নাশ যজের বিনাশ।
তার ফল হয় যদি পরেতে প্রকাশ।
দাবানলে দগ্ধ রক্ষে তবে ফল হয়।
এমন প্রলাপ বাক্যে কে করে প্রত্যয়।
মরেছে যে জন তার প্রান্ধ করে লোকে।
তাহাতে তাহার যদি তৃপ্তি পরলোকে।
নির্বাণ প্রদীপ পাত্রে তবে তৈল দিলে।
সে তৈলেতে সেই দীপ কেন নাহি জলে।

শিষ্য। আচার্য্য-মহাশয়! যাহা ভোজন করিলাম, যাহা পান করিলাম, কিয়া কামিনী সম্ভোগ প্রভৃতি যাহা সুখভোগ করিলাম, তাহাই যদি সত্য, এবং পরলোকে শুভাশুভ কর্মের ফলভোগ যদি মিধ্যা, তবে তপস্বী সকল ঘোর-তর কঠোর ত্রত দ্বারা কেন ক্লেশ পাইতেছে?।

নান্তি।বাপুছে! পরলোকে যে সুখ ভোগ, দেটা কেবল

' আশামোদকের ন্যায় তৃপ্তি জনক। যেমন পিতা

মাতা, অবোধ বালককে মোদক দিব বলিয়া প্রবোধ

দেয়, সেইরূপ পৌরাণিক প্রভৃতি প্রতারকেরা এই

কর্ম করিলে স্বর্গ হইবে, এই কর্ম করিলে নরক

ছইবে, এই রূপ প্রবোধ দিয়া মূর্খ সকলকে প্রতারণা করিতেছে। দেখ—

পর্ণাহারে নিরাহারে জীর্গ দেহ যার।
দে কি জানে কামিনীর সজে ব্যবহার॥
কত প্রখ কামিনীর সজে সহ বাসে।
কুরুদ্ধি তপস্বী লোক জানিবে তা কি সে॥
এমন প্রত্যক্ষ স্বংখ হইয়া বঞ্চিত।
অপ্রত্যক্ষ স্বর্গ ভোগা না হয় কিঞ্চিত॥
মানব জন্মের স্থা কিছুই না পায়।
কেবল তপন তাপে শরীর পোড়ায়॥

িশিষ্য। কিন্তু তপস্বী সকল এই কথা বলে যে, ছুঃখ মিশ্রিত সংসার সুখ পরিত্যাগ করাই উচিত।

নাস্তি। (হাস্থ পূর্ব্বক) এ পশুদিগের কথা। যেছেতু—
হঃখের সহিত বটে স্থখের সংসার।
কিন্তু তাহা জাগ করা মূর্খের বিচার॥
উত্তম তণ্ডুল থাকে তুবের ভিতরে।
তা বলে কি ধাস্থ জাগ কোন লোকে করে ?॥

মহা। তুমি কেহে বাপু[?] সপ্রমাণ বাক্যন্তারা আমার শ্রাবণ সুধ জন্মাইতেছ। চিরঞ্জীবী হও।

নান্তি। (মহামোহের দিকে অবলোকন করিয়া) একি! মহারাজ্ঞ ম্হামোহ এখানে উপস্থিত আছেন। (নিকটে গ্রিয়া) মহারাজের জয় হউক, মহারাজ! আমি নান্তিক, প্রণাম করি।

মহা। আরে এন, এন, আমাদিগের প্রিয়সুহৃৎ নান্তিক, তবে সকল মঙ্গল? এই আসনে বৈশ। নাস্তি। (উপবেশন করিয়া) মহারাজের মন্ধলেই আমাদিগের মন্ধল। আর কলি মহারাজকে অফীন্ধ প্রণাম জানা-ইয়াছেন।

মহা। কলি ভাল আছে ত।

নান্তি। আজ্ঞা হাঁ, মহারাজের চরণপ্রসাদাৎ সকলি ভাল।
কিন্তু মহারাজের আজ্ঞান্তুযায়ী কর্ত্তব্য কর্ম্মের কিঞ্চিৎ
অবশেষ আছে, তাহা সম্পন্ন করিয়া কলি শীদ্রই মহারাজের শ্রীচরণ দর্শন করিবেন।

মহা। ভাল ভাল, উত্তম করিয়াছে। নান্তিক তুমি জান, কলি কি কি কর্ম করিয়াছে ⁸।

নাস্তি। আজ্ঞা হাঁ, তাহা নিবেদন করিতেছি।

বেদ পথ ছাড়িয়া সকল সাধুজন।
গমন ভোজনে করে যথেফীচরণ॥
সে কেবল মহারাজ ভোমারি প্রভাবে।
কি করিতে পারে কলি ভোমার অভাবে॥*

আর পাশ্চাত্য দেশে অগ্নিহোত্রাদি যাগ যজ্ঞের প্রদ দ্বুও নাই। ক্ষচিৎ কোন দেশে সে কর্ম উপজী-বিকার্থে কিঞ্চিৎমাত্র আছে। কুরুক্ষেত্রাদি দেশে বিদ্যা ও প্রবোধোদয়ের আশঙ্কা স্বপ্নেও করিবেন না। মহা। নান্তিক, আমি তোমার নিকট কলির র্ভান্ত সকল শুবণ করিয়া অত্যন্ত সন্তুই হইলাম। কলি আমার আজামুসারে মহৎ কার্য্য সকল সাধন করিয়াছে।

[•] জাপাঁৎ মহামোছ না হইলে। কেবল কলি কৈবল্য বিদ্ন করিতে পারে না। বেহেতু কলিমুদেগও জ্ঞানী ব্যক্তির কৈবল্য হইতে পারে।

উৎক্লফ তীর্থ সকল ব্যর্থ করিয়াছে, সাধু লোকেরা বেদ বিরুদ্ধ কার্য্য সকল করিতেছে।

নাস্তি। মহারাজ! আর এক নিবেদন্ করিতেছি।

महा। कि विलाख वल।

নান্তি। মহারাজ! বিষ্ণুভক্তি নামে একটা মহাপ্রভাবা যোগিনী
আছে, যদিচ সে কলির তাড়নে অত্যন্ত ক্ষীণা হইয়াছে
এবং তাহার সর্বাত্ত গমনাগমনের ক্ষমতা নাই, তথাপি
সেই বিষ্ণুভক্তি যাহাকে অন্প্রাহ করে, তাহাকে
আমরা অবলোকন করিতেও সমর্থ হই না, অত্রেব
মহারাজ সেই বিষ্ণুভক্তির নিরাকরণার্থে কোন উপায়
করুন।

মহা। হাঁ আমি তা জানি, সেই বিষ্ণুভক্তি যোগিনী আমাদিগের অত্যস্ত অনিষ্টকারিণী বটে। কিন্তু কাম
কোধাদি বর্ত্তমান থাকিতে কখনই ভক্তির উদয় হইতে
পারিবে না। তথাপি ক্ষুদ্রে শক্রুকেও ভয় করিতে
হয়। দেখ—

ক্ষুদ্র শত্রু হইলেও ক্লেশ দিতে পারে।
যত্ন সহ পরাজর করিবে তাহারে॥
যদি ক্ষুদ্র কণ্টক চরণে বিদ্ধাহয়।
উদ্বোগ জন্মার আর বেদনা জানায়॥

অতএব তাহার একণি নিবারণ করিবার চেষ্টা করা উচিত। এখানে কে আছিস্ রে ?

অসৎসঙ্গ নামে দৌবারিকের প্রবেশ

অসং।মহারাজ আজ্ঞা করুন।

মছা। ওরে অসৎসঙ্গ, বিষ্ণুভক্তির নিবারণের নিমিত্ত কাম, ক্রোধ, লোভ, মদ, মান, মাৎসর্য্য প্রভৃতিকে শীত্র প্রেরণ কর।

অসং।যে আজ্ঞা মহারাজ।

প্রস্থান।

পত্র হস্তে অবিনয় নামে দূতের প্রবেশ।

অবি। (উদ্দেশে) আমি উৎকল দেশ হইতে আসিয়াছি, সেই
দেশে সমুদ্র সন্ধিধানে পুরুষোত্তম ক্ষেত্র নামে এক
দেবালয় আছে, সেই স্থান হইতে মহারাজ মহামোহের
নিকটে মদ, মান আমাকে প্রেরণ করিয়াছেন।
(গ্রীবা ভল্লি ছারা নিরীক্ষণ করিয়া) এই না মহারাজ মহামোহে নাস্তিকের সহিত কি পরামর্শ করিতেছেন।
(নিকটে গমন করিয়া প্রণাম পূর্বক) মহারাজের জয় হউক,
মহারাজ এই পত্র অবলোকন করিতে আজ্ঞা
হউক।
(পত্র প্রদান)

মছা। (পত্র গ্রহণ করিরা) তুমি কোথা হইতে আদিরাছ [?] অবি। আজ্ঞা পুরুষোত্তম হইতে মদ, মান আমাকে প্রেরণ করিয়াছেন। মহা। (খণত) বোধ করি পুরুষোত্তম ক্রেড আমার কোন মঙ্গল হইয়া থাকিবে, অতএক এই পত্র গোপনে পাঠ করা উচিত। নাস্তিক তুমি এক্লণে গমন কর। নাস্তি। যে আজ্ঞা মহারাজ।

প্রস্থান।

মহা। (পত্ৰ পাঠ)

মহামহিম বারাণসীর মহারাজাধিরাজ এমগ্রহানোই মহারাজ মহাশার প্রাচনগারবিদ্দ যুগলে সাফাল প্রাণিপাত পূর্ব্বক মদ মানের নিবেদন যে, গুদ্ধা এবং তাহার কলা শান্তি এই ফুই জনে দূতী হইয়া উপনিষদ্দেবীর সহিত বিবেকের সহবাসের নিমিত্ত দিবা রাত্র চেন্টা করিতেছে। এবং বৈরাগা, সকাম কর্ম সকলকে নিকাম করিবার জল্ল মন্ত্রণা করিয়া সর্বত্ব এইরপ খোষণা দিতেছে যে, "নিকাম কর্ম মোক্ষের কারণ, নিকাম কর্ম ব্যতিরেকে জীবের মুক্তি নাই" ইত্যাদি। এবং কোন কোম স্থানে ইতোমধ্যে নিকাম কর্মের প্রচারত দেখিতিছ, অতএব মহারাজ এই সকল অনিটের নিবারণার্থ যাহা কিছু উপার করা কর্ত্তব্য বোধ হয়, তাহা আদেশ করিতে আজ্ঞা হয়। ইতি।

(সকোধে) আঃ মদ, মান এমন মূর্খ, তা এত দিন জানি-তাম না, আমি জীবিত থাকিতে শান্তিকেও ভয় করে * সে কি জানে না থে—

মহামোহ অর্থাৎ অন্তানত। বংকিতে শ্রহা ও শাভির কখনই টালর হইতে
 পারে ন। ।

স্কিকপ্তা প্রজাপতি, তিনি নন শান্ত মতি,
নিজ স্থা গমনে উল্লভ ।
দেবদেব ত্রিপুরারি, দক্ষ যজ্ঞ ধংশকারী,
দদা থাকে পার্বজী সহিত ॥
কৈটভারি দানবারি, মুরারি কংসের অরি,
বংশীধারী হরি নহে শান্ত ।
আনন্ত পর্যান্ধ করি, কমলারে হৃদে ধরি,
দিল্প নীরে ভাসে অবিশ্রান্ত ॥
রত্রহন্তা শচীপতি, অহল্যার উপপতি,
শান্তিরস কিছু নাই তথা ।
এমন দেব সকল, ইহারা হয় বিকল,
অন্ত পরে শান্তির কি কথা ॥
অবিনয়! তুমি শীন্ত কামনার নিকটে গমন করিয়া

অবিনয়! তুমি শীঘ্র কামনার নিকটে গমন করিয়া কহিবে যে, "নিক্ষাম কর্মা যে প্রকার অনিষ্টকারী, তাহা মহারাজ জ্ঞাত আছেন, অতএব নিক্ষাম কর্মা সকলকে কণমাত্র বিশ্বাস না করিয়া সর্বদা দৃঢ় রূপে বন্ধ করিয়া রাখে।"

অবি। যে আজ্ঞা মহারাজ।

প্রস্থান।

মহা। ওখানে কে আছে রে।

অসংসঙ্গের প্রবেশ।

অসং। মহারাজ কি আজ্ঞা হয়।

মহা। অরে অসৎসঙ্গ শীঘ্র গিয়া ক্রোধ আর লোভকে আমার নিকটে আনয়ন কর্।

অসং। যে আজ্ঞা মহারাজ।

প্রস্থান।

হিংসার হস্ত ধারণ করিয়া ক্রোধ এবং তৃষ্ণার হস্ত ধারণ করিয়া লোভের সহিত অসৎসক্ষের পুনঃ প্রবেশ।

ক্রোধ। (লোভের প্রতি) সথে! মহারাজ মহামোহ আমাদিগকে কি জন্য আহ্বান করিয়াছেন, তাহার কিছু কারণ জান?

লোভ। হাঁ সথে আমি শুনিয়াছি, শ্রদ্ধা এবং শান্তি ইহারা হুই জনে মহারাজের শত্রুতা আচরণ করিতেছে।

ক্রোধ। আঃ আমরা বর্ত্তমান থাকিতে কার সাধ্য মহারাজের অনিষ্ট করিতে পারে।

লোভ। সথে তোমার কি ক্ষমতা আছে বল দেখি।

ক্রোধ। আমার ক্ষ্মতার কথা জিজ্ঞাসা করিতেছ। তবে শোন—

আমি ধরি যারে, অন্ধ করি তারে,
শাকিতে নগন ছটি।
দেখিতে না পাগ্ন, চারি দিকে চার,
দাঁড়ায়ে করে ক্রকটা।

প্রবণ থাকিতে, না পার শুনিতে,
কোন কথা হিডাহিত।
সচেতন জন, হর অচেতন,
হিতে,করে বিপরীত।

তাহাও দেখ---

র্ত্তামরে ইন্দ্র বধে প্রভাবে আমার।
মহাদেব কার্টিদেন মন্তক বন্ধার॥
বিশিষ্ঠ সন্তানে বধে বিশ্বামিত্র মুনি।
জ্বদায়ি ক'রে ছিল নিক্ষত্রী ধরণী॥
বিস্তাবন্ত কীর্তিমন্ত সদাচার কুল।
কণমাত্রে তার করি সমূলে নিমূল॥

এই ত আমার নিজ পরাক্রম, আর আমার পত্নী হিংসা যদি আমার সহায়া থাকেন, তাহা হইলে আমি পিতা মাতা প্রভৃতিরও বধ করাইতে পারি। দেখ—

পিশাচিনী মাতা, কোথা তার পিতা, কে বন্ধু কে পরিজন।

কেবা সহোদর, মনে নাহি ভর,

করিব শিরুশ্ছদন॥

क्कां नात्रीशाल. विश्व कीवरन,

জন্মে শক্ত যাহায়।

কুল ক্র করি, তবে ত আমারি,

মনের আগ্রন যার॥

সথে এই ত আমার ক্ষমতার কথা শুন্লে। একণে তোমার ক্ষমতার কথা শুনিতে ইচ্ছা হইতেছে। লোভ। সথে আমার ক্ষমতার কথা শুনিতে চাহ। তবে শোন—

विजीत सह।

ছত্তী জাৰা ধান্ত ধন, গোধন কি পরিজন, ভবন বসম বিভূষণ।

বছতর **আছে** যার, আমার প্রভাবে তার, অন্তে অতে থাকে অম্বেশ।

দিবা নিশি ভ্ৰমে ভ্ৰমে, জীৰ্ণ হয় ক্ৰমে ক্ৰমে, তবু ভাবে ধন পাব কোণা।

এমন চিন্তা যাছার, তাছার কি কব আরে,

সে জনের শান্তির কা কথা।

আর আমার প্রেয়নী তৃষ্ণা যদি আমার সঙ্গে থাকেন, তা হলে ত আমি না করিতে পারি এমন কর্মই নাই। দেখ—

ক্ষেত্র গ্রাম বন গিরি, নগর বাজার পুরী, পৃথিবী মণ্ডদ যদি পায়।

বন্ধাতে করয়ে আশা, তাতে না যায় প্রত্যাশা,

অনন্ত বক্ষাও লভে চায়।

লকাধিক করে ধ্যান, দিবানিশি হত জ্ঞান,

তাহাকে ভ্ৰমাই যথা তথা।

ধর্ম সোপ করি তার, অন্থি চর্ম হয় সার,

সে জনের শাস্তির কা কথা।

তৃষ্ণ। প্রিয়তম! আপনি যাহা কহিলেন এ ত আমার নিত্য কর্মা, আর আপনার আদেশ যদি পাই, তা হলে ত অনস্ত কোটি বেন্ধাণ্ডও আমার উদর পূর্ণ করিতে পারেনা।

অসং। ঐ দেখ মহারাজ নির্জ্জনে বসিয়া কি মন্ত্রণা করিতে-ছেন, চলুন আমরা সকলে তাঁহার নিকটে গমন করি। (সকলেই মহামোহের নিকটে গমন করিয়া জ্ঞোড়করে প্রণাম পূর্বক) মহারাজের জয় হউক।

মহা। এই যে ক্রোধ, লোভ, হিংসা, তৃষ্ণা সকলেই আসিয়াছে, ভাল হয়েছে, (সকলের প্রতি) দেখ, শ্রদ্ধা এবং
তাহার কন্যা শান্তি ইহারা হুই জনে আমার অত্যন্ত অনিষ্টকারিণী হইয়াছে, অতএব তোমরা গিয়া সেই
হুন্টাদিগকে যথোচিত নিগ্রহ করিয়া শাসন করিবে।
সকলেই। যে আজ্ঞা মহারাজ।

প্ৰস্থান।

মহা। (স্বগত) যদিচ শ্রেদ্ধা এবং শান্তির নিবারণার্থে ক্রোধাদিকে প্রেরণ করিয়াছি, তথাপি তাহাদিগের দমনের
জন্য আরও কিছু বিশেষ উপায় করা আবশ্যক।
(চিন্তা করিয়া) হাঁ নাস্তিকতা নামে যে একটা প্রাগাল্ভা
বেশ্যা আছে, তাহার দ্বারা উপনিষদের নিকট হইতে
শ্রেদ্ধাকে হরণ করিতে পারিলে মাতৃ বিচ্ছেদে শান্তিও দেহ ত্যাগ করিবে। যুক্তি ত উত্তম হইয়াছে বটে,
কিন্তু নাস্তিকতাকে এখানে আনে কে। (পুনর্বার
চিন্তা করিয়া) বিভ্রমবতী (ভ্রম বৃদ্ধি) নামে নাস্তিকতার
যে সহচরী আহে, তাহার দ্বারাই নাস্তিকতাকে ডাকান
যাউক। (নেপখ্যাভিমুখে) বিভ্রমবতী।

বিজ্ঞমবতীর প্রবেশ।

বিজ্ঞ। (প্রণাম করিরা) মহারাজ কি আজ্ঞা করেন?

মছা। বিজ্ঞমবতী, তুমি নাস্তিকতাকে এক বার আমার নিকটে আনয়ন কর।

বিজ্ঞ। যে আজ্ঞা মহারাজ।

প্রস্থান।

শাস্তিকতার সহিত বিভ্রমবতীর পুনঃ প্রবেশ।

নান্তি। সথি আজ মহারাজের মুখ মলিন দেখিতেছি ক্যান?

বিভ্র। সখি তোমার অদর্শনে।

নান্তি। (চক্কঃ খুরাইয়া) সথি তুমি কি আমাকে ব্যক্ত করিতেছ?

বিজ্ঞ। স্থি তোমার নয়ন হটা ঘুরিতেছে ক্যান? ক্রোধে না নিদোবেশে?

নাস্তি। সথি যে নারী এক জনের রমণী হয় ,তাহারি প্রায় নিদ্রো থাকে না, আমি ত বহু জনের প্রিয়া, আমার কি কখন নিদ্রো হইতে পারে?

বিত্র। সথি তুমি যে বহু জনের প্রিয়া, তা ত আমি এত দিন জানিতাম না, এখন বল দেখি তুমি কার কার প্রিয়া।

নান্তি। সথি আমি মহামোহ, কাম, ক্রোধ, লোভাদি সকলেরি প্রিয়া; অধিক কি কহিব ঐ বংশে যে যে জন্মিয়াহৈ, কি বালক, কি যুবা, কি রদ্ধ, তাহাদিগের সকলেরি হাদর মধ্যে আমি সর্বাদা আছি।

বিজ্র। সধি আমি শুনিয়াছি, যে কামের রতি, ক্রোধের হিংসা,

লোভের তৃষ্ণা, ইত্যাদি সকলেরি এক এক প্রিয়তমা স্ত্রী আছে, তাহারা কি তোমার প্রতি ঈর্যা করে না?

নান্তি। স্থি তুমি ঈর্ষ্যাঁর কথা কি কহিতেছ, ঐ হিংসাদিও আমায় ছাড়িয়া ক্ষণকাল থাকিতে পারে না।

বিদ্র। সথি তবে ত তোমার স্মান স্কুগা নারী জগতে আর কেহই নাই। যেহেতু তোমার সপত্নীরাও তোমার সঙ্গে ভাব রাখিয়া চলে।

নাক্তি। (মহামোহের নিকট গমনে উন্তত)

বিজ্ঞ। সথি কি কর, তোমার কি ভয় নাই? অত জ্ঞত গমন করিলে তোমার সূপুরের শব্দ শুনিয়া মহারাজ রুফ হইবেন।

নান্তি। সথি যে পুরুষ আমাকে দেখিবা মাত্র প্রসন্ত্র হইবেন, ভাঁহাকে আবার ভয় কি?

মহা। (স্থগত) এই বুঝি নাস্তিকতা আদিতেছে। আহা কি মনোহর রূপ।

নিবিড় নিতম্ব ভরে অলস গমনা।
কনক কুণ্ডল কর্ণে, কণিত কক্ষনা॥
মদ্লিকা মালতী মালে বেঁধেছে কবরী।
ক্লথ দেখি মালা, পুন দেয় তহুপরি॥
সেই ছলে বাহু তুলে কুচ দেখাইছে।
ইন্দীবর নয়নের ভক্তি বিস্তারিছে॥

বিস্ত্র। মহারাজ ! নাস্তিকতা আসিয়াছেন, সদ্ভাষণ কঁরুন । নাস্তি। মহারাজের জয় হউক।

মহা। প্রিয়ে আজ তোমাকে দর্শন করে আমার পুনর্বার নব যৌবন উপস্থিত হইল। দেখ— বোবনে যেমন ছিল মথাথ তার তব সন্দর্শনে পুনঃ হৈল সে ু । শৃক্ষার জলধি জলে ময় হৈল । কোন মতে অহা রসে না করে গম

নান্তি। (ঈষদান্ত পূর্বক) মহারাজ আমিও আ¹ ¹ব্ল সন্দর্শনে নবযৌবনা হইলাম। একণে কি নিমিন আমিন ক স্মরণ করিয়াছেন[?]।

মহা। প্রিয়ে—

হুদরের বাহিরেতে থাকে যেই জন। স্বতরাং তারে হুয় করিতে স্মরণ॥ আমার হুদয়ে তুমি পুত্তলিকা প্রায়। স্মরণ তোমাকে কভু করিতে না হয়॥

নাস্তি। মহারাজ এ কেবল আপনার অনুগ্রহ মাত্র।

- মহা। প্রিয়ে আমার আর একটা অমুরোধ আছে। সেই পাপীয়দী শ্রদ্ধা দৃতী হইয়া বিবেকের সক্ষে উপনিধ-দের সংঘটন করাইতে উদ্যত হইয়াছে। অতএব তুমি সেই রগুার কেশাকর্ষণ করিয়া পাষগুদিগের হক্ষে অর্পণ করিবে।
- নান্তি। মহারাজ আপনি এই তুচ্ছ বিষয়ের জন্য এত চিত্তিত হইতেছেন ক্যান? আমি আপনার অন্ত্রমতিরো অপেকা করি না। আপনার আশীর্কাদ থাকিলে এই দাসী হইতেই মহারাজের সকল কর্ম নির্কাহ হইতে পারিবে। সেই শুদ্ধাকে দাসীর ন্যায় মহারাজের আজ্ঞামুবর্ত্তিনী করিব। ধর্ম মিথ্যা, কর্ম মিথ্যা, বেদ

মিধ্যা, শাস্ত্র মিধ্যা, মোক্ষ মিধ্যা, এই সকল কথা সর্ব্বদাই তাহাকে শ্রাবণ করাইব। তাহা হইলে সেই রগুা বেদ পথই এক কালে পরিত্যাগ করিবে, স্থৃতরাং বেদের শোরোভাগ উপনিষদের নিকটেও গমন করিবে না।

মহা। প্রিয়ে যদি এরপ করিতে পার, তবে তোমা ছইতেই আমার মনের বাসনা সম্পূর্ণ ছইবে। এখন চল আমরা বিশ্রাম গৃছে গমন করি।

সকলের প্রস্থান।

তৃতীয় অশ্ব ৷

(রঙ্গভূমি বারাণসী সন্নিধান।) শান্তি এবং কৰুণার প্রবেশ।

শান্তি। (সজল নয়নে, সকাতরে) হায়! আমি মাভৃবিচেছদে কাতরা হইয়াছি, এখন কোথায় গিয়া মনের তাপ নিবারণ করিব। ওগো মাতা শ্রদ্ধা! তুমি কোথায় আছে এেক বার দেখা দেও। হায়! আমি এখন কোথায় যাই ? কোথা গেলে জননীর সাক্ষাত পাইব। মুনির আশ্রম গিরি, গ্রা গঙ্গা গোদাবরী,

वांबांगमी ब्रम्मावन शाम।

আমারে লইয়া সঙ্গে, থাকিতে পরম রঙ্গে,

সর্ব্বদা শুনিতে রাম নাম ॥

আজ সেই শ্রদ্ধা তুমি, গিয়াছ পাষ্ঠ ভূমি,

যবনের গৃছে যেন ধের।

না জানি আছ ক্যামনে, ক্যামনে বাঁচ জীবনে.

কি প্রকারে রক্ষা পার তমু॥

স্থি করুণা! আমি বোধ করি আমার জননী আছো, স্থামার বিচ্ছেদে প্রাণত্যাগ করিয়াছেন। যেহেতু—

আমায় না দেখে শ্রহ্মা স্থান নাছি করে।

না করে ভোজন আর নাহি রহে ধরে।।

আমার বিচ্ছেদে একা মরেছে নিশ্চয়।

কিছা পাষ্টের হাতে জীবন সংশার॥

একণে শ্রন্ধা ব্যতিরেকে শান্তির জীবন ধারণ কেবল বিভূষনা মাত্র। প্রিয়সখি! তুমি আমার জন্য শীন্ত্র চিতাশয্যা প্রস্তুত করিয়া দাও, আমি সেই চিতানলে প্রবেশ করিয়া অবিলয়ে শ্রন্ধার সহচারিণী হুইব।

করুণা। (রোদন করিতে করিতে) সখি! আমিও তোমার বিচ্ছেদে ক্ষণমাত্ত দেহ ধারণ করিতে পারিব না। এক্ষণে তুমি কিঞ্চিৎ কাল ধৈর্য্যাবলয়ন কর। আমার বিবেচনা হইতেছে যে, তোমার জননী শ্রদ্ধা, মহামোহের ভয়ে প্রশীড়িতা হইয়া কোন মুনির আশ্রমে অথবা বহুবিধ সাধু জন পরিবৃত গঙ্গাতীরে লুক্কায়িত আছেন। অত-এব আমি এক বার তাঁহাকে ইতস্তত অত্থেষণ করিয়া আসি।

শাস্তি। দথি! তুমি আর কোথায় অন্নেষণ করিবে? আমি ত কোন স্থানে অন্নেষণ করিতে ক্রাটি করি নাই।

নদীকুল মুনির আশ্রম আছে যত।
সে স্থানে না দেখি শ্রজা ভ্রমি অবিরত॥
যজ্ঞনীল লোকের যতেক যজ্ঞস্থান।
তথার না দেখি শ্রজা করিয়া সন্ধান॥
বন্ধচারী গৃহী বানপ্রস্থ ভিক্রু যথা।
দেখিরাছি, শ্রজার প্রাক্ষ নাই তথা॥

কর্মণা। স্থি! তোমার জননী সাত্মিকী শ্রদ্ধার কি এমন হুর্গতি ছইতে পারে?।

শান্তি। সখি! বিধাতা বিষুধ ছইলে কাছার না হুর্গতি ঘটে? দেখ— জামকী ছিলেন দশাননের ভবনে।
রসাতনে এরী লরে গোল দৈত্যগাণে॥
হরিল পাতালকেতু গদ্ধর্মের কিন্তা।
মদালসা নাম তার, মহীতলে ধতা॥
ইহারাও পাষ্ঠের হত্তেতে পতিতা।
এ সকল কথা আছে প্রাণে বিস্তৃতা॥

করুণা। (সভরে, নেপখ্যাভিমুখে অঙ্কলি নির্দেশ করিয়া) সথি দেখ দেখ! একটা বিক্কতাকার রাক্ষ্য আসিতেছে। শাস্তি। কৈ! কৈ! সথি রাক্ষ্য কোথায় । করুণা। ঐ দেখ গলিত বিষ্ঠাযুক্ত দেহ, উলঙ্ক, আলুলায়িত কেশ, ময়ুরপুচ্ছব্যজন হস্তে এই দিকেই আসিতেছে। শাস্তি। সথি ও রাক্ষ্য নয়। শুনিয়াছি রাক্ষ্য অতি বলবান,

এ অতি হুর্মল দেখিতেছি।

করুণা। সখি! তবে ওটা কে?

শান্তি। আমার বোধ হইতেছে ওটা পিশাচ।

করুণা। প্রচণ্ড সুর্য্যকিরণাচ্ছন্ন ভূমণ্ডলে (দিবসে) পিশাচের জাগমন কখন সন্তব হয়?

শান্তি। তাও বটে, তবে বোধ করি কোন নারকী নরক হইতে উঠিয়া আদিতেছে। (চিন্তা করিয়া) হাঁ দথি! এখন চিনিতে পারিয়াছি, ঐ ব্যক্তি মহামোহের অন্তচর, উহার নাম দিগম্বরদিদ্ধান্ত।

দিগম্বনিদ্ধান্তের প্রবেশ।

দিগ। (উদ্দেশে) অর্ছ্ৎ পরমেশ্বরকে প্রণাম করি, যিনি এই নবদার বিশিষ্ট গৃহ মধ্যে জ্বলন্ত প্রদীপ স্বরূপ জীবাত্মা, পরমার্থ স্থুখ মোক্ষদাতা। অরে দাধক দকল! শ্রবণ কর। স্মানাদি করিলে মলময় শরীরের কি প্রকারে শুদ্ধি হইতে পারে? আত্মা নির্মাল হইলেই শুদ্ধি হয়। (চিন্তা করিয়া উদ্দেশে) আমি দাধকদিগের নিকট বিশেষরূপে নিজ মত প্রকাশ করিয়াছি। আর তাহারা যদিচ আমার মতাবলম্বী হইয়া কার্য্য করিতিছে, তথাপি আমার মতাবলম্বনী শ্রদ্ধা, যাহাতে তাহাদিগের নিকটে সর্বাদা থাকে, তাহার উপায় করা কর্ত্তব্য। এক্ষণে শ্রদ্ধাকে ডাকিয়া তাহাদিগের নিকটে প্রেরণ করি। (নেপথ্যাভি মুখে) শ্রদ্ধা! এক বার নিকটে এস।

দিগঘরসিদ্ধান্তের অনুরূপ বেশধারিণী শ্রদ্ধার প্রবেশ।

দিও শ্রদ্ধা। প্রভূ! কি আজ্ঞা করিতেছেন?।

দিগ। শ্রদ্ধা তুমি এক মুস্ত্তিও সাধকদিগের স্থান পরিত্যাগ
করিও না।

দিও শ্রদ্ধা। প্রভূর আজ্ঞা কথনই অন্যথা হইবে না।

শাস্তি। (সংখদে) স্থি! আমার জননীর শেষে এই দশা ঘটিয়াছে? (মুর্জ্জিও ও পতিতা)

করুণা। সখি! ভয় নাই, ওঠো, ওঠো, এ তোমার জননী নছে।

আমি আন্তিক ও নান্তিক উত্তর মতাবলমিনী অহিংসার নিকটে শুনিরাছি যে, ত্মোগুণের কন্যা তামলী
শ্রদ্ধার এইরূপ আকার, অতএব ইনি কখনই তোমার
জননী নহেন। তোমার মাতা সত্তপ্তেগের কন্যা
সাত্তিকী শ্রদ্ধা, তাঁহার এরপ হুর্দ্দশা কখনই ঘটিতে
পারে না।

শান্তি। (চৈতকোদরে গাত্রোখান করির।) স্থি করুণা! তুমি বাছা কহিলে তাহাই বটে, ইনি আমার জননী নছেন।

> আমার জননী শ্রদ্ধা সদা শুদ্ধাচার। শ্রের দরশন আর পুণা ব্যবহার॥ এ বে দেখি হুরাচার দর্শনে বিক্কতি। আমার মাডার মহে এমন আকৃতি॥

অতএব সধি ইনি পাৰওদিগের তামসী শ্রদ্ধাই বটেন।

পুন্তক হত্তে ভিক্কুকের প্রবেশ।

ভিকু।

এখন আমার বুদ্ধি পাইল প্রকাশ।

বাসনার আক্রাদিত ছিল অপ্রকাশ।

বট পট জান হর বাসনার বলে।

বাসনা রহিত হলে জান সংপ্রকাশে।

মরণের পুর্বেহর বাসনা রহিত।

জানোদর হৈলে তার মৃতি স্মিশিত ।

(জমণ এবং চতুর্দ্ধিক অবলোকন করিতে করিতে উদ্দেশে)। সকল ধর্ম্মের মধ্যে বৌদ্ধ ধর্মাই উক্তম। যাছাতে সুধ এবং শোক ছরেরি ভাব বর্ত্তমান আছে। দেখ— মনোহর জট্টাদিকা স্থন্দরী কামিনী। অপুর্ব্ধ গুষ্যার দরে পোহার যামিনী॥ নিজ ভার্ষ্যা কিছা বেশ্রা করিবে গমন। যে দ্রব্যেতে হয় সুখ করিবে ভোজন॥

এই ত গেল সুখের কথা, আবার মোকের কথাও দেখ, দেহ ভিন্ন আত্মা অপর কোন স্বতন্ত্র পদার্থ নাই, দেহই আত্মা। সুভরাং দেহ নাশ হইলেই মোক হয়।

করণা। (ভিক্কে নির্দেশ করিরা শান্তির প্রতি) সথি ! মৃতন তাল-রক্ষের ন্যায় হৃষ্ট পৃষ্ট দেহ, রক্তবন্ত্র পরিধান, মস্তকে ক্ষুদ্রে শিখা এ ব্যক্তি কে ?

শান্তি। স্থি! এ বুদ্ধের শিষ্য, ইহার নাম বুদ্ধাগম।

ভিক্ষু। (উদ্দেশে) ওছে উপাসক সকল! ওছে ভিক্ষুণণ!
তোমরা সকলে স্থিরভাবে বুদ্ধের বাক্যায়ত প্রবণ
কর। (হস্ত স্থিত পুত্তক পাঠ) আমি দিব্য চক্ষে লোকের
সদ্ধাতি ও হুর্গতি দেখিতেছি। জগতের বস্তু সকলি
ক্ষণিক, আর আত্মা যে দেহ, তিনিও চিরস্থায়ী নহেন।
অতএব ভিক্ষু যদি পরদারগামী হয়েন তথাপি তাহার
প্রতি ধেষ করিবে না।

(স্থাত) ভিক্ষু এবং সাধক সকলে যাহাতে আমার মতের অন্যথাচরণ না করে তাহার জন্য আমার মতা-বলম্বিনী শ্রদ্ধাকে তাহাদিগের নিকটে প্রেরণ করা আবশ্যক। (নেপথ্যাভিমুখে) শ্রদ্ধা! শ্রদ্ধা!

ভিক্র বেশ ধারিণী আদার প্রবেশ।

ভি০ শ্রদ্ধা। কি আজ্ঞা করিতেছেন?

ভিকু। শ্রদ্ধা তুমি সাধক এবং ভিকুদিগকে নিরস্তর জালিজন করিয়া থাকিবে, ক্ষণকাল তাছাদিগকে পরিত্যাগ
করিবে না।

ভি॰ শ্রদ্ধা। আপনি যাহা আদেশ করিবেন তাহাই করিব। শাস্তি। স্থি করুণা! এটাও কি তামসী শ্রদ্ধা? করুণা। হাঁ স্থি, এটাও তামসী শ্রদ্ধা।

দিগ। (উচ্চৈঃস্বরে) ওরে ভিক্ষু! আমার নিকটে আয়, আমি তোরে কোন কথা জিজ্ঞাসা করিব।

ভিক্ষু। (সক্রোধে) ওরে পিশাচ! তুই আবার আমাকে কি জিজ্ঞাসা কর্বি?

দিগ। ওরে ক্রোধ করিস্না, কিছু শাস্ত্রীয় কথা জিজ্জাসা কর্বো।

ভিক্ষু। (হাত পূর্বক) ওরে পাগল! তুই কি শাস্ত্র জানিসৃ? (দিগম্বর সিদ্ধান্তের নিকটে গমন করিয়া) কি শাস্ত্রীয় কথা বল্বি বল্।

দিগ। ওরে তুই ত নিজের মত প্রকাশ করে বল্লি "দেহ ভিন্ন স্বতন্ত্র আত্মা নাই, দেহই আত্মা, দেহ নাশ হই-লেই নোক্ষ হয়"। এখন তোরে একটা কথা জিজ্ঞামা করি, তোর মতে ত তুই ক্ষণবিনাশী, তবে কি নিমিন্ত এমন কফকর ব্রত ধারণ করিয়াছিনৃ?

ভিকু। ওরে! তবে শোন্, আমাদিগের মতাবলম্বী কোন

ব্যক্তি যথন বাসনা রহিত ছইবে, তথনি তাছার জ্ঞানোদয় ছইবে, এবং সেই জ্ঞানোদয় ছইলেই মুক্তি ছইবে।

দিগ। ওরে মূর্খ! যদি কস্মিন্ কালে কেছ মুক্ত ছইবে এমন
নিশ্চয় করিয়াছিস্, তবে তুমি নিজেও সম্প্রতি মরিবে,
স্তরাং তোমার ভিক্ষুত্রত তোমার নিজের কি উপকার
করিবে। ওরে! কে তোরে এমন ধর্ম উপদেশ দিয়াছে?

ভিকু। সর্বজ্ঞ ভগবান্ বুদ্ধ আমাকে এই ধর্মে দীক্ষিত করিয়াছেন।

দিগ। বৃদ্ধ যে সর্বজ্ঞ ইহা তুই কি প্রকারে জানিয়াছিস্? ভিক্ষু। বৌদ্ধ শাস্ত্র হইতেই বুদ্ধের সর্বজ্ঞত্ব প্রসিদ্ধ আছে।

দিগ। (উপহাস পুর্বাক) ওরে সুবুদ্ধি ভিক্ষু! তোর কথার যদি বুদ্ধ সর্বাজ্ঞ হইতে পারে, তবে আমিও কেন সর্বাজ্ঞ না হই? অতএব তুমি এবং তোমার পিতৃ পিতামহ প্রভৃতি সপ্ত পুরুষ আমার দাস হও।

ভিকু। (সক্রোধে) ওরে পিশাচ! আমি কি তোর দাস

দিগ। ওরে দাসীবিহারী হৃষ্টভুজন্ধ অপ্পায়ু ভিকু তোর হিতের নিমিত্ত কিছু উপদেশ দিতেছি শোন্। তুই বুদ্ধমত পরিত্যাগ করিয়া সর্বজ্ঞ অর্হৎ পরমেশ্বরের মতে প্রবিষ্ট হইয়া, দিগম্বরত্ত ধারণ কর।

ভিক্ষু। আঃ পাপ! তুই আপনি নাই হইরাছিন্, অপরকেও নাই করিতে ইচ্ছা করিতেছিন্। ওরে দেখ—

> স্বর্গের সমান প্রথ বুদ্ধের এ মতে। তাহা পরিত্যাগ করা নহে কোন মতে।

সকলের নিন্দনীর অর্থতের মতে।
কে চাহে রে ভোর মতে শিশাচ হইতে।
ওরে! কে তোর অর্থ পরমেশ্বর তাহার সর্বাজ্ঞতাই
বা কে বিশাস করে?

দিগ। (হাত পূর্বক) ওরে যাঁহার শাস্ত্র ছারা চক্র তুর্ব্য প্রহণ প্রভৃতি জানিতে পারা বাইতেছে, তাহাতেই তাঁহার সর্বাজ্ঞত্ব প্রকাশ আছে।

ভিকু। (হাত পুর্বক) অনাদি জ্যোতিঃ শাস্ত্র দ্বারা অতীন্দ্রির
পদার্থের জ্ঞান হইতে পারে। তোর অর্ছৎ পরমেশ্বর
স্পোতিঃ শাস্ত্র করিয়াছেন? এমন প্রতারণা করিয়া
এমন দিগ্রয়ত্রত ধারণ করিতেছিস্? আর অর্ছৎ
মতে শরীরের মধ্যে জীবাত্মা সর্ব্বজ্ঞ, তাহাই বাকি
প্রকারে হইতে পারে? দেখ—

শরীরের মধ্যে জীব দীপের আকার।

তিন লোক জানিতে পারেন কি প্রকার ।

বল দেখি কুন্তের মধ্যেতে দীপ রেখে।

গৃহত্বে মধ্যের বস্তু কি প্রকারে দেখে।

সোমসিকান্তের প্রবেশ।

সোম। (উদ্দেশে)

নর অছিমালা গলে শ্রাণামে বসতি।
মনুষ্যকপ্রাল হতে অতি শুদ্ধমতি ॥
যোগা অঞ্জনেতে শুদ্ধ দর্শন আমার।
শূল থকা ভক্ষধারী লিবের আকার ॥
মহাবোগে আমার হরেছে আনোদর।
বিজ্ঞাৎ দেখিতেছি সব লিবদর॥

- দিগ। (স্থাত) এই ব্যক্তি কাপালিকত্রতধারী, ইছাকেই ধর্ম-সম্বন্ধে কিছু কথা জিজ্ঞাসা করা যাউক। (নিকটে গমন করিয়া) ওছে কাপালিক! বল দেখি তোমার ধর্ম এবং মোক্ষ কি প্রকার ?
- সোম। ওছে দিগম্বর! তুমি আমার ধর্ম্মের কথা শুনিতে ইচ্ছা করিতেছ ^१ শোন—
 - মনুষ্যের তৈল মজ্জা যুক্ত মহামাংস।
 অগ্নিতে নিক্ষেপ করি আন্থতির অংশ।
 ব্রাহ্মণকপালপাত্তে করি স্বরাপান।
 তাহাতে আমার হয় পারণ বিধান॥
 মানুষের মন্তক কাটিয়া দিই বলি।
 তাহাতে সক্ষন্তা হন তৈরব কপালী॥
- ভিক্ষু। (হস্তদ্বরে কর্ণ আচ্ছাদন করিয়া) বৃদ্ধ! বৃদ্ধ! ওরে নর-কপালধারী জানিলাম, জানিলাম, তৌর দারুণ ধর্ম।
- দিগ। (হস্তদ্বয়ে কর্ণ আচ্ছাদন করিয়া) অর্হৎ, অর্হৎ, কোন যোর-নারকী ইহাকে শিক্ষাদান করিয়াছে।
- সোম। (সক্রোধে ভিক্সর প্রতি) ওরে নেড়া পাষপ্ত চণ্ডালবেশধারী (দিগম্বরের প্রতি) ওরে পুরীষবাহী পিশাচ দেবনিন্দক! শোন্ যদি এই মূহুর্তে চতুর্দ্দশ ভুবনেশ্বর,
 সৃষ্টিন্থিতিপ্রলয়কর্তা, বেদান্ত সিদ্ধান্ত প্রসিদ্ধ, ভবানীপতিকে দেখাইতে পারি, তবে জান্বি আমার ধর্ম্বের
 মহিমা কেমন।

হরি হর ইন্দ্র চন্দ্র আদি দেবগণ। এখনি আনিতে পারি করে আকর্ষণ। নগার কানন সহ পৃথিবীমগুল।
কণমাত্রে আমি তাহে পূর্ণ করি জল।
সেই জল কণমাত্রে করিব শোষণ।
তবে ত জানিবি মম ধর্ম আচরণ॥

- দিগ। ওছে সোম সিদ্ধান্ত! বুঝিলাম, কোন ঐক্তঞ্জালিক ইন্দ্রজাল বিদ্যাঘারা কুহক দেখাইয়া তোমাকে ভুলাই-য়াছে।
- সোম। (সজোধে) ওরে পাপিষ্ঠ পিশাচ! তুই পর্যেশারকে ঐন্দ্রজালিক কহিতেছিস্। এ ক্রোধ কখনই সম্বরণ করা উচিত নহে, এখনি তোর্ সমুচিত দও বিধান করিব। (খজা উত্তোলন করিয়া)

এ করাল করবালে কাটি তোর শির। গলনলে অনর্গল পড়িবে কধির॥ হুকার ডক্ষার করে কধির লইয়া। করিব কালীর ভৃপ্তি তোরে বলি দিয়া॥

(দিগম্বনিদ্ধান্তকে কাটিতে উন্তত্ত)

- দিগ। (সত্রাসে) মহাশয়! অহিংসা পরমোধর্ম। (এই কথা বলিতে বলিতে ভিক্ষর ক্রোড়ে লুকায়িত)
- ভিক্ষু। (সোমসিদ্ধান্তের প্রতি) ও ধার্ম্মিক মহাশার! কৌতুক কিয়া কলহ প্রযুক্ত তপস্বীর এরপ কোপ করা উচিত্ নহে।
- সোম। (থকা রাখিয়া ছিরভাবে অবছিতি)
- দিগ। (সোমসিক্ষান্তের প্রতি) আপনি একণে ক্রেণ করিয়াছেন, একারণ আপনাকে কিছু ভিজ্ঞাস

ইচ্ছা করিতেছি। আপনার ধর্মের কথা ত শুনিয়াছি এইক্ষণে আপনার মোক্ষের কথা জানিতে ইচ্ছা ছই-তেছে।

সোম। আমার মোক্ষের কথা শুন্বি? তবে শোন্—
মুক্ত ব্যক্তি অৰ্কচন্দ্ৰ কপালে ধরিয়ে।
পাৰ্কতীর প্রতিমৃত্তি কামিনীরে লয়ে॥
আনন্দ তরকে ভাসে সদানন্দ ময়।
মুক্তির লক্ষণ এই মহাদেব কয়॥
যদি বল ইহার সমান স্থা মুক্ত।
নারী বিনা হেন স্থা কোথা আছে উক্ত॥
যদি বল মুক্ত হয় স্থা হুঃখ হীন।
পাষাণ হ'তে ইচ্ছা না করে প্রবীণ॥

ভিকু। ওহে সোম সিদ্ধান্ত! ইচ্ছারহিত জনেরি মুক্তি হয়, এ কথা কি মিথ্য। ?

সোম। (স্থাত) স্পাইই বোধ হইতেছে ইহাদিগের হুই জনেরি অন্তঃকরণে শ্রদ্ধা নাই। অতএব আমি শ্রদ্ধাকে আহ্বান করিয়া ইহাদিগের নিকট প্রেরণ করি। (প্রকাশে) শ্রদ্ধা এক বার শীব্র আমার নিকটে এসু।

সোম সিদ্ধান্তের বেশধারিণী আদ্ধার প্রবেশ।
সোঁও আদ্ধা। প্রিয়তম! কি আজ্ঞা করিতেছেন ই
সোম। প্রিয়ে! তুমি এই ভিক্লুকে আলিক্ষন কর।
করুণা। (শান্তির প্রতি) সধি দেখ! দেখ! এই নারী রক্তস্থলা,
ইহার নাম রাজসী আদ্ধা। যেহেতু—

নীল পদ্ম জিনি হুটি নরন ইছার। গলায় ত্রলিছে দেখ নর অভিছার॥ নিবিড় নিতম্ব আর পীনপ্রোধর। নির্মাল বদন যেন পূর্ণ শুলধর॥

শ্ৰদ্ধা। (ভিক্ষুকে আলিঙ্গন)

ভিক্ষু। আছা, এই কামিনী কি সুখস্পার্শা।
কত চাঞি কত রগু। করি আলিজন।
হেন স্থোদর মম না হর কখন॥
বুদ্ধের শপথ শত শত করে বলি।
এমন দেখিনে নারী যেমন কাপালী॥

ওগো সোম সিদ্ধান্ত মহাশয়! আপনি ধন্য, আপনার ধর্মত অতি আশ্চর্যা! আমি অন্য হইতে বুদ্ধ ধর্ম পরিত্যাগ করিয়া আপনার ধর্মে প্রবিষ্ট হইলাম। আপনি আমার গুরু, আমি আপনার শিষ্য, আপনি আমাকে আপনার ধর্মে দীক্ষিত করুন।

দিগ। (সক্রোধে ভিক্ষর প্রতি) ওরে অম্পাবৃদ্ধি ভিক্ষু! তুই কাপালিনীর স্পর্শে অপবিত্র হইয়াছিস্, ওরে তুই দূর হ, দূর হ, তুই আর আমাকে স্পর্শ করিস নে।

ভিক্ষু। ওরে পাগল দিগম্বসিদ্ধান্ত! তুই কাপালিনীর আলিঙ্কন মহানন্দরসে বঞ্চিত আছিস্, তোর জন্মই রথা।

সোম। (এজার প্রতি) প্রিয়ে! তুমি এই ছুরস্ত দিগম্বরসিদ্ধা-স্তব্যে আলিঙ্কন কর।

শ্ৰদ্ধা। (দিগস্বরসিদ্ধান্তকে সালিক্সন)

দিগ। অৰ্হং! অৰ্হং! কাপালিনীর স্পর্শে অতীব সুখো-

দর হইল। আমার শরীরে রোমাঞ্চ ইইয়াছে, ইন্দ্রির সকল বিকল হইতেছে। সুন্দরি! আমাকে পুনর্বার আলিঙ্গন কর। আমার অত্যস্ত ইন্দ্রিয়বিকার উপ-স্থিত হইয়াছে। °

শ্রদ্ধা। আইস, আমার পশ্চাতে লুক্কায়িত হও।

দিগা। ওছে পীন প্রোধ্বি, কুরক্স নয়নি।
পূর্ণ শশধর মুখি, গজেন্দ্র গামিনি॥
ফাদ তুমি সামুকুলা হও হে রাজসী।
তবে আর কি করিবে? সে শ্রন্ধা তামসী॥

(সোমসিদ্ধান্তের প্রতি) মহাশয়! আপনার ধর্মা, সুখ মোক সাধক, আমি অদ্যাবিধি আপনার দাস হুইলাম। আপনি অন্প্রাহ করিয়া আশিকেও মহাভিরব মন্ত্রে দীক্ষিত করুন।

সোম। তবে তোমরা হুই জনুন এই আসনে উপবেশন কর। দিগা এবং ভিক্ষু। (আসক্তা উপবেশন)

সোম। (উভয়ের কর্ণে মন্ত্র প্রদান করিয়া জন্ধার প্রতি) প্রিয়ে !

পান পাত্র আনয়ন কর।

শ্রেষ্কা। (সোমসিদ্ধান্তের হত্তে পান পাত্র অর্পন)

সোম। (নয়ন মুক্তিত করিরা অনুচল্বরে করা আছরণ মন্ত্র পাঠ)

শ্রদা। প্রিয়তম! পান পাত্র সুরাপূর্ণ হইয়াছে।

সেমি। (পান পাত অবলোকন, এবং সুরাপান করিয়া, দিগম্বর এবং

ভিক্র সন্মুখে পান পাত্র ধারণ করিরা)

মোক প্রদায়ক এই পবিত্র অমৃত।
পান কর, ভব ভয় যাইবেক ক্রত।

পশুপাশ ছেদনের পরম কারণ। এ কথা অন্তথা নহে শিবের বচন॥

- দিগ। (স্বাত) আমাদিগের অর্থ ধর্মে সুরাপান বিহিত নহে।
- ভিক্সু। (স্বগত) আমাদিগের বৌদ্ধ ধর্ম্মে সুরাপান বিহিত বটে, কিন্তু কাপালিকের উচ্ছিফ্ট সুরা কি রূপে পান করিব।
- শোম। তোমরা কি ভাবিতেছ? (শ্রন্ধার প্রতি) প্রিরে! এই হই জনের অদ্যাপি পশুত্ব যায় নাই, ইহারা আমার উচ্ছিফ সুরা অপবিত্র জ্ঞান করিতেছে। অতএব তুমি কিঞ্চিৎ পান করিয়া পবিত্র করিয়া দেও। যেহেতু শাজ্রে কথিত আছে, "গ্রী মুখস্তু সদ্দিশুচি"।
- **শ্ৰদ্ধা। (পান পাত্ৰ গ্ৰহণ পূৰ্ব্বক কিঞ্চিৎ পান করিয়া ঐ পাত্ৰ ভিদ্ণুব** হন্তে প্ৰদান)
- ভিক্ষা (পান পাত এছণ করিয়া) এই মহাপ্রসাদ পান করি, (পান করিতে করিতে) অহো! সুরার কি মনোহর সৌরভ, কি আশ্চর্য্য মাধুর্য্য।

কত শত কামিনীর মুখের উচ্ছিন্ট। করিরাছি স্থরাপান পাত্র অবশিষ্ট॥ স্বর্গ মর্ত্তা রসাতলে না দেখি এমন। ছেন স্থরাপানে ইচ্ছা করে দেবগণ॥

দিগ। অরে ভিক্ষু! তুই সকল পান করিস্ না, আনায় কিঞ্ছিৎ দে। আমিও কাপালিনীর বদনামূত কিঞ্ছিৎ পান করি।

ভিক্ষু। (দিগম্বরসিদ্ধান্তের হত্তে পান পাত্র অর্পণ)

দিগ। (পান পাত্র গ্রহণ পূর্ব্বক স্করাপান করিয়া) আহা! সুরার
কি আশ্চর্য্য সুস্থাদ, কি মনোহর গন্ধ, কি অনুপম
মাধুর্য্য, আমি অর্হ্ থতে থাকিয়া এমন উত্তম রসে
বঞ্চিত ছিলাম (পুনঃ পুনঃ পান করিয়া উন্মন্ত ভাবে, অস্ফুটবাক্যে, ভিন্দুর প্রতি) অরে ভাই! আমার সকল শরীর
ঘুরিতেছে, আমি এখন শয়ন করি।

ভিক্ষু। আমিও শয়ন করি। (উভয়ের শয়ন)

- সোম। (শ্রদার প্রতি) প্রিয়ে! আজ আমরা বিনা মূল্যে এই হুইটা ক্রীতদাস পাইয়াছি। আইস এখন আমরা হুই জনে নৃত্য করি। (দোমসিদ্ধান্ত এবং শ্রদার হত্য)
- দিগ। অরে ভাই ভিক্ষু! একবার চেয়ে দেখনা, আচার্য্য কাপালিক এই কাপালিনীর সহিত ক্যামন নৃত্য করিতেছে।
- ভিক্ষু। (দিগঘরের প্রতি) আইস আমরাও হুই জনে এই কাপালিনীর সহিত নৃত্য করি (উভয়ে চঞ্চলচরণে হৃত্য করিতে
 করিতে কাপালিনীর মুখের নিকটে হস্ত চালন পুর্ব্বক গান)
 মরি হুন্দরি পীনপায়াধরি রে।
 গজ গামিনী ভামিনি কামিনী রে॥
 মৃগশাবকলোচনি রক্ষিনি রে।
 উপগৃহন চুন্দন দায়িনি রে॥
- ভিক্ষু। (সোম সিদ্ধান্তের প্রতি) মহাশয়! আপনার কাপালিক ধর্ম অতি আশ্চর্য্য দেখিলাম। এধর্মে বিনাক্রেশে অভীষ্ট সিদ্ধি হয়।
- সোম। হাঁ বাপু, এ ধর্মের ন্যায় অনায়াসে সুখ মোক্ষ লাভ আর কোন ধর্মে হয় না। দেখ—

এ ধর্মেতে খাকে যদি স্থির করি মন।
অনেষ স্থাধির স্থা হয় দেই জন॥
ইহলোকে ভোজন রমণ আদি ভোগ।
পরলোকে অফ্ট সিদ্ধি হয় বিনা যোগ॥

- দিগা। (অত্যন্ত উষ্যত্ত হইরা দোমসিদ্ধান্তের মুখের নিকটে হস্ত চালন পূর্ব্বক) অরে আমার কাপালিক, অরে আমার গুরু, অরে আমার মান্য। (হত্য)
- ভিক্ষু। (হাস্থ পূর্ব্বক দোদদিদ্ধান্তের প্রতি) ওগো আচার্য্য মহাশয়! এই দিগম্বরসিদ্ধান্ত সুরাপানে অনভ্যাস জন্য
 অত্যন্ত উন্মত হইয়াছে। এক্ষণে আপনি উহার সমতা
 করুন।
- সোম। (আপনার মুখ হইতে তামুল বাহির করিয়া দিগমর দিশার দ
- দিগ। (স্বন্থ হইরা দোমসিন্ধান্তের প্রতি) আচার্য্য মহাশয়! সুরা আহরণে আপনার যে প্রকার বিদ্যা দেখিলাম, কামিনী আহরণে কি সেই রূপ বিদ্যা আছে?।
- সোম। হাঁ বাপু, আমার কথা তুমি কি জানিব।
 দেবনারী, বিজ্ঞাধরী, যক্ষী, নিশাচরী।
 অপ্সরা, অস্তরকন্তা, নারী, বা কিন্নরী॥
 যখন যাহার প্রতি লয় মম মন।
 আপন নিকটে আনি ক'রে আকর্ষণ॥
- দিগ। আচার্য্য মহাশয়! আমরা ত সকলেই মহারাজ মহামোহের অন্তুচর, আর কামিনী আকর্ষণেও আপনার

 এমন অন্তুত ক্ষমতা আছে, তবে ত আপনা দ্বারা মহারাজের যথেষ্ট উপকার হইতে পারে।
- সোম। আমার দারা মহারাজের কি উপকার হইতে পারে?

- দিগ। সত্বগুণের কন্যা সাত্ত্বিকী প্রজ্ঞা, মহারাজ মহামোহের অত্যন্ত অনিউকারিণী হইরা উপনিষদের সহিত বিবে-কের সঞ্জ্ঞান জন্য চেটা করিতেছে। আপনি আক-র্বণী বিদ্যা হারা সৈই প্রজ্ঞাকে আকর্ষণ করিলেই মহা-রাজের যথেষ্ট উপকার হইবে।
- সোম। আমি এই দণ্ডেই সেই পাপীয়সীকে আকর্ষণ করিব।

 এক্লণে তুমি জ্যোতিষগণনা দ্বারা বল দেখি, সেই শ্রদ্ধা

 এখন কোথায় আছে।
- দিগ। (ভূমিতে খড়ির অঙ্কপাত করিয়া গণনায় প্রবর্ত্ত)
- শান্তি। সখি শুন্লে ত, সোমসিদ্ধান্ত প্রভৃতি আমার মাতার কথা কহিতেছে, এবং দিগম্বসিদ্ধান্ত গণনা করিতে প্রবর্ত হইরাছে। দেখি গণনায় কি স্থির হয়।
- করুণা। ভাল দেখা যাক (উভয়ে গোপন ভাবে অবস্থিতি)
- দিগ। জলে নাই, ছলে নাই, আকাশে নাই, পাতালে নাই, শ্রেদ্ধা কোথায় আছেন[?] শ্রেদ্ধা বিষ্ণু ভক্তির সহিত সাধুদিগের নির্মাল অন্তঃকরণে বাস করিতেছেন।
- শান্তি। প্রের সধি! আজ আমি অত্যন্ত আহ্লাদিতা হইলাম, আমার মৃত দেহে পুনর্জীবন লাভ করিলাম।
- ভিকু। অহে দিগম্বর! কামনার হস্ত হইতে পলায়ন করিয়া নিক্ষামধর্ম এখন কোন স্থানে আছেন, তাছাও গগণনা কর।
- দিগ। (পুনর্কার ভূমিতে অহপাত করির।) জলে নাই, স্থলে নাই, আকাশে নাই, পাতালে নাই, নিকামধর্ম কেবল লাধুদিগোর অন্তঃকরণে আছেন।

সোম। (অতি দান বদনে) হার! হার! তবে ত মহারাজ মহা-মোহের অত্যন্ত কই হইতেছে। দেখ—

যদি বিষ্ণুভক্তির সহিত শ্রন্ধা আছে।

নিকাম হইরা ধর্ম আছে তার কাছে॥

তবে ত প্রবোধচন্দ্র জ্বিতে পারিবে।

অমুমানি বিবেকের বাঞ্জা সিদ্ধ হবে॥

অতএব যাহাতে মহারাজ মহামোহের উপকার সাধন হয়, তদ্বিয়ে প্রাণিপণে চেন্টা করা উচিত। এক্ষণে নিক্ষাম ধর্ম্মের ও স্বাত্তিকী শ্রদ্ধার আকর্ষণের জন্য মহাতৈরবীকে প্রেরণ করিতে হইবে। এখন তোমরা সকলে আমার সমিভ্ভারে আইস। (সোম-দিদ্ধান্ত, কাপালিনী, দিগম্বরসিদ্ধান্ত এবং ভিক্লুর প্রস্থান) স্বাধি করুণা! চল আমরাও বিষ্ণুভক্তির নিকটে গিয়া

শান্তি। সথি করুণা! চল আমরাও বিষ্ণুভক্তির নিকটে গিয়া এই সকল সম্বাদ নিবেদন করি।

শিস্তি এবং করুণার প্রস্থান।

ইঙি পাষণ্ড বিড়ম্বন নামক তৃতীয়ায়।

চতুৰ্থ অঙ্গ।

-CENT

. (রঙ্গভূমী তীর্থস্থান।)

সাত্রিকীশ্রদ্ধার প্রবেশ।

শ্রদ্ধা। (উদেশে)

অতি খোরতরা, নারী শ্ল ধরা,
নর মুগু কুগুলিনী।
আগ্রবর্ণ কেশী, অটু অটু হাসী,
দীর্ঘ করাল বদনী॥
লোচন চাহনি, যেন সোদামিনী,
প্রকাশে ক্রকুটি ভঙ্গ।
দেখিয়ে তাহার, বিকট আকার,

মৈত্রীর প্রবেশ।

এখন কাঁপিছে অঙ্গ।

মৈত্রী। (উদ্দেশে) আমি মুদিতার নিকটে শুনিয়াছি যে, দেবী বিফুভক্তি, মহাভৈরবীর হস্ত হইতে আমাদিগের প্রিয়সখী শ্রদ্ধানে উদ্ধার করিয়াছেন। এখন কোথায় গোলে সেই প্রিয়সখীর সাক্ষাত পাইব। (সমুখে শ্রদ্ধানে দেখিবামাত্র নিকটে গমন করিয়া) কেও প্রিয় সখী শ্রদ্ধা! তুমি একাকিনী এখানে কি করিতেছ গআমি ভোমাকে অন্বেষণ না করিয়াছি এমন স্থান নাই। একি! তুমি কি কোন ভয় পাইয়াছ! ভোমার শরীর এত কাঁপিতেছে ক্যান? শ্রদ্ধা। কেও সথী মৈত্রী, আমার ছর্দ্দশার কথা আর কেন জিজ্ঞাসা কর ? সথি আমাকে ধর।

কালরাত্তিরপা ভয়ানকা এক নারী।
সন্মুখেতে আমি পড়ে ছিলাম তাহারি॥
আমাকে দেখিয়া এল ক'রে খাই খাই।
খাইলে তোমার সঙ্গে দেখা হ'ত নাই॥

বৈত্রী। (শ্রদ্ধাকে ধরিয়া) সথি এখনো যে তোমার শরীর কাঁপি-তেছে।

শ্রেদ্ধা। অতি খোরতরা, নারী শ্লধরা, নরমুগুকুগুলিনী। অগ্রিবর্গ-কেশী, অট্ট অট্ট হাসি, দীর্ঘ করাল-বদনী॥ লোচন চাছনি, যেন সেদামিনী, প্রকাশে জুকুটি ভঙ্গ। দেখিয়ে তাহার, বিকট আকার

মৈত্রী। সথি! তুমি কি তারে জান না⁹ তাহার নাম মহা-ভৈরবী, সে তোমার কি করেছে ⁹ শ্রেদ্ধা। সথি শোন—

এক হত্তে ধরিরা আমার ছই পার।
এক হত্তে নিষ্কাম কর্মেরে লয়ে যার॥
সচান যেমন মাংস ধরিয়ে চরণে।
সেই মত দস্ত ভরে উঠিল গগণে॥

মৈত্রী। (মূচ্ছিতা ও পতিতা)

শ্রদ্ধা। কি সর্বনাশ! সখী যে একেবারে জ্ঞানশূন্যা ছইয়া-ছেন। সখি! উঠ, উঠ।

মৈত্রী। (উঠিয়া সংখদে) সখি! তোমার বিপদের কথা তোমার
মুখে শুনে আমার জ্ঞান বৃদ্ধি সব লোপ হইয়াছে,
তুমি কি করে যে সেই রাক্ষদীর হাতে বেঁচে ছিলে
আমি তাই ভাবচি। সখি! তারপর তুমি কি করে
তার হাত হতে রক্ষা পাইলে?

শ্রদ্ধা। তারপর আমার রোদনশ্বনি শুনিয়া, দেবী বিষ্ণু-ভক্তি---

জ্রুটি করিয়া, চক্ষু রান্ধাইয়া,
চাহিল তাহার পানে।
অঙ্গ জড় সড়, হাড় মড় মড়,
হইয়া পড়ে পাশানে॥

মৈত্রী। স্থি! তুমি যথার্থই ব্যাত্রীর মুখ হইতে পরিত্রাণ পাই-য়াছ। তার পর, তার পর।

শ্রদ্ধা। তারপর দেবী বিফুভক্তি অনুগ্রহ প্রকাশ করিয়া আমাকে আদেশ করিলেন যে, "আমি মহামোহকে সমূলে বিনাশ করিব। শ্রদ্ধা তুমি বিবেকের নিকটে গিয়া বলিবে যে, তিনি কাম ক্রোধাদির বিজয়ের নিমিত্ত উদ্যোগ করেন, তাহা হইলেই বৈরাগ্যের আগমন হইবে। আর আমিও প্রাণায়াম, ধ্যান, ধারণা, নিয়ম, সত্য প্রভৃতি সৈন্য সকল সংগ্রহ করিয়া সময় বুঝিয়া মহারাজের নিকটে গমন করিব। এবং শান্তি প্রভৃতির কৌশল দ্বারা উপনিষদ্দেবীর সহিত

বিবেকের সংঘটন করিব, তাহা হইলেই প্রবাধচন্দ্রের জন্ম হইবে''। এক্ষণে আমি বিবেকের নিকট গমন করি। স্থি! তুমি এখন কোথায় যাইবে?

মৈত্রী। আমি, প্রায়ুদিতা, দয়া, এবং উপেক্ষা, আমরা এই
চারি ভাগনী, এখন সাধুদিগের নির্মাল অন্তঃকরণে
বাস করিব। তাহাতে সাধু সকলে এইরপ চিন্তা
করিবেন, ষে—

স্থীতে মৈত্রতা, আর দয়া হুংখী জনে।
পুণ্য ধর্মে প্রয়ুদিতা, উপেক্ষা কুমনে॥
ইহা হৈলে রাগা, লোভ, দ্বেষ, দোষ, পাুপ।
নফ হয়, দূরে যায় মনের সন্তাপ॥

সে যা হউক, আমি এখন সাধুদিগের নির্ম্মল অন্তঃ-করণে বাস করি গে। স্থি! তুমি মহারাজ বিবে-কের দর্শন কোথায় পাইবে?

শ্রদ্ধা। দেবী বিষ্ণুভক্তি আমাকে বলিয়াছিলেন যে, উপনিষ-দেবীরে পাইবার জন্য তিনি ভাগীরথী তীরে তপস্থা করিতেছেন, আমি এখন সেই স্থানে গমন করিলেই বিবেকের সাক্ষাৎ পাইব।

সৈত্র। স্থি! তবে তুমি এখন ভাগীরথী তীরে গমন কর। অপমিও এখন চলিলাম।

্রিভয়ের প্রস্থাম।

সুমতির সহিত বিবেকের প্রবেশ।

বিবে। (উদ্দেশে মহামোহের প্রতি) আঃ পাপিষ্ঠ মহামোহ, তুই জগতের লোক সকলের কি না অনিষ্ট করিতেছিস্ ?। যেহেতু—

অতি শান্ত সুশীতল, চিদানন্দ বিনির্মাল,

প্রমান্ত্রা অমৃতদাগরে।

থাকিয়াও হলে আন্ত, মহামোহে হ'য়ে ভান্ত,

সে অমৃত পান নাহি করে॥

সংসার জলধি তীরে, গিয়ে বিষময় নীরে,

মূঢ় জন সদা করে পান।

দেখেও নাহিক দেখে, কালকূট লাগে মুখে—

সে জনের নাহি পরিত্রাণ॥

আরও দেখ—

সংসার তৰুর মূল হয়েছে অজ্ঞান।
সেই তৰু নির্মূল না হয়, বিনা জ্ঞান॥
জ্ঞানের কারণ ঈশ্বরের উপাসনা।
তাহাই কৰুক, যার আছে বিবেচনা॥

তাহাই কৰক, যার আছে বিবেচনা।

শে যা হউক, মহামোহের মূল অবোধ, প্রবোধ বিনা

দেই অবোধের কিছুতেই বিনাশ হইতে পারে না।

দেই প্রবোধের উৎপত্তির নিমিত্ত যতু করা

করা করা বিফুভক্তিও আমাকে আদেশ

করিবে," তা অগ্রে দেবী বিফুভক্তির আজ্ঞা

করা উচিত। (চিন্তা করিয়া) মহামোহের

্ৰ করা উচিত। (চিন্তা করিয়া) মহামোহের অন্তচঃ: শ কামই সর্ব্যপ্রধান, সেই কামকেই অগ্রে বিনাশ শংকত ছইবে। এক্ষণে কামের পরা-

Ų

জয়ের নিমিত্ত বস্তুবিচারকে প্রেরণ করি। (স্থাতির প্রতি দৃষ্টি করিয়া) সুমতি! তুমি, বস্তুবিচারকে আমার নিকটে আনয়ন কর।

সুম। যে আজিরা! (গমন, ক্ষণকাল পরে বন্ধুবিচারের সহিত জাগমন)

বস্তু। (উদ্দেশে) কি আশ্চর্য্য! বিচার-রহিত, কামাতুর, মহা-মোহাস্ক লোকদিগকে হুরাত্মা কন্দর্প কি বঞ্চনাই করি-তেছে! দেখ—

মল মৃত্ত ক্লেদ ময়ী পুতলীর প্রায় ।
কামিনী অশুচি সদা তর্ ধন্তা হয় ॥
বিজ্ঞ লোক হইয়াও প্রশংসে কামিনী ।
বলে কিবা পদ্মমুখা কুরঙ্গ-নয়নী ॥
স্মনিবিড়-নিত্ত্বিনী পীন-ঘন-স্তনী ।
কিবা উৰু কিবা ভুৰু, মধুর-বচনী ॥
দেখিলে প্রমন্ত হ'য়ে হয় আফ্লাদিত ।
এ কেবল হুরাচার কামের চেন্ঠিত ॥
আার যে পণ্ডিত মহাশয়েরা যথার্থ বস্তু বিবেচনা করিয়া
থাকেন, ভাঁহাদিগেরও মোহান্ধতা প্রযুক্ত, মাংস,
স্মৃত্ত, অস্থি, মল, মৃত্ত, ক্লেদমিয়ী নারীতে বিরাগ হয় না।
দেখ—

মনোছর মণিমুক্তা মাণিক্য কাঞ্চন।
তুগান্ধি-কুত্মমালা বিচিত্র বসন॥
নানা অলঙ্কার দিয়া সাজান রমণী।
আছলাদিত হন আপনারে ধত্য মানি॥
যে জানে নারীর বাহু অন্তর সকল।
সে ভাবে নরক ইছা যেন অবিকল॥

(উদ্দেশে কামের প্রতি) অরে চণ্ডাল কাম! তুই জগ-তের লোক সক্লকে ব্যাকুল করিতেছিস্।

> কামী জন বলে এই কামিনী আমারে। পূর্ণচন্দ্রমুখী বালা সদা বাঞ্চা করে॥

অরে মুঢ় কামী-

কেবা তোরে বাঞ্ছা করে কিছুই না জান। অন্থি মাংস শরীরকে নারী ব'লে মান॥

- সুম। ওছে বস্তুবিচার! ঐ দেখ, মহারাজ উদ্বিগ্ন চিত্ত্র বসিয়া আছেন, এখন তুমি শীত্র উঁহার নিকটে গমন কর।
- বস্তু। (বিবেকের নিকট উপস্থিত ছইরা) মহারাজের জয় হউক, মহারাজ ! আমি বস্তুবিচার প্রাণাম করি।
- বিবে। কেও বাছা বস্তুবিচার, এসো, এসো, আমার নিকটে ব'সো।
- বস্তু। (উপবেশন করিয়া) মহারাজ! এে দাসের প্রতি কি আজ্ঞা করেন।
- বিবে। বাছা বস্তুবিচার! মহামোহের সহিত আমার তুমুল

 যুদ্ধ উপস্থিত হইয়াছে। সেই যুদ্ধে মহামোহের প্রধান

 সেনাপতি কামের প্রতিবোদ্ধা তোমাকেই স্থিক করি
 য়াছি।
- বস্তু। (সহর্বে) মহারাজ! আজ আমি ধন্য হইলাম। যেহেতু মহারাজ আমাকে বীর-পুরুষ জ্ঞান করিয়াছেন।
- বিবে। ভাল বস্তুরিচার! তোমাকে একটা কথা জিজ্ঞাসা করি। তুমি কি কি অস্ত্র দ্বারা কামকে পরাজয় করিতে পারিবে?

চতুর্থ অঙ্ক।

বস্তু। মহারাজ! যে কামের ধন্ধুর্বণণ পুষ্পানয়, তাহাংখে পরাজয় করিবার জন্য কি কোন অধ্যের জাবশ্যব করে?। দেখুন—

আমি যারে আগ্র কবি দেই জন।
কদাচিত দেখিবে না, নারীর দম॥
মল মূত্র ক্লেদময় দেহ কামিনীর।
বলিবে, যাইবে কাম, এই জেন ছিল।

বিবে। (সানন্দে) ভাল, ভাল, বস্তুবিচার জাহি তোম বাক্যে অত্যন্ত সন্তুফী হইলাম। তুমি জাতি িচ্ছ বটে।

বস্তু। মহারাজ! আরও বলিতেছি শ্রবণ করুন।

পুণ্য-মদী, গিরি, আর পুণ্য-তপোবন। পুণ্যক্ষেত্র, সাধুসঙ্গ, ব্যাদের বচন॥ এ সকল বস্থু যদি জয়যুক্ত থাকে। কি করিবে নারী? কাম পড়িবে বিপাকে॥

কামোদ্ভবের প্রধান কারণ কামিনীকে জয় করিছে পারিলে, কামের অন্যান্য কারণ সকল স্কুতরাং প্র

জিত হইবে। যেমন—

সুগদ্ধি-পুলেপর মালা, সুচাক চন্দন।
কোকিল ভ্রমর রব, চন্দ্রের কিরণ॥
নবীন-পাল্লব, বন, বসন্ত সময়।
মন্দ-গতি সমীরণ, নির্জ্জন-আলয়॥
বরিষা সময়, নব মেঘের উদয়।
কামিনী করিলে জ্বয়, সবে পারাজয়॥

মহরাজ! এক্ষণে আর বিলম্বে প্রয়োজন নাই।

যাত্র। করিতে শীঘ্র আদেশ করুন। আমি রণস্থলে গমন করিয়া, কি কি করিব তাহাও বলিতেছি। .

> উত্তম বিচারু-শর করিয়া যোজনা। ক্ষণেকে বধিব আমি বিপক্ষের সেনা॥ হবে শর জালে প'ড়ে কামের মরণ। জয়দ্রথ বধ কৈল অর্জ্জুন যেমন॥

বিবে। বাছা বস্তুবিচার! তোমার সাহস এবং কৌশল দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলাম। আশীর্কাদ করিতেছি, শত্রু জ্বাের নিমিত্ত শীদ্র গমন কর।

(প্রণাত পৃথকে) যে আজ্ঞা মহারাজ। (প্রস্থান) সুমতি! ক্রোধের পরাজয়ের নিমিত্ত ক্ষমাকে আনয়ন কর।

্য ভাতিঃ (প্রস্থান, ক্ষণকাল পরে ক্ষমার সহিত পুনঃ প্রবেশ) (উ.ক্রেন) ক্রোধভরে বিকট ভ্রুকটি ভয়ানক।

ত ছার বচন কটু সহে কোন লোক ।।

যে ক্তন পণ্ডিত করে আমাকে আজার।

পারের বচন কটু সেই জন সয়॥

আমাকে আজায় ক'রে বিজ্ঞ মোনি রয়।

বাকা জামে শরীরের ক্লেশ নাহি হয়॥

ছিংসা আদি অনর্থ সকল দূরে যায়।

একাকী করিতে পারি, ক্লোধ পরাজয়॥

ষ। ওগো ক্ষমা! ঐ দেখ মহারাজ বদিয়া আছেন। তুমি উহার নিকটে যাও।

ক্ষণ। (বিবেকের নিকটে উপস্থিত হইষা) মহারাজের জয় হউক। মহারাজ! আমি আপনার দাসী ক্ষমা, প্রাণাম করি।

- বিবে। এসো, এসো, বাছা ক্ষম এসেছ, এই খানে ব'স।
- ক্ষমা। (উপবেশন করিয়া) মহারাজ ! এ দাসীর প্রতি কি অনুমতি হয়?
- বিবে : আমি অনুমান করি তুমিই হুরাত্মা ক্রোধকে পরাজয় করিতে পারিবে।
- ক্ষা। মহারাজের চরণপ্রসাদে আমি মহামোহকে পরাজয় করিতে পারি, তাহার অন্তুচর ক্রোধকে পরাজয় করিব এ অতি সামান্য কথা।

যাগ যজ্ঞ তপস্থার বাধক যে ক্রোধ। অবিলম্বে বিনাশিব করি ছেন বোধ॥ প্রকাণ্ড মহিষান্তর বিখ্যাত ধরণী। তাহারে যেমন বিনাশেন কাত্যায়নী॥

বিবে। বাছ। ক্ষমা! বল দেখি কি উপায় দ্বারা তুমি ক্রোধকে
পরাজয় করিবে।

ক্ষা। মহারাজ তাহা শ্রবণ করুন।

মম অঙ্গ আত্রয় করিবে যেই জন।
আমার ক্লপায় হবে সহাস্থ্য বদন॥
কুদ্ধ জনে জোড়করে করিবেক স্কৃতি।
অতি শীঘ্র মরিবে সে ক্রোধ্য মুউমতি॥

বিবে। ভাল, ভাল।

ক্ষমা। মহারাজ! এইরপে ক্রোধের পরাজয় হইলেই হিংসা, কুটুবাক্য, নিষ্ঠুরতা, মত্ততা, অহঙ্কার, মাৎসর্য্য প্রভৃতি অনেকেই পরাজিত হইবে। বিবে। ক্ষমা! তবে তোমার আর এখানে বিলম্ব করিবার আবশ্যক নাইু। তুমি ক্রোধের পরাজয়ের নিমিত অদ্যই বারাণসীতে গমন কর।

ক্ষা। যে আজ্ঞা মহারজি। (প্রণতি পুর্বক গ্যন)

বিবে। সুমতি! লোভের পরাজয়ের নিমিত্ত সন্তোধকে আন্ন-য়ন কর।

কুম। যে আজি মহারাজ। (গমন, ক্ষণকাল পরে সভোষের সহিত আগমন)

সন্তে। (উদ্দেশে) উত্তম উত্তম ফল কত আছে বনে।
সংশীতলজ্ঞলা নদী, আছে স্থানে স্থানে ॥
নবীন পল্লবশ্যা কাননে থাকিতে।
কি নিমিত যায় লোক ধনির হারেতে॥

অরে মূঢ় লোক সকল! তোমাদিগের হঃখের শেষ নাই। দেখ—

ধন পাবে, ব'লে সবে, ভ্রম দ্বারে ।
দূরে থাক্ ধন পাওরা, দের দূর ক'রে॥
কতবার এ প্রকার হয়েছে তোমার।
তথাপি প্রত্যাশানদী, না হইলে পার॥

এ সকলি সেই হুরাত্মা লোভের কর্ম। যেহেতু-

ধনী হরে বহুধনে, আরো পাব কতক্ষণে, এই চিন্তা করে দিবানিশি। হৈল প্রমার্থ নাশ, তোমারে করিল গ্রাস.

নিজ বলে, প্রত্যাশা রাক্ষ্মী॥ যদি বছধন পোলে, হুঃখ হয় খোরাইলে, রেখে গোলে তাহে বা কি ফল।

প্রমার্থ উপার্জ্ঞন কর, ধর প্রবচন, সর্ব্বকাল ছইবে অটল॥ কাল আদি নিজ বলে, যখন ধরিবে চুলে, কোথা রবে ধন পরিজন। যদি কেছ হও ধীর, সন্তোধ অমৃত নীর, সন্তোধে সন্তোধ কর মন॥

স্থুম। (সন্তোষের প্রতি) মহাশার! ঐ দেখুন মহারাজ বাসরা আছেন। আপনি উঁহার নিকটে গমন করুন।

সন্তো। (বিবেকের নিকটে উপস্থিত ছইয়া) জয় মহারাজ, মহা-রাজ ! আমি সন্তোষ, প্রণাম করি।

বিবে। আরে এসো, এসো, বাছা সন্তোষ আমার নিকটে ব'স।

সন্তো। (বিবেকের নিকটে বদিয়া) মহারাজ ! আমার প্রতি কি আদেশ হয় ?

বিবে। বাছা সম্ভোষ! হুৰ্জ্জন্ন লোভের পরাজন্নের নিমিত্ত তোমাকে বারাণসীতে গমন করিতে হইবে।

সস্তো। যে আজ্ঞা মহারাজ, আমি এখনি গমন করিব।

অনেক দ্রব্যেতে থাকে লোভ হুরাশর। ত্রিলোকের অনিষ্টকারক সেই হয়। ক্ষণমাত্রে আমি তার বধিব জীবন। যেমন ঞীরাম বধেছেন দশানন॥

[বিবেককে প্রণাম পূর্ব্বক প্রস্থান।

বিনয় নামে গণকের প্রবেশ।

বিনয় ৷ (বিবেকের সম্মুখে দণ্ডায়মান হইয়া প্রণতি পূর্বক) মহারাজের জয় হউক ৷ মহারাজ ! আমি গণক, সামার নাম বিনয়। আমি যুদ্ধযাত্রার শুভক্ষণ নির্ণয় করিয়াছি,
এবং প্রস্থানের মাঙ্গল্য দ্রেব্য সকল প্রস্তুত করিয়াছি।
বিবে। হাঁ! উত্তম হইয়াছে। বিনয় তুমি শীন্ত সেনাপতিদিগকে শুভ সময়ে যাত্রা করাও।
বিন। যে আজ্ঞা মহারাজ প্রেণাম পূর্বক রঙ্গভূমির এক পার্বে
উপস্থিত হইয়া)

গাণে মুণ্ডে শুণে তুলে সদা মদ করে।

এমন হস্তীর সজ্জা করে ত্রা ক'রে॥

পাবন সমানগাতি তুরক্ষ সাজাও।

যোজনা করিয়া রথে পথে চলে যাও॥

শেল শূল শক্তি যক্তি গদা ভিন্দিপাল।

লগুড় তোমর চাপ বাণ করবাল॥

এ সকল অস্ত্র লয়ে যত সেনাগণ।

এই শুভক্ষণে সবে করহ গমন॥

এই সময়টী যুদ্ধযাত্রার উপযুক্ত সময় হইরাছে, এক্ষণে আমি সাংখ্যশাস্ত্র প্রভৃতি সেনাপতি সকলকে এবং পরশ্রীভাবনা প্রভৃতি স্নোগণকে সমিভ্ভারে লয়ে যুদ্ধক্ষেত্রে গমন করি।

প্রস্থান।

বিবে। পাপিষ্ঠ মহামোহের পরাজয়ের নিমিত্ত সেনানী সকলকে প্রেরণ করা হইয়াছে। এক্ষণে চল আমরাও
বারাণসীতে গমন করি।

সকলের প্রস্থান।

চতুর্থ অঙ্ক ৷

প্ৰথম গৰ্ভাক্ষ ব

-FED-

(রঙ্গভূমি বারাণসী।)

মন্ত্রী ধর্ম, এবং সৎসঙ্গ সার্থির সহিত বিবেকের প্রবেশ।

সার্থ। মহারাজ! সন্মুথে সুরধুনীতীরে আদিদেব কেশবের মন্দির দেখা যাইতেছে।

বিবে। (সহর্ব) এমন আনন্দময় স্থান কি আর আছে ^१
ইনি সেই আদিদেব হরি মুক্তি দাতা।
ফাঁহারে পুরাণে কহে কাশীর দেবতা॥
এই স্থানে মরিলে কৈবল্য পায় জীব।
কর্ণেতে তারক মন্ত্র দেন সদাশিব॥

সার। মহারাজ! ঐ দেখুন কাম, ক্রোধ, লোভ প্রভৃতি
মহামোহের সেনাগণ মহারাজকে দেখিবামাত্র অতি
দ্রুতবেগে পলায়ন করিতেছে।

বিবে। উত্তম হইয়াছে, এক্ষণে চল আমর। আদিদেব কেশবকে প্রাণাম করিয়া আসি। (সকলেই মন্দিরের নিকট উপস্থিত হুইয়া প্রণতি পূর্বক জোড় করে স্তুতি পাঠ)

> জর জর কেশব, জর জর মাধব, জর জর বিপিনবিহারী। জর পীতাম্বর, জর মুরলীধর, জর গোবর্জনধারী॥

ব্ৰজ্বনিতাশ্বর চেরি, ছে নটবর,

মুরছর ছরি বনমালী।

ব্ৰজ্ব রাজ বালক, ত্রিভ্বন পালক,

মধুরিপু বহু গুণশালী॥

নিন্দিত নব খন, বিদ্লিত অঞ্জন,

গঞ্জন শ্রামল কান্তি।

জয় দামোদর, ভুবন মনোছর,

সুন্দর হর মম ভাস্তি॥

(প্রণাম পূর্বক চতুর্দ্দিক ভ্রমণ এবং অবলোকন করিতে করিতে)
বিবে। মক্ত্রিবর ! পৃথিবী মধ্যে এই বারাণসীর সদৃশ উৎকৃষ্ট স্থান আর নাই। এই স্থানে আমাদিগের রাজপতাকা রোপণ করা উচিত।
মক্ত্রি। যে আজ্ঞা মহারাজ! এক্ষণে চলুন আমরা বাস ভবনে

সিকলের প্রস্থান।

ইতি বিবেকোছোগ নাম চতুর্থাক।

গমন করি।

পঞ্চম অঙ্ক।



(রঙ্গভূমি বারাণদী চক্রতীর্থ।)

সাধুজন পরিহত। বিষ্ণুভক্তি, শান্তির সহিত ক্রোপক্ধন ক্রিতেজেন। শ্রাদ্ধার প্রাক্তা

व्यक्ष। (डेटक्टन)

শক্ততা হইলে যুদ্ধ হয় পরস্পরে।
তাহাতে জন্মিলে ক্রেগি কুলক্ষয় করে।
রক্ষে রক্ষে ঘর্ষণেতে জন্মে দাবানল।
বেমন তাহাতে দহে দে রক্ষ সকল।

কি আশ্চর্য্য ! বস্তুবিচারাদি কামাদিকে বিনাশ করিয়াছে, তজ্জন্য আমার মন এত ব্যাকুল হইতেছে
ক্যান ? (কিঞ্চিং চিন্তা করিয়া) হাঁ! তা না হবে ক্যান ?
আমরা নাকি মনের সন্তান, এবং কামাদিও সেই
মনের সন্তান। যদিচ সেই কাম ক্রোধাদি অতি
হুর্বন্ত এবং আমাদিগের অত্যন্ত অনিষ্টকারী, তথাপি
আমরা সকলেই এক বংশে জন্মিয়াছি বলিয়া তাহাদিগের জন্য আমার এরপ শোকের উদয় হইতেছে।
তা হতেই পারে। যেহেতু—

মদ নদী, পয়োমিধি, পর্বত, কানন। ত্রিজ্ঞগতে চিরস্থায়ী নহে কোন জন। তৃণতুল্য প্রাণীর বিষয়ে কোন্ কথা। তথাপি দুরুন্ত শোক না হয় অন্তথা॥

সে যা হউক, যুদ্ধক্ষেত্রে হিংসার নিশ্চর আগমন
সন্তাবনায় দেবী বিষ্ণুভক্তি যুদ্ধ স্থান পরিত্যাগ করিয়া
শালগ্রামক্ষেত্রে বাস করিতেছেন, এবং আমার মুখে
যুদ্ধের রক্তান্ত সকল শুনিবার জন্য আমাকে তথার
যাইতে বলিরাছিলেন। এক্ষণে আমি তাঁহার নিকটে
গমন করি। (কিঞ্চিৎ দূর গমন করিয়া) এই যে সম্মুখে
চক্রতীর্থ দেখিতেছি। এই স্থানে অপার সংসার
সাগর পারাবারের কাণ্ডারী হরি স্বয়ং বাস করিতেছেন। (প্রণাম করিয়া) এই যে দেবী বিষ্ণুভক্তি আমার
কন্যার সহিত কি কথোপকথন করিতেছেন, এবং সাধু
সকলে তাঁহাদিগকে চভুদ্দিক বেষ্টন করিয়া উপাসনা
করিতেছেন। আমি এই সময় ইহাঁদিগের নিকটে যাই।

শাস্তি। (বিষ্ণুভব্তির প্রতি) দেবি! আজ আপনাকে এমন চিস্তাযুক্তা দেখিতেছি ক্যান ⁸

বিষ্ণু। বাছা শান্তি! সেই ঘোরতর যুদ্ধে প্রবল মহামোহ, না জানি বাছা বিবেকের কি হুদ্দশাই করিয়াছে, এ পর্যন্ত তাহার কোন সমাদ না পাওয়ায় আমার মন অত্যন্ত ব্যাকুল হইয়াছে।

শান্তি। দেবি! সে জন্য চিন্তার বিষয় কি? আপনার অন্ত্র্যাহ্ থাকিলে মহারাজ বিবেকের অবশ্যাই জয় লাভ হইবে।

বিষ্ণু। বাছা শান্তি! তুমি যাহা কহিলে সে সকলি সত্য ৰটে, তথাপি— স্থহদের মঞ্চল যক্তাপি সদা হয়। প্রামাণিক লোক আসি নিক্টেতে কয়। তথাপি অশুভ শকা হয় মনে মনে। সেই শুভ সত্য ব'লে নাহি লয় মনে॥

বিশেষতঃ যুদ্ধের র্তান্ত সকল শুনিবার জন্য শ্রদ্ধাকে আমার নিকটে আসিতে বলিয়াছিলাম, কিন্তু শ্রদ্ধা এ পর্য্যন্ত না আসায় আমার মন অত্যন্ত চঞ্চল হইয়াছে।

শ্রদ্ধা। (বিষ্ণুভক্তির নিকটে উপন্থিত হইয়া) ভগবতি! প্রাণাম করি।

বিষ্ণু। (সহর্ষে) কেও বাছা শ্রদ্ধা, এস এস, সকল মঙ্গল ত ? শ্রদ্ধা। দেবি! আপনার প্রসাদে সকলি মঙ্গল।

শান্তি। মা! প্রণাম করি।

শ্রদ্ধা। বাছা শান্তি, এস এস, আগার ক্রোড়ে ব'স।

শান্তি। (একার ক্রোড়ে উপবেশন)

বিষ্ণু। বাছা শ্রহ্মা! তোমার মুখে যুদ্ধের রতান্ত সকল শুনি-বার জন্য আমার মন অত্যন্ত ব্যাকুল হইয়াছে, এক্লণে তাঁহা আনুপূর্বিক বল।

শ্রদ্ধা। দেবি! তবে শ্রবণ করুন।

আপনি আদিদেব কেশবের মন্দির হইতে গমন করিলে পর, প্রভাত সময়ে মহামোহ এবং মহারাজ বিবৈক এই ছই পক্ষের সৈন্য বিন্যাস হইলে, মহারাজ বিবেক, ন্যায়দর্শনকে দৃত করিয়া মহামোহের নিকট পাঠাইলেন। ন্যায়দর্শন ঘোরতর সৈন্যাগরে প্রবেশ

পূর্বক মছামোছের নিকটে উপস্থিত হইয়া কছিলেন
যে,—

দেবালয়, পুণ্যনদী, পুণ্যবনস্থলী।
পুণ্যবান লোকের হৃদয় এ সকলি॥
পরিক্যাগ কর মোহ যদি ভাল চাও।
আপনার সৈম্ভলয়ে মেচ্ছ দেশে যাও॥
নতুবা ভোমার দেহ হবে খণ্ড খণ্ড।
নতুবা কুরুরে খাইবেক ভোর মুণ্ড॥

বিষ্ণু। (দহর্ষে) ভার পর, ভার পর।

শ্রদ্ধা। তার পর মহামোহ ন্যায়দর্শনের ঐ রূপ কটুবাক্য শ্রবণমাত্র রাগভরে ভ্রুকটুিভঙ্গি করিয়া "কি! এত বড় স্পর্দ্ধা, আমি এই দণ্ডেই সেই ভূরাত্মা বিবে-কের সমুচিত ফলদান করিব" এই কথা বলিয়া পাষ-গ্রের সহিত পাষগুশাস্ত্র সকলকে প্রেরণ করিলেন। ইতি মধ্যে মহারাজ বিবেকের সৈন্যগণের সম্মুখে।

বেদান্ধ পুরাণ বেদ ইতিহাস স্মৃতি।
সর্ব্ব শান্ত্র ময়ী দেবী উজ্ঞল আকৃতি ॥
শশাক্ষ সদৃশ কান্তি সরস্বতী মাতা।
সামুকুলা হইয়া হঠাৎ উপস্থিতা॥

বিষ্ণু। (প্রসন্ন বদনে) তার পর, তার পর। শ্রাদ্ধা। তার পর বৈষ্ণবশাস্ত্র, শাক্তশাস্ত্র, এবং শৈবশাস্ত্র প্রভৃতি শাস্ত্র সকল, সরস্বতীর নিকটে উপস্থিত হই-শেন।

বিষ্ণু। (ব্যথা হইয়া) তার পর, তার পর। শুদ্ধা। তার পর— স্থার সাংখ্য পাতাঞ্জল, মহাভাষ্য মহাবল,
কণাদ প্রভৃতি শাস্ত্র লয়ে।
সহত্র বাহুধারিণী, মীমাংসা রণবজিনী,
ত্রীবেদ ত্রিচক্ষ ধরিছে॥
আর আর শাস্ত্রগণ, অজে নানা আভরণ,
শ্রুণ চর্ম ত্রিশুল ধারিণী।
সরস্বতীর সন্মুখে, আইলেন হাস্থ মুখে,
যেমন দ্বিতীয় কাত্যায়নী॥

শান্তি। (শ্রদার প্রতি) মা! আপনি কহিলেন যে, মহামোছের পরাজয়ের নিমিত্ত সকল শাস্ত্র একত্র হইয়াছিলেন, কিন্তু স্বভাবত বিরুদ্ধবাদী আগমশাস্ত্রের সহিত মীমাং -সাদি শাস্ত্রের কি প্রকারে মিলন হইল ?

শ্রহ্মা। বাছা তা কি জান না। যদিচ এক বংশজাত ব্যক্তির,
পরস্পর বিবাদী হইয়া থাকে, কিন্তু অপরের সহিত
বিরোধ উপস্থিত হইলে তাহারাই আবার একত্র
মিলিত হইয়া বিপক্ষের বিরুদ্ধে কাধ্য করে। বেদ
হইতে সকল শাস্তই উৎপন্ন হইয়াছে। ঐ সকল
শাস্ত্র যদিচ পরস্পার বিরুদ্ধবাদী, তথাপি নাস্তিক মত
থণ্ডন এবং বেদ রক্ষার নিমিত্ত তাহারা একত্র হইয়াছিলেন। ফলত তত্ববিচারক ব্যক্তিদিগের নিকটে
কোন শাস্তের বিরোধ নাই। দেখ—

নির্মিকার নিরঞ্জন, প্রমাতা স্নাতন, জনাদি জনস্ত জ্যোতিম্য।

গুণভেদ হৈলে তিনি, বৃহ্ণ গুলপ্^{নি},

এই ভেেদ ভাগগ্ৰেছে ক্ষা।

শাস্ত্র হ'ল ভাই, তাহাতে বিরোধ নাই,
তাহাতেও ঈশ্বর পাইবে।
তাল প্রাটক বারি, বক্র বা খজু সঞ্চারি,
সব জল-সমুদ্রে যাইবে।

আছা: । ও কথা এখন থাকুক, যুদ্ধের রতান্ত যাহা
বলৈতেছিলে তার পর কি হ'ল, এখন তাহাই বল।
তার পর—

মহামোহ আর বিবেকের যত বল।
আন্ত শন্ত ধরিয়া দাঁড়াল ছই দল।
করিল তুমুল যুদ্ধ উভয়ের সেনা।
পড়িল যতেক সৈতা না হয় গণনা।
কধিরে হইল নদী মাংসেতে কর্দ্দ।
মন্তক সকল হইল কচ্ছপের সম।
হন্তী সব দ্বীপের সমান নদী মাঝে।
ধেত ছত্ত হংস তুলা হইলা বিরাজে।
ধনুক সকল সর্প সমান ভাসিল।
আন্ত শন্ত নানা পক্ষী সদৃশ হইল।

সেই ঘোরতর মহা সংগ্রামে প্রথমতঃ বৌদ্ধ শাস্ত্র এবং নাস্তিক শাস্ত্র ইহারা হুই জনে অগ্রসর হইল। কিন্তু ঐ হুই জনে পরস্পার অনৈক্য জন্য পরস্পার মর্দ্ধনে বৌদ্ধ শাস্ত্রের বিনাশ হওয়াতে নাস্তিক শাস্ত্র নির্মূল হইয়া বেদান্ত প্রভৃতি শাস্ত্ররূপ সমুদ্রের জলে ভাসিতে ভাসিতে গান্ধার,পারসীক, মগধ, অঙ্গ, কলিঙ্গ প্রভৃতি দেশে গমন করিয়াছে। পাষ্ট্র দিগম্বরসিদ্ধান্ত এবং সোমসিদ্ধান্ত প্রভৃতি পাঞ্চাল, মালব, আভীর দেশে গমন করিয়া গুপ্তভাবে আছে। নাল্ডিকদিগের তর্কশাস্ত্র সকল ন্যায় মীমাংস্যার প্রহারে জর্জ্জরীভূত হইয়া বৌদ্ধাগমের পথে গমন করিয়াছে।

বিষ্ণু। (অত্যন্ত আনন্দিতা হইয়া) তার পার, তার পার।

শ্রদ্ধা। তার পর বস্তুবিচার, কামিনীকে পরাজয় করাতে কামেরও বিনাশ হইয়াছে। ক্ষমা কর্তৃক ক্রোধ, হিংসা এবং নিষ্ঠুরতার অস্তিমকাল ঘটিয়াছে। লোভ, তৃষ্ণা, দৈন্য, মিথ্যা, চৌর্য্য এবং প্রতিগ্রহ, ইহারাও সস্তোধ্যা করেয়াছে। অনস্থ্যা মাৎস্ব্যুক্ত এবং পরশ্রভাবনা মদকে পরাভব করিয়াছে।

বিষ্ণু। বাছা শ্রন্ধা! তোমার মুখে যুদ্ধের রতান্ত শুনে আমার যে কত আহ্লাদ হয়েছে তা প্রকাশ করিতে পারি না। এখন বল দেখি মহামোহের কি দশা হইয়াছে।

শ্রেদ্ধা। মহামোহ যোগব্যাঘাতের সহিত কোন গোপনীয় স্থানে লুক্কায়িত আছে। তাহার বিশেষ সন্ধাদ এ পর্য্যস্ত জানিতে পারি নাই।

বিষ্ণু। (বিমৰ্থভাবে) তবে ত বিবেকের শত্রু নিঃশেষ হইল না। যা হউক বিবেক অবশ্যই তাহার বিনাশ করি-বেন। যেহেতু—

> পাপ শেষ রোগ শেষ আর ৠণ শেষ। অগ্নি শেষ শক্ত শেষ করিবে নিঃশেষ॥ আপনার ভাল চেক্টা করে যে পণ্ডিত। এ সকল শেষ নাছি রাখে কদাচিত॥

বাছা শ্রদ্ধা! তোমায় আর একটা কথা জিজ্ঞাসা

করি, কাম ক্রোধাদি প্রিয় পুত্র সকল বিনাশ হওয়াতে মন পুত্র শোকে কি রূপ অবস্থায় আছে?।

শ্রদ্ধা। আহা! তিনিও পুত্র পৌত্রাদির শোকে অত্যন্ত কাতর হইয়া প্রাণ পরিত্যাগ করিতে উদ্যত হইয়াছিলেন।

বিষ্ণু। (হাস্ত পূর্বক) হার ! এমন দিন কি হবে ? তার কখন কি মরণ আছে ? তা হলে ত আমর। সকলেই ক্লতার্থ হইতাম, পুরুষ সকল নিশ্চিন্ত হইতেন, এবং আত্মাও পরম বৈরাগ্য অবলম্বন করিতেন।

সে বা হউক, হুরাত্মা মহামোহের কি রূপে মরণ হইবে এখন সেই চিস্তাই আমার মনে প্রবর্গ হইয়া উঠি-তেছে।

শ্রদ্ধা। (ছাক্রপুর্কক) দেবি ! সে জন্য চিন্তার বিষয় কি ? যদি আপনার অন্ত্র্যাহ থাকে, তবে সেই প্রবোধচন্দ্র জন্মিবামাত্র মহামোহকে বিনাশ করিবে।

বিষ্ণু। তবে চল এখন মনের নিকটে বৈরাগ্যের সমাগমের নিমিত্ত বেদান্তদর্শনকে প্রেরণ করি।

[বিষ্ণুভক্তি, শ্রদ্ধা এবং শান্তির প্রস্থান।

সঙ্কপের সহিত মনের প্রবেশ।

মন। (দীর্ঘ নিঃখাস ত্যাগ করিয়া উদ্দেশে) হার ! আমি পুজ্রাদির শোকে অত্যস্ত কাতর হইয়াছি, এখন কোথা যাই, কে আমার এ দারুণ শোক নিবারণ করিবে। হা প্রিয় পুত্র কাম ক্রোধ! হা বৎস অহঙ্কার! তোমরা কোথায় গিয়াছ, শীদ্র আমার বাক্যের উত্তর দাও। (চতুর্দ্দিক অবলোকন কয়িয়া রোদন করিতে করিতে) কৈ কেছই যে আমার বাক্যে উত্তর দেয় না। প্রিয় সুহৃৎ রাগ দ্বেষ মদ মাৎস্থ্যাদি! তোমরা ত আমার নিয়ত সহচর ছিলে, এখন সময় পাইয়া তোম-রাও কি আমাকে পরিত্যাগ করিলে? হায়! আশা. অস্থা, ঈর্যা, মততা প্রভৃতি কন্যারাই বা কোথায় গেল। আমি রন্ধদশায় শোকানলে দগ্ধ হইয়া হাহা-কার করিতেছি; তাহারাও ত পিতা বলে কেহই এক বার আমাকে সাস্ত্রনা করিল না। আর রতি, হিংসা, তৃষ্ণা, নাস্তিকতা প্রভৃতি পুত্রবধূগণ, তোমরাই বা এমন বিপদের সময় কোথায় গেলে। সময় পাইয়া কে বুঝি ভোমাদিগকে হরণ করিয়াছে। হায়! আর যে এে দেহভার বহন করিতে পারি না,আমার হৃদয় যে বিদীর্ণ হইতেছে।

পুক্রাদি বিনাশ জন্ত শোক মহাত্বর।
অতিশার বাণুকুল করিছে নিরন্তর।
বিষাধি সমান মর্ম সদা দহিতেছে।
মর্মান্তিক আত্যন্তিক বেদনা দিতেছে।
হইতেছে মরণের অধিক যন্ত্রণা।
করিতে না পারি হিতাহিত বিবেচনা॥

হায়! আমি এখন কোথায় যাই, চতুদ্দিক যে শ্ন্য দেখিতেছি। (মূর্চ্চিত এবং পতিত)।

- সঙ্ক। (রোদন করিতে করিতে) ছায় ! একি হল, মহারাজ ষে একেবারে অজ্ঞান হয়ে পড়েছেন। এখন কি করি, নিকটে যে আর কাহাকেও দেখিতে পাই না। মহা-রাজ! ইন্দ্রিয়রাজ ! উঠুন, উঠুন।
- মন। (চৈততা প্রাপ্ত হইরা) সঙ্কপে ! আমার প্রিয়পত্নী প্রার্থতি কোথায় ? সেও কি এমন বিপাদের সময় এক বার আমার নিকটেও এল না ?
- সঙ্ক। (সকাতরে) মহারাজ! আপনি বলেন ক্রি, আপনি যে নিতান্ত অবোধের ন্যায় কথা কহিছেন। তিনি কি বেঁচে আছেন, যে আপনার নিকটে আসিবেন।
- মন। (সবিক্ষারে) য়াঁগা! কি বল্লে গ আমার প্রিয়তমা প্রার্তি বেঁচে নাই ?। সঙ্কপে ! তুমি সত্য ক'রে বল, আমার প্রিয়তমার কি হয়েছে।
- সঙ্ক। মহারাজ! আর ব'লব কি, তিনিও কাম ক্রোধাদির শোকে জীবন ত্যাগ করিয়াছেন।
- মন। কি ব'ল্লে থাণেশ্বরী প্রাণ পরিত্যাগ করিয়াছে, হা প্রিয়ে—

স্বপ্নেতেও আমা ছাড়া না থাকিতে তুমি।
তোমা বিনা ক্ষণমাত্র নাছি বাঁচি আমি॥
বিধাতা করিল তব সহিত বিক্ছেদ।
তথাপি জীবন আছে এই বড় খেদ॥

হায়! আমার অদৃষ্টে শেষে এই ছিল। একে ত কাম ক্রোব প্রভৃতি পুত্রাদির শোকে জর্জ্জরিত ছই-য়াছি, তাহাতে আবার প্রিয়তমার মুখচন্দ্র যদি চিরকালের মত অন্তমিত হইল, তবে আর এ ছার দেছ-ভার বহনের ফল কি?। ভাই সঙ্কপে! তুমি শীঘ্র আমার জন্য চিতা প্রস্তুত করিয়া দাও, আমি সেই চিতানলে প্রবেশ করিয়া অবিলয়ে শোকানল নির্বাণ করিব।

বৈদান্তিকী সরস্বতীর প্রবেশ।

- সর। (উদ্দেশে) ভগবতী বিষ্ণুভক্তি আমাকে কহিয়াছেন
 যে, "সখি সরস্থতি! পুত্র শোকাতুর মনের প্রবোধ
 জন্মাইবার নিমিত্ত তুমি তাহার নিকটে গমন কর।
 এবং যাহাতে মনের নিকটে বৈরাগ্যের সমাগম হয়
 তদ্বিয়েও বিশেষ রূপে যতু করিবে।" এক্ষণে বিষ্ণুভক্তির সেই আদেশ পালন জন্য মনের নিকটে গমন
 করি। (কিঞ্চিং গমন করত মনের নিকট উপস্থিত হইয়া)
 বাছা মন! তুমি এত কাতর হইয়াছ ক্যান?।
 - মন। (সবিস্বয়ে) একি! মাতা সরস্বতী, মা প্রণাম করি। (প্রণাম করিয়া) আপনি এমন সময় কোপা ছইতে আগ-মন করিলেন[?]
 - সর। বাছা! দেবী বিষ্ণুভক্তির নিকটে তোমার রতীন্ত সকল শুনিরাছি, এবং তোমার শোক নিবারণ করিবার জন্য তিনিই আমাকে তোমার নিকটে পাঠাইয়াছেন। তা বাছা! তুমি এত কাতর হইতেছ ক্যান। তুমি ত

জান, জন্য বস্তু সকলি অনিত্য। আর পুরাণ ইতিহাস প্রভৃতি শাস্ত্র পাঠ করিয়া জানিতে পারিয়াছ যে, জগতের কোন বস্তুই চিরস্থায়ী নহে। দেখ—

কত চন্দ্ৰ, কত ইন্দ্ৰ, কত প্ৰজ্ঞাপতি।
মনু, মুনি, মছীধর, আর বন্মতী॥
সমুদ্ৰ প্ৰভৃতি নাশ হৈল কত বার।
জলবিম্ব সমান শরীরে নাছি সার॥
তাছাতে কি থাকে পাঁচ পাঁচে মিশাইলে।
শোক পরিত্যাগ কর, কি হবে কাঁদিলে॥

আরও দেখ, বিবেচক ব্যক্তিকে কখন শোক আক্রমণ করিতে পারে না। বে ছেতু---

এক ব্রহ্ম পরাৎপর সত্য নিরঞ্জন।
তাহা ভিন্ন সকলি অলীক ত্রিভূবন॥
এ প্রকার বিবেচনা আছরে যাহার।
শোক কিম্বা মোহ কি করিতে পারে তার॥

- মন। আপনি যাহা কহিলেন সে সকলি সত্য বটে; কিন্তু শোকাকুল চিত্ত মধ্যে বিবেচনা প্রাবেশ করিতে পারে না।
- সর। হাঁ, তা সত্য বটে, কিন্তু তাহারও প্রধান কারণ স্নেহ। দেখ—

প্রথমে মনুষ্যগণ করিরা যতন।
ভার্যারপ বিষদতা করত্ত্বে রোপণ॥
সর্ব্ব হুঃখ শোকের কারণ সেই নারী।
বক্ষায়ি সমান গর্ভ জনমে তাহারি॥

সেই গর্ডে স্বেছময় পুত্রাদি জনমে।
এইরপে বংশ রন্ধি হয় ক্রমে ক্রমে ॥
তাহার বিচ্ছেদে শোক হয় উপস্থিত।
এই হেতু সংসার করণ অনুচিত॥

মন। ভগবতি! আপনি যাহা কহিলেন সে সকলি সতা;
কিন্তু আমার হৃদয় শোকানলে এরপ দগ্ধ হইতেছে
যে, এক্ষণে কোন উপায়ে তাহার শান্তি লাভের সন্তঃবনা নাই। আর ক্ষণকালের জন্য জীবন ধারণ করিতে
অসমর্থ হইয়াছি। অন্তিম সময়ে আপনাকে দর্শন
করিলাম, ইহাই মঙ্গলের বিষয়। আপনি সন্মুণে
থাকুন, আপনার সাক্ষাতে প্রাণ পরিত্যাগ করিয়া
সকল যন্ত্রণা নিবারণ করি।

সর। বাছা! তুমি এ কি কথা বলিতেছ? শত্রু তুল্য পুত্র পৌত্রাদির শোকে আত্মঘাতী হইয়া ইহকাল ও পর-কাল নফ করিবে?। পুত্র পৌত্রাদি যে পরম শত্রু তা কি তুমি জান না?।

পুত্র পোত্র করে কি করেছে উপকার।
করিতেছে অথবা কি করিবে ডোমার॥
তাহার নিমিত্ত এত চিন্তা কি কারণ।
বিশেষ বিচ্ছেদানলে দহিছ এখন॥
কাম ক্রোধ লোভ আদি সন্তান তোমার।
তাহারা তোমারে লয়ে গেছে নদী পার॥
কত বার লয়ে গেছে পর্বত উপরে।
ভ্রমায়েছে বনে রণে আর ছারে ছারে॥

মন ৷ দেবি ! আপ্রি বাহা বলিলেন সে সকলি সত্য বটে :

কিন্ধ—

করিরাছি চিরকাল লালন মাহার। বিশেষত সন্তান আত্মজ আপনার॥ তাহার বিরোগে প্রাণবিরোগের ক্লেশ। হতেছে তাহাঁর আর কব কি বিশেষ॥

সর। বাছা! তুমি যাহাবলিলে সে কেবল্মমতার কর্ম। দেখ—

> গৃহের কপোত যদি বিড়ালেতে খার। কিছু শোক হয়, আছে মমতা তাহায়॥ চড়া কিষা ইন্দুরেতে না হয় তাদৃশ। তাই বলি জেন শোক মমতা সদৃশ॥

মমতাই সকল অনর্থের মূল, মমতা না থাকিলে কাছা-রও জন্য শোক হইতে পারে না। এক্ষণে মমতা ত্যাগ করিতে সর্বতোভাবে যতু কর। দেখ—

কত শত কীট জয়ে শরীর হইতে।
বল দেখি কেন স্নেহ না হয় তাহাতে?॥
তার মধ্যে এক কীট পুদ্র নাম যার।
তার জন্য শোক করা এ কোন বিচার?॥

মন। হাঁ, যদিচ পুত্রাদি শরীরের অন্য কীটের স্বরূপ বটে, তথাপি মমতাগ্রন্থি ছেদন করা অতি ছক্ষর। যেহেতু—

> শ্বেহ ডোরে বদ্ধ হয় জগতের জন্ত। লালন পালনে সদা দৃঢ় হর তন্ত ॥ সে অস্থি ছেদের যদি জানেন উপায়। সত্তরে বলুন, মাগো ধরি তব পায়॥

সর। বাছা! মমতা পাশ ছেদনের প্রথম উপায় এই যে, জন্য বস্তু সকলি অনিত্য, নিরন্তর এইক্লপ চিন্তা করা। যেমন—

বিস্তারিত এই মহা বিষম সংসার।
বার বার যাতারাত হতেছে তোমার॥
অতীত হয়েছে কত কোটি কোটি পিতা।
গািরাছে তোমার কত কোটি কোটি মাতা॥
কত কোটি দারা পুদ্র গািরাছে তোমার।
পরিবার সংঘটন বিত্যত আকার॥
মমতা বন্ধন যাবে পরামর্শ লও।
এক্দেণতে তেমনি ভাবিয়া স্থী হও॥

মন। (কিঞ্চিৎ কাল চিন্তা করিয়া) দেবি! আপনার প্রসাদে আমার শোক, তাপ, ক্লেশ সকলি দূর হয়েছে। কিন্তু—

ভগবতি! তোমার বদন পূর্ণশাী।
উপদেশ তাহাতে নির্মল স্থারাশি॥
নির্মল হুদরাকাশ হইল আমার।
শোক আদি মলিন করয়ে পুনর্কার॥
সেই শোক বিনাশের যা হয় বিহিত।
রূপা করি দেও মাতা ঔষধ কিঞ্চিং॥

সর। বাছা! যে ঔষধে শোক বিনাশ হইবে তাহা বলি-তেছি, স্থিরভাবে শ্রবণ কর।

> কৌন ক্রমে হয় যদি শৌকের ভাজন। তুর্নিবার মহাশোক না হয় বারণ॥

এক মাত্র আছে কিন্তু তাহার উপার। অচিন্তন মহোধধ মুনিগণ কর॥

বাছা! এক্ষণে সেই সকল পুত্র পৌজ্রাদির চিন্তা হইতে মনকে নির্ত্তি কর, তাহা হইলে শোক তোমার নিকটেও আসিতে পারিবে না। আর যদি তাহা-দিগকে চিন্তা কর, তবে সে শোক নিবারণ করা দূরে পাকুক, বরং উত্তরোত্তর রৃদ্ধি হইবে।

মন। ভগবতি ! আপনি যাছা কছিলেন সে সকলি সত্য বটে। কিস্কু—

চিত্ত অতি হুর্নিবার, শোক হৈতে যদি তার,

অতি কম্টে হয় নিকারণ।

চিন্তা আসি অবিরত, চিত্ত করে অভিভূত,

মেষ মালা শশীতে যেমন॥

খণ্ড খণ্ড মেছ আসি, বায়ু ভরে ঢাকে শশী,

পুনর্বার শশী সুপ্রকাশে।

পুন অন্ত মেঘ মালা, আসি ঢাকে শশি কলা,

এইরপ হৃদয়-আকাশে॥

এক চিন্তা চিন্ত ঢাকে, নিবারণ করি তাকে,

অন্ত চিন্তা করে আগমন।

সেই চিন্তা তুর্নিবার, চিন্তে আসি পুনর্কার,

निक राम कात्र व्याष्ट्रांपन ॥

সর। বাছা! তুমি এখন শান্তিরদে মনকে অভিনিবেশ কর, তা হ'লে শোক তাপাদি একেবারে দূর হইবে। মন। শান্তিরস কি প্রকার, তা ত আমি জানি না, আপনি অন্প্রাহ পূর্বক তাহা প্রকাশ করিয়া বদুন। সর। বাছা! যদিচ শান্তিরস অতি গোপনীয়, তথাপ শোকার্ত্ত ব্যক্তিকে তদ্বিষয়ের উপদেশ দেওয়া অবশ্য কর্ত্তব্য। প্রথমে সাকার ত্রন্ধের উপাসনা স্বরূপ কথা কাণ্ডের উপদেশ দিতেছি, পরে নিরাকার ত্রন্ধের উপা-সনা স্বরূপ জ্ঞান কাণ্ডের উপদেশ দিব।

সাকার ত্রন্ধের উপাসনা এইরূপে করিবে। যথ

নব জলধর শ্রাম, ললিত ত্রিভঙ্গ চাম, গলে বনমালা করে বাঁগী।

পীতবাস পরিধানে, মকর কুগুল কানে,

শিরে শিখিপুচ্ছ মুখে হাসি॥

কটিতে কিন্ধিণি জাল, চূড়ায় বকুল মাল,

শ্রীচরণে রতন স্পুর।

জিনি কাল ভুজিঞ্চিনী, পৃঠে সুললিত বেণী,

করযুগে কঙ্কন কেয়ূর॥

কস্থুরী তিলক ভালে, নাদায় মুকুতা দোলে,

অলকা আস্তত মুখ শশী।

এইরূপ নারায়ণ, হৃদয়ে করি ধারণ,

ভাব মন দিবা কিবা নিশি॥

আর নিরাকার ত্রন্ধের উপাসনা যেরূপে করিতে ছয় তাহাও বলিতেছি। যথা—

নির্কেপ প্রম-জ্যোতি এক্ষ সন্থতন।
নিরঞ্জন চিদানন্দে ময় হও মন॥
পাপ তাপ শোক ক্লেশ সব দূরে যাবে।
আনন্দ শীতল জলে জীবন জুড়াবে॥

বাছা! তুমি এখন এইরপে পরম ব্রক্ষের উপাসন

কর, তা হলেই একেবারে সকল ক্লেশ হইতে মুক্ত হইবে।

মন। (ক্ষণকাল মুদ্রিত নয়নে পরম ব্রক্ষের উপাসনা করিয়া প্রক্ষ বদনে) ভগবতি! আপিনার চরণপ্রসাদে আমার জীবন প্রমান্দরসে মগ্র হুইল। (সরস্বতীর চরণে পতন)

দর। (মনের হস্ত ধারণ পূর্ব্বক উত্তোলন করিয়া) বাছা মন! তুমি এখন উপদেশ গ্রহণের উপযুক্ত পাত্র হইয়াছ, তোমাকে আরও কিছু উপদেশ দিতেছি।

মূর্খলোক পিতার মরণে করে শোক।
পুত্তের মরণে নাহি কান্দে বিজ্ঞ লোক॥
বৈরাগ্য উদয় হয় পণ্ডিতের মনে।
শান্তি স্থাধ রত হয় তাহে বিজ্ঞ জনে॥

এ কারণ যে বৈরাগ্যের অনুসরণ করিলে, শোক আক্রমণ করিতে পারে না, তুমি এক্ষণে সেই বৈরা-গ্যেরই অনুসন্ধান কর।

বৈরাগ্যের প্রবেশ।

বৈরাগ্য। (উদ্দেশে)

যদি ব্রহ্ম। মনুষ্যের সকল শরীরে।
চর্মে আচ্ছাদিত নাছি করিত বাহিরে॥
অনর্গল রক্ত মাংস হইত বাহির।
কি প্রকারে লোক রক্ষা করিত শরীর॥
গৃগু পক্ষী আর কাকে খাইত ক্ষির।
গৃগু পক্ষী প্রভৃতির ভক্ষ্য এ শরীর॥

এ কারণ বলি ডাই যে হও পণ্ডিত। শরীরের অভিমান করাঅমুচিত ॥

আরও দেখ—

বিষয় ষটিত সুখ বিহাৎ জাকার।
প্রতি দেহে বিপদের সর্বদা সঞ্চার॥
বহুধন থাকিলেও তাহার নিধন।
সংসারে থাকিলে হয় শোকের ভাজন॥
এমন হুর্গম পথে ক্যান লোক যায়।
না ভাবিল প্রমার্থ হায়! হায়!॥

- সর। (মনের প্রতি) বাছা! ঐ দেখ তোমার নির্ভি-পাত্নীর পক্ষে কনিষ্ঠ পুজ্র বৈরাগ্য, এই দিকে আসিতেছেন, ইনি অতি সুসস্তান।
- মন। (নানন্দে) ভগবতি! কি বল্লেন? ইনি আমার নির্নতি রমণীর গর্ভজাত, আমার পুত্র। (হত প্রসারণ করিয়া) বৎস বৈরাগ্য! শীদ্র আমার ক্রোড়ে এস।
- বৈরা। (মনের নিকটে উপস্থিত হইরা) পিত! প্রাণাম করি। (প্রাণিপাত)
- মন। বাছা চিরজীবী হও। আছা! জন্মাবধি তোমাকে দেখি নাই, আজি তোমাকে দেখিয়া অত্যস্ত আনন্দ জন্মিয়াছে। বাছা! একবার আমার ক্রোড়ে ব'ল। বৈরা। যে আজ্ঞা। (মনের ক্রোড়ে উপবেশন)
- মন। বাছা বৈরাগ্য! আজ তোমাকে ক্রোড়ে পাইয়া কাম ক্রোধাদির বিয়োগের শোক নিবারণ হইল।
- বৈরা। পিত ! কাম ক্রোধাদির বিয়োগ জন্য আপনি কি শোকাতুর হইয়াছেন ?
- মন। বৎস সে কথা আর ক্যান জিজ্ঞাসা কর।

श्रादां भवत्यां वत्र नविक।

বৈরা। সে কি! পুজ্ঞাদির বিয়োগ জন্য শোকের বিষয় কি। যেতেতু—

কত পথিকের সঙ্গে পথে দেখা হয়।
নদী জলে কত তক তৃণ ভেসে যায়॥
মেষে মেষে দেখা হয় পুষ্ণরেতে গিয়ে।
বণিকের সঙ্গে দেখা বাণিজ্যে আসিয়ে॥
দারা পুত্র পরিবার মিলন তেমনি।
সংযোগ বিযোগ হুঃখ না ভাব আপনি॥

মন। (সরস্থতীর প্রতি) দেবি ! বাছা বৈরাগ্য যথার্থ কথাই বলিয়াছে। বাছার কথা শুনে আজ আমার জ্ঞানো-দয় হইল।

श्रमती कामिनी, नवीन त्याविनी,

চন্দন কুন্ম হার।

শশীর কিরণ, মলয় পাবন,

কুন্তরব কোকিলার॥

এই यে मकल, मकलि विकल,

আজি আমি জানিলাম।

ঘুচিল সে ভ্রম, সংসারের ভ্রম,

আজি কান্ত হইলাম।

সর। বাছা মন! তুমি সংসারের শ্রম হতে কাস্ত হ'লে বটে, কিস্তু কণকাল অনাশ্রমী হইয়া থাকিতে নাই। এ কারণ আজ হ'তে তোমার পত্নী নির্ত্তি তোমার সহ-চারিণী হউন।

মন। (লজ্জানত্ত মুখে) ভগবতি! আপনার আদেশ অবশ্যই পালন করিতে হইবে।

- সর। আর শম, দম, সন্তোষ প্রভৃতি তোমার পুদ্রগণ তোমার
 নিকটে আসুন। এবং যম্ নিরমাদি অমাত্যবর্গ
 সর্ববদাই তোমার সহচর হইয়া থাকুক। তুমি সকল
 বিষয়ে ইহাদিগের সহিত 'পরামর্শ করিয়া কার্য্য
 করিবে। মৈত্রী, দয়া, ক্ষমা, তিতিক্ষা ইহারা চা'র
 ভাগিনী, ইহাদিগকে দেবী বিফুভক্তি পরিচারিকা
 করিয়া তোমার নিকটে পাঠাইয়াছেন, ইহারা সর্ববদাই
 তোমার নিকটে থাকিবে। আর তোমার জ্যেষ্ঠ পুত্র
 বিবেককে উপনিষদ্দেবীর সহিত যৌবরাজ্যে অভিষিক্ত করিয়া পরম সুখে কাল যাপন কর।
- মন। (জোড় করে) দেবি! আপনার আজ্ঞা পুষ্পামালার ন্যায়
 মস্তকে ধারণ করিলাম। আপনি ক্রপা করিয়া যাহা
 যাহা আদেশ করিলেন, সকলি পালন করিব। (সরস্বতীর চরণে প্রণাম)
- সর। বাছা! চিরজীবী হইয়া পরম আনন্দের সহিত লোক যাত্রা নির্ব্বাহ কর। তুমি সুস্থ থাকিলে পরমাত্মাও স্বভাবস্থ হইতে পারেন। যেমন—

চিদানল পরমাত্মা এক মাত্র হন।
বুদ্ধিভেদে নানা রপ, রবির যেমন॥
এক রবি জল ভেদে প্রতিবিশ্ব ভেদ।
সে জল নড়িলে প্রতিবিশ্বের বিচ্ছেদ॥
আত্মান্ত তেমনি, মন হইলে চঞ্চল।
স্ক্রের হইলে মন, আত্মান্ত অচল॥

মন। (সরস্বতীর প্রতি) ভগবতি! আপনার অপার রুপাবলে

আমার শোক তাপাদি সকল দুর ছইয়াছে। আমার পিতা পরমাত্মাও নিত্যানন্দ সুখ সাগরে নিমগ্র ছইয়া-ছেন। আমি এক্ষণে মৃত কাম ক্রোধ প্রভৃতি পূজা-দির তর্পণ করিবার জন্য নদীতীরে গমন করি। সর। চল আমিও এক্ষণে গমন করিতেছি।

[সকলের প্রস্থান।

ইতি বৈরাগ্য সমাগম নামক পঞ্চমাক।

यष्ठे अहा।



(রঙ্গভূমী বারাণসী।)

শান্তির প্রবেশ।

শাস্তি। (উদ্দেশে) মহারাজ বিবেক আমাকে আজ্ঞা করিয়া-ছেন যে, "বাছা শাস্তি! তুমি ত সকল রতাস্তই জান, তথাপি তোমাকে কোন কথা বলিতেছি শ্রুবণ কর।

মরিয়াছে কাম ক্রোধ আদি বহুতর।
মহামোহ পলায়েছে হুইয়া কাতর॥
রাগ আদি পঞ্চজন হয়েছে শমতা।
স্বন্ধির হয়েছে মন বিগত মমতা॥
আত্মা করিবেন এবে প্রবোধ বিস্তার।
ভাহাতে হুইবে শাস্ত এ তিন সংসার॥

একণে তুমি যে কোন উপায়ে পার, অন্থনর বিনর
করিয়া উপনিষদ্দেবীকে আমার নিকটে শীব্র আনরন
কর।" (সহসা দৃষ্টি করিয়া) এ কি! আমার জননী
প্রকুল্লচিত্তে মনে মনে কি মন্ত্রণ। করিতে করিতে এই
-দিকেই আসিতেছেন।

আন্ধার প্রবেশ।

শ্রদ্ধা। (উদ্দেশে) আজ মহারাজ বিবেকের রাজভবন দর্শন ক'রে আমার নরন হটা চরিতার্থ হল। আহা! যে দিকে দৃষ্টিপাত করি সেই দিকেই শাস্তভাব দেখি-তেছি।

> কাম কোধ প্রভৃতির নিগ্রাছ যেখানে। যম নিরম আদির মর্য্যাদা বাখানে॥ পরমান্তা আরাধনা করিছে যমাদি। দেখে হর্ব জন্মিরাছে আমার তদাদি॥

- শান্তি। (শ্রদার নিকটে উপস্থিত হইরা) মা! আপনি কি বলি-তেছেন ?
- শ্রদ্ধা। কেও বাছা শান্তি! বাছা দেখ, আজ এই রাজপুরী কি অপূর্ব্ব শোভা ধারণ করেছে। যে দিকে দেখি সেই দিকেই চক্ষে যেন অয়ত বর্ষণ হতেছে।

কাম ক্রোধ প্রভৃতির নিগ্রাহ যেখানে।

যম নিয়ম আদির মর্য্যাদা বাখানে॥

পরমাত্মা আরাধনা করিছে যমাদি।

দেখে হর্ব জনিয়াচে আমার তদাদি॥

- শান্তি। মা! এখন মনের প্রতি আত্মার কিরপ অন্তরাগ জন্মিরাছে?
- শুদ্ধা। যাহাকে বধ করিতে কিম্বানিগ্রাহ্ করিতে হয়, তাহার প্রতি লোকের বে রূপ অন্তরাগ জন্মিয়া থাকে, মনের প্রতি আত্মারও সেইরূপ অন্তরাগ।
- শাস্তি। তবে কি আত্মা নিজেই স্বর্গের রাজত্ব ভোগ করি-বেন?

- শ্রদ্ধা। হাঁ, আপাততঃ এইরপ বোধ হয় বটে, কিন্তু মন যদি আত্মার অন্তুগত থাকেন তা হ'লে কেবল স্বর্গের ক্যান, সকল রাজাধিরাজত্ব ভোগ করিবেন।
- শান্তি। সে যা হউক, এখন মায়ার প্রতি আত্মার কি প্রকার অনুগ্রহ?
- শ্রদ্ধা। কি বল্লে! মায়ার প্রতি আত্মার অনুগ্রহ? নিএছের কথা জিজ্ঞাসা না করিয়া কি জন্য অনুগ্রহের কথা জিজ্ঞাসা করিতেছ? সেই মায়াই ত সকল অনর্থের মূল, আত্মা তাহার যথোচিত নিগ্রহ করিয়াছেন।
- শাস্তি। যদি এরপ করিয়া থাকেন তা হ'লে এক্ষণে সকল রাজাধিরাজত্ব ভোগ করিতে পারিবেন।

শ্রদ্ধা। তবে শোন---

নিত্যানিত্য বিবেচনা সখী হইয়াছে। বৈরাগ্য পরম বন্ধু সদা আছে কাছে॥ স্ক্লদ হয়েছে যম নিয়ম প্রভৃতি। শম দম আদি সখা সন্নিধানে স্থিতি॥ মিত্রতা পরিচারিকা তুষিছে মনেরে। কুসঙ্গ মমতা মোহ সব গোছে দূরে॥

শাস্তি। মা! আপনাকে আর একটা কথা জিজ্ঞাসা করি, এখন সকামধর্ম্মের সহিত আত্মার কি প্রকার প্রাণয় ? শ্রাদ্ধা। বৈরাগ্যের আগমনাবধি সকামধর্ম আত্মার নিকটেও আদিতে পায় না। যেহেতু—

> নরক পাপের ফল আছয়ে বিদিত। তার স্থায় পুণাফলে আত্মা অতিভীত॥

श्रुति । १६८ खानज्ञ नाएक ।

কর্ম কর হ'লে পুনঃ সংসারে পাতন। এই হেতু কাম্যধর্মে নাছিক যতন।

শারি (সংর্থে) উত্তম ইইয়াছে। আর মহামোহ উপসর্গ সকলের সহিত লুক্কায়িত হইয়াছিল, তাহাদিগের কোন সমাদ জানিতে পারিয়াছেন কি?

শ্রদ্ধা। আহা! তার কথা আর ক্যান জিজ্ঞাসা কর। সেই
পাপিপ্ত অতি হর্দ্দশাপর হইরাও আত্মার সংসার সুখে
রুচি জন্মাইবার নিমিত্ত, যে মধুমতীবিদ্যা দ্বারা সুখ
ভোগ উপস্থিত হয়, সেই মধুমতীবিদ্যার * সহিত
উপসর্গদিগকে আত্মার নিকটে প্রেরণ করিয়াছিল।
তাহাতে মহামোহের অভিপ্রায় এই যে, আত্মা
ঐহিক সুখাভিলাধী হইলে বিবেকের এবং উপনিধদের চিন্তাও করিবেন না।

শান্তি। তারপর, তারপর ?

শ্রদ্ধা। তারপর, সেই মধুমতীবিদ্যার সহিত উপসর্গ সকলে আত্মার নিকটে উপস্থিত হইয়া নানা প্রকার ইন্দ্রজাল বিদ্যা দেখাইয়াছিল। যথা—

অশ্রুত পুরাণ স্থৃতি কাব্য অলক্ষার।
আশ্রুর্য আকাশবাণী শোনে বার বার॥
কত হস্তী কত অশ্ব আইল তুরিতে।
দিব্য রত্নমন্ত্রী পুরী পাইল দেখিতে॥
মধুমতীবিস্তার দেবতা এক জন।
আগ্রাকে প্রদোভ দিরা করে আকর্ষণ॥

বোগীর। বোগ বলে ধে কোন ভোগের সাম্ঞী ইচ্ছা হয়, তাহা তৎক্ষণাৎ জাহরণ করিতে পারেম। ইহাকেই মধুমতী সিদ্ধি কছে।

বলে ওহে প্রিয়তম এস এই পুরী।

করিবে তোমার সেবা যত রিজাধরী॥
এ স্থানে থাকিলে হবে অজর অমর।
অতুল ঐশ্বর্যা ভোগা কর নিরন্তর ॥
এমন অপূর্ক রম্য স্থান নাহি আর।
সর্ককাল সম পূজা কাননে যাহার॥
মনোহর সরোবর স্থানিতল জল।
অমৃত সমান ফল কাননে সকল॥
তুমি হও রাজা, হবে তোমার মহিনী।
কমল-বদনী নারী যতেক রূপ্সী॥

শান্তি। (উৎকণ্ঠিতা হইয়া) তার পর, তার পর।

শ্রদ্ধা। তার পর, মধুমতীবিদ্যার ঐ সকল কথা শ্রবণ করিয়া

মায়া কহিলেন যে, "মধুমতীবিদ্যা যাহা কহিতেছেন

সে সমস্তই আত্মার পক্ষে অতি শ্লাঘনীয়।" এই সময়

মনও অত্যন্ত আনন্দিত হইয়া কহিলেন, "মধুমতী উত্তম
কথা বলিয়াছেন।" আর সঙ্কপ্প ঐ সকল বিষয়ে

আত্মাকে উদ্যোগী করিতে লাগিলেন। এবং আত্মাও
উক্ত বিষয়ে প্রবর্ত হইয়াছিলেন।

শান্তি। (সংখদে) হায়! হায়! আত্মা পুনর্কার সংসার-মায়া-জালে বন্ধ হইলেন?

শ্রদ্ধা। না না, আত্মা সংসারজালে আবদ্ধ হন নাই। শাস্তি। তবে কি হইল ?

শ্রদ্ধা। ঐ সময় সত্তর্ক ক্রোধে অধীর হইয়া আত্মার পার্শ্ব হইতে মধুমতীবিদ্যার প্রতি ভ্রুভঙ্গি করিয়া আত্মাকে সমোধন পূর্ব্বক কহিলেন যে, "ও মহাশয়! আপনি করেন কি, আপনি কি পুনর্কার বিষয়-বিষপানে উদ্যত হইলেন? আপনি কি জানেন না—

ভবসিন্ধু ত্রিবার নিমিত্ত আপনি।
আতার করিয়াছেন স্বযোগ তরণী॥
তাহা পরিত্যাগ ক'রে কেন হে এখন।
জলন্ত অঞ্চার নদী করিছ গাহন?" ॥

শান্তি। (সহর্ষে) তার পর, তার পর।

শ্রদ্ধা। তার পর আত্মা সন্তর্কের বাক্যে লজ্জিত হইয়ামধুমতী-বিদ্যাকে হেয় জ্ঞান করিয়া মনের সহিত বিষয় বাসনা হইতে ক্ষাস্ত হইলেন।

শান্তি। (পরদানন্দে) সাধু, সাধু, আত্মা উত্তম কার্য্য করিয়াছেন। মা! আপনি এখন কোথায় যাইবেন ?

শ্রদ্ধা। আত্মা বিবেককে দেখিবার জন্য অত্যন্ত ব্যাকুল হইয়া, বিবেককে তাঁহার নিকটে আনিবার জন্য আমাকে আদেশ করিয়াছেন, দে জন্য আমি এখন বিবেকের নিকটে যাইতেছি।

শাস্তি। আমাকেও মহারাজ বিবেক আজ্ঞা করিয়াছেন যে, ''উপনিষদ্দেবী বহুকাল আমার বিচ্ছেদে অত্যন্ত অভি-মানিনী হইয়াছেন, তুমি অন্তুনয় বাক্যে সাস্ত্রনা করিয়া তাহাকে আমার নিকটে আনয়ন কর"। তবে এখন চলুন আমরা প্রভুর আজ্ঞা পালন করি গে।

উভয়ের প্রস্থান।

আস্থার আগমন।

আত্মা। (উদ্দেশে) ভগবতী বিষ্ণুভক্তির কি অপার মহিম: তাঁহারি প্রসাদে—

পার হইয়াছি আমি সংসাব সাগব। দারা পুত্র পরিবার যাহাতে মকর॥ মমতা আঘর্ত তাহে, ক্লেশ রূপ নীব। অভিলাষ ঢেউ তাহে, প্রলোভ কৃত্বীব॥

(কিঞ্চিৎ চিন্তা কবিয়া উপবেশন)

শ্রদার সহিত বিবেকের প্রবেশ।

শুদ্ধা। মহারাজ ! ঐ দেখুন, আত্মা মহাশয় একাকী নির্জ্জনে বসিয়া আপনার আগমন প্রতীক্ষা করিতেছেন। আপনি উঁহার নিকটে গমন করুন।

বিবে। (আত্মার নিকটে উপস্থিত হইয়া) মহাশয়! আমি বিবেক প্রশাম করি। (প্রণিপাড)

আত্ম। বাছা বিবেক! এস, এস, বাছা! তুমি যে আমাকে

প্রথাম কর, ইছা শাস্ত্র এবং ব্যবহার বিরুদ্ধ। যেহেতু
তুমি আমার জ্ঞানোপদেষ্টা, সুতরাং পিতৃ-তুল্য।
দেখ—

কামাদির বশীভূত ছিলাম যথন। বেদার্থের জ্ঞান কিছু ছিল না তখন॥ প্রতি দেহে ভিন্ন ভিন্ন জালা ছিল জ্ঞান। তব উপদেশে এক বেশা জানিলাম। ,অদ্বিতীয় নিরাকার প্রাস্থু নিরঞ্জন। চৈতত্ত স্বরূপ তিনি ব্যাপ্ত ত্রিস্থুবন॥.

শান্তির সহিত উপনিষ্দের প্রবেশ।

- উপ। সখি! যিনি আমাকে ইতর লোকের রমণীর ন্যায় বহুকালাবধি পরিত্যাগ করিয়াছিলেন, এখন আমি কি ক'রে সেই নির্দ্ধির স্বামীর মুখাবলোকন করিব [?]
- শান্তি। দেবি ! সে বিষয়ে তাঁহার কোন দোষ নাই। তিনি অতি বিপদে পড়িয়াছিলেন, তা না হ'লে ইচ্ছা পূর্ব্বক এ রূপ কার্য্য কখনই করিতেন না। আপনি ত সে সকলি জানেন, সে সময় কি ক'রে আপনার নিকটে আসিতে পারেন ?
- উপ। হাঁ সথি! সে সব জানি বটে, কিন্তু আমার যে কি হুৰ্দ্দশা হ'য়েছিল তা কি তুমি জান না ?

অসদর্থ আমার কি দশা না করেছে।
কেয়ুর কঙ্কন আদি চূর্ণ করিয়াছে॥
কেশ ছিঁড়িয়াছে চূড়ামণির গ্রহণে।
লণ্ড ভণ্ড হইয়াছি বিবেক বিহীনে॥
ভাব রস কেহ কিছু না জানে আমার।
পাষণ্ডের হাতে প'ড়ে প্রাণে বাঁচা ভার *॥

শান্তি। এ বিষয়ে মহারাজ বিবেকের কোন দোষ নাই, পাপিষ্ঠ মহার্মোহের দৌরাত্ম্যে এ রূপ ঘটিয়াছে। সেই হুরাত্মা

मिट्ट निम्ना वाणिदास्क (बरम्ब ममर्थ इहेट्ड शाद्ध मा।

মহামোহ, কাম ক্রোধাদি দ্বারা মনকে অসদর্থে লওয়া-ইয়া বিবেককে দ্রীভূত করিয়াছিল। সে যা হউক, স্থামী যদি বিপদ্প্রস্ত হন, তাঁহার বিপদ নাশের জন্য প্রতীক্ষা করা ইটি কুলবতীদিগের স্বাভাবিক ধর্ম। তা মহারাজ এখন নিরাপদ হইয়াছেন, তাঁহার নিকটে গিয়া তাঁহার সহিত প্রিয় সন্তাধণ করুন।

- উপ। সথি! এখানে আসিবার সময় বাছা গীতা নির্জ্জনে আমাকে বলিয়াছিলেন যে, "যে দিন প্রশ্ন উত্তর দারা স্বামীকে সম্ভাষণ করিবে, সেই দিন প্রবোধচন্দ্র নামে সম্ভান জন্মিবে।" তা সথি! বাছা গীতার কথা অপে-ক্ষাও তোমার অন্তরোধ অবশ্যই রক্ষা করিতে হইবে। কিন্তু শ্বশুর মহাশয়ের সাক্ষাতে কি প্রকারে স্বামীর সহিত আলাপ করিব?
- শান্তি। দেবি ! ভগবতী গীতার কথা অবশ্যই রক্ষা করিতে হইবে। বিশেষতঃ এ বিষয়ে ভগবতী বিষ্ণুভক্তিরও বিশেষ স্বার্থ আছে। আর বিলম্ব করিবার প্রয়োজন নাই, এখন আত্মার সহিত স্বামীকে সম্ভাষণ করুন।
- উপ। সথি! তবে চল, তোমার কথাই রক্ষা হউক। (উপনিষদ্ সহাস্থ অধোবদনে, গদ গদ ভাবে, শান্তির পশ্চাতে, মন্দ মন্দ গমনে, বিবেকের নিকটে গমন)
- শ্রদ্ধা। (বিবেকের প্রতি) ঐ দেখুন শান্তির পশ্চাতে উপনিষ-দ্দেবী আপনার নিকটে আসিতেছেন।
- বিবে। (সহর্ষে শ্রন্ধার প্রতি) উপনিষদ এত দিন কোথায় ছিলেন ? শ্রেন্ধা। এ কথা দেবী বিষ্ণুভক্তি পূর্ব্বেই ত আপনাকে কলিন

র্নাছেন যে, "তিনি তর্কবিদ্যার ভয়ে মন্দর পর্বতে বিষ্ণুধামে গীতার সহিত বাস করিতেছেন।"

বিবে। তর্কবিদ্যা হইতে তাঁহার ভয় কি ^१

শ্ৰদ্ধা। সে কথা উপনিষদ্ধেবী নিজেই আপনাকে বলিবেন।

শান্তি। (উপনিষদের প্রতি) দেবি ! ঐ দেখুন আত্মা মহাশয়
বিসিয়া আছেন, উঁহাকে প্রণাম করুন।

উপ। (আত্মাকে প্রণাম)

শান্তি। (আত্মার প্রতি) মহাশয়! উপনিষদ্দেবী আপনাকে প্রণাম করিতেছেন।

আত্মা। না, না, উনি আমার মাতৃতুল্যা, নমস্থা, যেছেতু উনি আমাকে তত্ত্বজ্ঞান প্রদান করিয়াছেন।

অনুগ্রহে মাতার অপেক্ষা উনি বড়।
মারা-পাশে মাতা বদ্ধ করিছেন দৃঢ়॥
সেই পাশ মোচন করিয়া উনি দেন।
অজ্ঞান করেন দূর, দিয়ে তত্ত্ব জ্ঞান॥

আত্মা। (উপনিষদের প্রতি) আপনি এত দিন কোথায় ছিলেন? উপ। আমি এত দিন মঠচত্ত্বর ও শূন্য দেবালয়ে বাচাল মূর্খ লোকদিগের সহিত পাষাণের ন্যায় ছিলাম।

আআমা। তাহারা কি তোমার ষথার্থ রূপ জানিতে পারিয়া-ছিল ?

উপ। না, না, সেই মুর্খলোকেরা আমার যথার্থ অর্থ বুঝিতে না পারিয়া নানা প্রকার অর্থ কম্পনা করিয়াছিল। যেমন দ্রোবিড় দেশীয় স্ত্রীলোকদিগের বাক্যের অর্থ বুঝিতে না পারিয়া নানা প্রকার অর্থ কম্পেনা করে, সেইরূপ বাচাল মুর্শেরা কেবল পরের ধন অপাহরণ করিব;র নিমিত্ত আমার নানা প্রকার অর্থ কণ্পনা করিয়াছে। যেমন—

রুষ্ণ সার চর্মা, অগ্নি, গ্নত, উদ্খল।
জুহু, জ্ঞাব, কুশা, পুষ্পা, সমিধ, মুষল।
কুণ্ড, বেদী, পশু-মূপ, প্রাভৃতি আরত।
যজ্ঞ বিদ্যা দেখিলাম কর্ম কাতে বত।।

আআ। (তটস্থ হইয়া) তার পর, তার পর।

উপ। তার পর বিবেচনা করিলাম যে, যজ্ঞবিদ্যা আমার নিগৃঢ়-তত্ত্ব জানিতে না পারিয়া কেবল পৃথিবীর বোঝা বছিয়া বেড়াইতেছেন। ইনি যাহাতে আমার তত্ত্ব কিছু জানিতে পারেন, তদ্বিদয়ে চেফা করা আধ-শ্যক বোধ করিয়া মনে মনে স্থির করিলাম, কিছু দিন ইহার নিকটে বাস করিব।

আত্মা। তার পর, তার পর।

উপ। তার পর আমি যজ্ঞবিদ্যার নিকটে উপস্থিত হইলাম তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন, "তুমি কে? কি নিমিত্ত এখানে আসিয়াছ?।" আমি বলিলাম "আমি অনাথা, আপনার নিকটে কিছু দিন বাস করিতে ইচ্ছা করি।"

আত্মা। যজ্ঞবিদ্যা তোমার কথায় কি উত্তর দিলেন।

উপ। তিনি পুনর্কার আমাকে জিজ্ঞাসা করিলেন, ''তুনি' ন জন্য আমার নিকটে বাস করিতে ইচ্ছা করিছেচ ? . ' তাহাতে আমি বলিলাম। "যাঁহা হৈতে বিশ্বের উৎপত্তি স্থিতি লয়। গাঁহার কির্ণে বিশ্ব উজ্জ্বিত হয়॥ নির্দ্দিকার জ্ঞানময় যিনি ক্রিয়া-হীন। পারম ঈশ্বর, জীব বাঁহার অধীন॥ পারম পুরুষ সেই অন্ত নাহি বাঁর। এখানে থাকিয়া স্থাতি করিব তাঁহার॥"

আমার এই কথা শুনে যজ্ঞবিদ্যা ক্ষণকাল নিস্তব্ধ থাকিয়া বলিলেন।

" হৃষ্টি স্থিতি প্রলায়ের কর্তা বল যারে।
ক্রিয়া-হীন এ কথাও বলিতেছ তারে ॥
ক্রিয়া-হীন যে পুরুষ সে কর্তা কেমনে।
কর্তার কর্তৃত্ব লাই তোমার বচনে ॥
ক্রিয়া-হীন যে পুরুষ সে নহে ঈশ্বর।
ক্রিয়া হৈতে ভব বিমোচন হয় নর॥
অশ্বমেধ কাশী-মৃত্যু গঙ্গায় মরণ।
এ সব ক্রিয়ায় হয় ভব বিমোচন ॥
সর্বাদা করয়ে লোক ক্রিয়ায় বিধান।
অভএব এই য়ুক্তি ক্রেয়াই প্রধান ॥

র্ত্তা এবং ভোক্তা যে জীবাত্মা পুরুষ, যদি তাঁহার াারাধনা করিতে ইচ্ছা কর, তবে এই স্থানে থাক, নচেৎ ক্রিয়াহীন পুরুষের স্তব করিবার জন্য এখানে থাকিতে পাইবে না।"

বিবে। (হাস্ত পূর্বক) কি আশ্চর্য্য! যজ্জবিদ্যা যজ্জকুণ্ডের ধোঁয়াতে অন্ধ হইয়া একেবারে হত বৃদ্ধি হইয়াছেন ? তিনি কি জানেন না? কিন্তা-হীন হইলেও পারম ঈশার।
মারা যোগে কর্ম তিনি করেন বিস্তর ॥
মারাই করেন কর্ম ঈশার ইচ্ছার।
ঈশারে আরোপ জ্ঞান মারার ছারার॥
মারার কর্ত্ত নাই ঈশারেচ্ছা বিনে।
ঈশারের কর্তৃত্ত দেখা লোহ যে অচল।
অরাক্ষান্তমণি তারে কররে চঞ্চল॥

কি আশ্চর্য্য ! তবে কি যজ্ঞবিদ্যা কর্ম্ম দ্বারা কর্ম ছেদন করিতে ইচ্ছা করিয়াছেন। আলোক ব্যতিরেকে, অন্ধকার দ্বারা কি অন্ধকার দূর হয় ? পঙ্ক দ্বারা কি পঙ্ক ধৌত করা যায় ?

বোরতর অন্ধ্বকারময় ত্রিভূবন ।
কিরণেতে উজ্জ্বল করয়ে যেই জন ॥
সাধু জন রাপে মন সেই নিরঞ্জনে ।
মুক্তির কারণ আর নাহি ত্রিভূবনে ॥
ঈশ্বর তত্ত্বের জ্ঞান বিনা মুক্তি নাই ।
জ্ঞানে মুক্তি স্থির যুক্তি শুন বলি তাই ॥
ধনে দানে সন্তানেতে নাহি হয় যুক্তি ।
অবোধের বিচার এ নহে সার যুক্তি ॥
তবে যে কাশী মরণে মুক্তি ছয় বটে ।
কাশীতে মরণ মাত্র জ্ঞান জাসি মটে ॥

া। তার পর, কি হ'ল ?

। তার পর, যজ্ঞবিদ্যা ক্ষণকাল চিন্তা করিয়া কহিলেন, "উপনিষদ! তোমার কথা শুনে আমার শিষ্য দকলে হতবুদ্ধি হইয়া কর্ম কাণ্ডের প্রতি অনাদর করিতেছে, অতএব তুমি প্রসন্না হইয়া শীঘ্র এ স্থান হইতে স্থানা-স্তুরে গমন কর।"

আত্মা। তার পর, তার পর।

উপ। তার পর, আমি যজ্ঞবিদ্যার নিকট ছইতে গমন করি-তেছি, পথের মধ্যে যজ্ঞবিদ্যার সহচরী মীমাংসা বিদ্যার সহিত সাক্ষাৎ ছইল।

আত্মা। মীমাংসা বিদ্যার ব্যবহার কি রূপ, তাহা কিছু জানিতে পারিয়াছ?

উপ। আজ্ঞা হাঁ, তাঁহার ব্যবহার এইরপ দেখিলাম। যে,—

ইনি কর্তা, ইনি কর্মা, ইনি অধিকারী।

অঞ্চতি স্মৃতি পুরাণ প্রমাণ দেন তারি॥

এ করিতে নাই, ইহা অবশ্য করিবে।

এই কণা কহিয়া বেডান রাত্রি দিবে॥

আত্মা। তার পর, তার পর।

উপ। তার পর, আমি তাঁহাকে বলিলাম যে, ''আমি কিছু দিন আপনার নিকটে বাস করিতে ইচ্ছা করি' তাহাতে তিনি বলিলেন, "তুমি কি জন্য আমার নিকটে থাকিতে ইচ্ছা করিতেছ?" আমি উত্তর করি-লাম।

> '' শাঁহা হৈতে বিশ্বের উৎপত্তি স্থিতি লয়। গাঁহার কিরণে বিশ্ব উজ্জ্বলিত হয়। নির্বিকার জ্ঞানময় মিনি ক্রিয়া-হীন। প্রম ঈশ্বর, জীব গাঁহার অধীন॥

পারম পুরুষ সেই অস্ত নাই যাঁর। এখানে থাকিয়া স্তুতি করিব তাঁহার॥"

আত্মা। তার পর, তার পর?

উপ। মীমাংসা বিদ্যা আমার বাক্টের তাৎপর্য্য রুঝিতে না পারিয়া, পরমাত্মাকে জীবাত্মা জ্ঞান করিয়া, পার্শ্বর্জি নিজ শিষ্যদিগকে বলিলেন, "এই উপনিষদ আমার-দিগের নিকটে থাকিয়া কর্ম্মের ফলভোক্তা পুরুষের অর্থাৎ জীবাত্মার উপাসনা করিতে ইচ্ছা করিতে-ছেন। তোমরা ইঁহাকে গ্রহণ কর।" মীমাংসার ঐ কথা শুনিয়া শুরু নামক এক শিষ্য আনন্দিত হইয়া বলিলেন "উত্তম হইয়াছে, ইনি আমার্রদিগের নিকটে থাকিবার উপযুক্ত বটেন।"

আত্মা। তার পর, তার পর ^१

উপ। তার পর, কুমারিলস্থামী নামে আর এক জন শিশ্য,
ইনি জ্ঞানমীমাংসক, মীমাংসাবিদ্যাকে বলিলেন,
"না, না, ইনি জীবাত্মার স্তব করিতে ইচ্ছা করেন না,
কর্ম্মের ফলভোগ রহিত পরমাত্মার স্তব করিতে ইচ্ছা
করিতেছেন।" ঐ কথা শুনে আর এক জন শি্ষ্য
কুমারিলস্থামীকে জিজ্ঞাসা করিলেন, "জীবাত্ম। ভিন্ন
পরমাত্মা নামক অপর কোন পুরুষ কি আছেন,
কুমারিলস্থামী হান্ত পূর্ব্বক কহিলেন, "হাঁ৷ আছেন,
আছেন, তাহা বলিতেছি। শোন—

কিছু না দেখিতে পার সদ্ধ এক জন। অহা জন দেখিছে লোকের আচরণ॥ এক জন স্মকর্মের ফল বাঞ্ছা করে। অন্ম জন সেই ফল দিতেছে তাছারে॥ এক জন কুকর্ম করিয়া শাস্তি পায়। অন্ম জন সেই শাস্তি দিতেছে তাছায়॥

এই ছুই জনের মধ্যে এক জন জীবাত্মা এবং এক জন পরমাত্মা। এখন বিবেচনা করিয়া দেখ, যিনি জীবাত্মা, তিনি মোহান্ধতা প্রযুক্ত কিছুই দেখিতে পান না, আর যিনি পরমাত্মা, তিনি নির্দেপ, তেজঃপুঞ্জ, স্প্রপ্রকাশ, সর্ব্বব্যাপী, সর্ব্বকাল সমভাবে সকল দেখি-তেছেন, এবং শুভাশুভ কর্ম্মের ফলদান করিতে-ছেন।"

বিবে। (সহর্ষে) সাধু, সাধু, কুমারিলস্বামী অতি উত্তম বিবে-চনা করিরাছেন। দেশ—

এক রক্ষে তুই পক্ষী করে আরোহণ।

এক পক্ষী তার ফল করয়ে ভোজন॥

অহা পক্ষী তার ফল কিছুই না খায়।

জীব আত্মা পরমাত্মা জেনো তার হায়॥

জীব আত্মা শুভাশুভ ফল ভোগা করে।

পরমাত্মা সেই ফল দেন সদা তারে॥

আত্মা। (উপনিষদের প্রতি) তার পর, তার পর ?
উপ। তার পর, আমি মীমাংসার নিকট হইতে প্রস্থান
করিয়া দেখিলাম চতুর্দ্দিকে শিষ্যগণে বেফিত হ'য়ে,
ন্যায়, সাংখ্য, পাতঞ্জল, বৈশেষিক প্রভৃতি তর্কবিদ্যা
সুকল এইরপ ব্যবহার করিতেছে। যথা—

বৈশেষিক বিজ্ঞা এই করেন বিশেষ। उद्भग, खन, कर्ब, मम, † मामाश विद्रश्य ॥ স্থায় বিষ্ণা বাদ ছল বিতণ্ডা করিয়া। বৈশেষিক বিজ্ঞা মত দেৱ খলাইয়া॥ প্রকৃতি প্রধান কহে সাংখ্য পাতঞ্জল। গণন। করেন যত ইন্দ্রিয় সকল। প্রকৃতি হইতে মহতত উপস্থিত। ধর্ম জ্ঞান ইচ্ছা আদি তত্ত নিরূপিত। মহতত্ত্ব হৈতে অহঙ্কারের উদ্ভব। তাহা হৈতে একাদশ ইন্দ্রিয় সম্ভব॥ তার মধ্যে জ্ঞানেন্দ্রিয় ছয় নিরূপণ। নাসা, কর্ণ, জিহ্বা, ত্বক, চক্ষু, আর মন॥ কর্মেন্দ্রির বাক, পানি, পাদ, পায়ুপন্থ। ছয় পাঁচে একাদশ হইল সমস্ত॥ শবদ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ, মাত্র। হয়। মাত্রা হৈতে পঞ্চত হইল নিশ্চয়॥ পঞ্চতুত ব্যোম, বায়ু, তেজ, জল, ক্ষিতি। ক্রমে চতুর্বিংশতির হইল উৎপত্তি॥ ব্ৰশা তত্ত্ব না জানিয়া হইয়া বিকল। ইহাই করেন সংখ্যা সাংখ্য পাতঞ্জল।

আত্মা। তার পর, তার পর?

উপ। তার পর, আমি তাঁহাদিগের নিকটে উপস্থিত হইরা তাঁহাদিগের নিকটে থাকিবার জন্য প্রার্থনা করার, তাঁহারাও সেইরূপ বসতির কারণ জিজ্ঞাসা করাতে আমি বলিলাম, "যিনি এই জগতের উৎপত্তির প্রধান

[†] नम, अर्थाः नमवात टैवट विक मर्गटमत न श श्रमादर्थत मटशः अटकत माम।

F- :

কারণ, এখানে থাকিয়া সেই পরমেশ্বরের আরাধনা করিব।"

আত্মা। তার পর, তার পর ?

উপ। তার পর, আমার ঐ কথা শুনে বৈশেষিক-বিদ্যা ও ন্যায়-বিদ্যা উপহাস পূর্ব্বক আমাকে কহিলেন, "ওরে বহুভাষিণী! শোন্, জগৎ উৎপত্তির প্রধান কারণ পরমাণু, ঈশ্বর তাহার নিমিত্ত-কারণ মাত্র।" আর সাংখ্য এবং পাতঞ্জল বিদ্যা অতি ক্রোধভরে কহি-লেন, "আঃ পাপীয়সী! যেমন হুগ্বের বিকার দধি, তেমনি ঈশ্বরের বিকার এই জগৎ, এইরূপ বিকারী কহিয়া ক্যান তাঁহার বিনাশিত্ব প্রতিপন্ন করিতে-ছিস্ ওরে শোন্, প্রকৃতিই জগতের প্রধান কারণ। বিবে। হুর্বৃদ্ধি তর্কবিদ্যারা কি ইহা জানে না থে, ঈশ্বর হইতে জগতের সৃষ্টি হইয়াছে। ঘটের প্রতি চক্র দণ্ড সলিলাদি যে রূপ কারণ, জগতের প্রতি ঈশ্বর সে রূপ কারণ নহেন। জগতের প্রতি এক মাত্র ঈশ্বরই কারণ। বস্তুত জগৎ অলীক মাত্র। দেখ—

ঈশ্বর তন্ত্বের জ্ঞান নাহিক যাহার।

দ্রম জ্ঞানে সেই দেখে এ বিশ্ব সংসার॥

তত্ত্ব জ্ঞান ছইলে সে দ্রম দূরে যায়।

তথন এ বিশ্ব আর দেখিতে না পায়॥

জলে দেখে চন্দ্রবিদ্ব গগণে নগর।

শুক্তিতে রক্তত জ্ঞান মাল্যে বিষধর॥

বিশেষ জানিলে সেই দ্রম দূরে যায়।

তেমনি জানিবে বিশ্ব ইন্দ্রজাল প্রায়॥

ফলত ষেমন শুক্তিতে রজতভ্রম, মালায় সর্পভ্রম হয়, সেইরূপ ঈশবেতে জগৎভ্রম হয়। অর্থাৎ জগৎ ভ্রম কেবল অজ্ঞান জন্য। ঈশবেতে যে বিকার, সে কেবল নটার বেশ ধারণের ন্যায়। যেমন নটা নানা সময়ে নানাবিধ বেশ ধারণ করিয়া নানা ভূমিকা ধারণ করে, কিন্তু নটার প্রকৃত রূপের কোন অন্যথা হয় না, কেবল মাত্র বেশের বিকার হইয়া থাকে। সেই রূপ ঈশবেতে জগৎ ভ্রম হওয়া কেবল মায়ার বিকার মাত্র। তাহাতে ঈশবের কিছু মাত্র বিকার হয় না। দেখ—

নির্বাকার নিত্য জ্যোতির্মায় নির্ব্বিকার। নির্ব্বিকারে বিকার কপোনা কি প্রকার॥ আকাশে হইয়া থাকে মেঘের উদ্ভব। আকাশের বিকার মে বলা অসম্ভব॥

আত্মা। সাধু, সাধু, সুবুদ্ধি বিবেকের বাক্য গুলি যেন কর্ণে অমৃত বর্ষণ হইতেছে। (উপনিষদের প্রভি) তার পর তার পর।

উপ। তার পর তর্কবিদ্যাসকলে আমার প্রতি অত্যন্ত রাগত হইয়া কহিলেন, "কি আশ্চর্য্য! প্রত্যক্ষ সিদ্ধ-জগৎকে এই পাপীয়সী মিথ্যা কহিতেছে! এ নাস্তিক পথাবল-হিনী, যেহেতু জগতের অলীকতা বিষয়ে যুক্তি দেখাই-তেছে। এখনি ইহার নিগ্রহ করা উচিত।" তর্ক-বিদ্যা সকলে ঐ কথা বলিয়া অতি ক্রোধভরে আমার প্রতি ধাবমানা হইল।

আত্মা। (তাসমুক্ত হইয়া) তার পর, তার পর?

উপ। তার পর আমি ক্রেতবেগে পলায়ন করিয়া দণ্ডকারণ্যে প্রবেশ করিলাম। কিন্তু সেই তর্কবিদ্যারা আমার পশ্চাৎ পশ্চাৎ আসিয়া, মন্দর পর্ব্বতের উপরে মধুস্থাদ-নের মন্দিরের নিকটে আমাকে ধরিয়া আমার সর্বা-ক্ষের অলঙ্কার সকল হরণ করিল। এবং কেশপাশা-দির শোভা সকল নফ্ট করিয়া কুতর্ক কণ্টকাদি দ্বারা আমার সর্বাঙ্ক ক্ষত বিক্ষত করিয়াছে। *

বিবে। তার পর, তার পর?

উপ। তার পর, গদা হস্তে কতকগুলি পুরুষ শ্রীমধুস্থদনের মন্দির হইতে বহির্গত হইয়া সেই তর্কবিদ্যাদিগকে নির্দ্ধয়ে গদা প্রহার করিতে করিতে সেই স্থান হইতে কিছু দূর পর্য্যন্ত লইয়া গেলেন। ঐ গদা প্রহারে ভীত হইয়া তর্কবিদ্যারা পলায়ন করিল।

আত্মা। (উপনিষদের প্রতি) সেই গদাহস্ত-পুরুষদিগকে কি তুমি জান না ^१ তাঁহারা বিষ্ণুদৃত। তর্কবিদ্যার হস্ত হইতে তোমাকে রক্ষা করিবার জন্য তথায় উপস্থিত হইয়াছিলেন।

বিবে। (উপনিষদের প্রতি) ভগবান্ তোমার শত্রুদিগকে কখনই
ক্ষমা করিবেন না।

আত্মা। তার পর, তার পর।

্উপ ়ে তার পর আমি অত্যস্ত ভীতা হইয়া গীতার আশ্রমে

[•] অর্থাৎ তার্কিকের। উপনিষদের রস, ভাব, অলক্ষার পরিত্যাগ করিয়। স্বকপোলকম্পিত কতকঞ্জলি কুন্তর্ক উপস্থিত করিয়। তাহার প্রকৃত অর্থ বৃদ্ধিতে পারে নাই।

গমন করিলাম। বাছা গীতা আমাকে ভীতা দেখিরা বলিলেন, "মা ভর নাই আপনি আমার নিকটে থাকুন, এখানে থাকিলে আপনার প্রতি কেছ কোন অত্যা-চার করিতে পারিবে না"। গীতার কথায় কিঞ্চিৎ সুস্থ হইরা নিঃশব্দভাবে তাছার নিকটে রহিলাম *। বাছা গীতা অনেক প্রবোধ বাক্যে আমাকে আশ্বাস দিয়া বলিলেন, "মা! আমি সকল রতান্তই জানি, তমোগুণাবলম্বী যে সকল লোকে আপনার অব-মানা করিরাছে, তাছাদিগের আসুরী-গতি ছইবে। পরমেশ্বর তাছাদিগকৈ শাসন করিবেন। দেখুন পর-মেশ্বর স্বয়ং ব্যক্ত করিয়াছেন। যথা—

> "বেদের বিৰুদ্ধ বাদী হয় যেই জন। অস্ত্র যোনিতে হয় তাহার পতন॥ যোর অন্ধকারময় অনিত্য সংসারে। হুরাচার লোকেরে যুরাই বারে বারে॥"

আজা। (পরমানন্দে) উপনিষদ্দেবি ! এক্ষণে আপনি যে পরমে-শ্বরের কথা কছিলেন তিনি কে? কোন্ ব্যক্তির নাম পরমেশ্বর ?

উপ। যিনি নিজে আত্ম-বিস্মৃত, তাঁছার কথায় কৈ প্রাত্যু-তর করিবে?

আত্মা। (দানন্দে) তবে কি আমি পর্মেশ্বর?

উপ। আপনি যাহা কহিলেন তাহাই বটে। দেখুন—

জর্মাৎ উপনিষদের নিগুচ্ভাব গীতার মধ্যে সন্ধিবেশিত আছে।

পরাৎপর পরম ঈশ্বর যাকে কর।
সে ঈশ্বর তোমা ছাড়া কলাচিত নর ॥
তুমিও ঈশ্বর ভিন্ন নহ কদাচিত।
মারাবশে ভিন্ন ভিন্ন হও প্রকাশিত॥
এ জগতে ডোমা ভিন্ন আর নাই কেহ।
নানা রূপ হও তুমি পেরে নানা দেহ॥
স্ব্যা, স্থ্য-বিষ্ক, যথা ভিন্ন দেখা যার।
পরম আত্মাও ভিন্ন জেনো তার তার॥

আত্মা। (কণকাল নিস্তব্ধ থাকিয়া বিবেকের মুখাবলোকন পূর্বক)
বাছা! উপনিষদ আমাকে অশ্রুতপূর্ব্ব এ কি কথা
বলিলেন? আমি ত ঐ কথার কোন ভাব বুঝিতে
পারিলাম না, এবং তাহাতে দৃঢ় প্রত্যয়ও জন্মিতেছে
না। তুমি বিবেচনা ক'রে দেখ—

শরীর ভেদেতে ভিন্ন ভিন্ন আমি হই।
জন্ম জরা মৃত্যু আছে চিরজীবী নই॥
এই দেবী আমাকে কছেন "ব্রহ্ম তুমি"।
ইহার তাৎপর্য্য কিছু নাহি বুঝি আমি॥
ব্রহ্ম হন নিত্য বস্তু, চৈততা স্বরূপ।
অনিত্য আম্মা যে ব্রহ্ম এ কি অপরূপ॥

বিবে। পদার্থজ্ঞান * অভাবে আপনি উপনিষদেব বাক্যের তাৎপর্য্য বুঝিতে পারিতেছেন না।

জীবের মুক্তির প্রধান কার। বৃদ্ধজ্ঞান, ঘট পটালি সমস্ত পলার্থের জ্ঞান
 ভিল্প নেই বৃদ্ধজ্ঞান হইতে পারে না। বেহেতু ঘট পটালি সমস্ত পলার্থ ভিল্প

আত্মা। বৎস! একণে যে উপায়ে পদার্থজ্ঞান জন্মিতে পারে তাহা প্রকাশ করিয়া বল। বিবে। পদার্থজ্ঞানের উপায় বলিতেছি শ্রবণ করুন।

প্রথমে পদার্থ যত জানিবে সকল।
কাল, বায়ু, আকাশ, অনল, জল, ছল॥
শব্দ, রস, গান্ধ আদি বন্ধু আছে যত।
বন্ধ হৈতে ভিন্ন জ্ঞান কর প্রথমত॥
পশ্চাৎ সকল বন্ধু জানিবে অলীক।
বন্ধা হৈতে ভিন্ন কিছু নাহিক অধিক॥
"তত্ত্বমিসি" এই শ্রুচিত প্রমাণ শুনিবে।
তুমি সেই, সেও তুমি, অভেদ জানিবে॥
মনের সহিত এই করিবে ভাবনা।
"সোহং" চৈতক্ত রপ কর বিবেচনা॥
আাস্থায় ব্রন্ধেতে ভেদ কিছু নাহি আর।
তত্ত্ত্তানে উজ্জ্লিত এ তিন সংসার॥

আত্মা।বাছা বিবেক! তুমি যে রূপ বলিলে আমি এক্ষণে সেই রূপ চিস্তা করি। (স্থিরচিতে মুদ্রিত নয়নে চিন্তা)

যে পদার্থ, ভাছাই ব্রহ্ম। যেমন গোং পদার্থ এবং মত্যা পদার্থ এই উভয় পদার্থের জ্ঞান ব্যতিরেকে গোং পদার্থে এবং মত্যা পদার্থে প্রভেদ কর। যায় মা, ভেমনি ঘট পটাদি যাবভীয় পদার্থের জ্ঞান ব্যতিরেকে ব্রহ্ম পদার্থের প্রভেদ করা যার না।

চরম্যোগের প্রবেশ।

চরম। (উদ্দেশে) দেবী বিষ্ণুভক্তি আমাকে আদেশ করিয়াছেন যে, "বাছা চরমযোগ! যে কোন উপায়ে বিবেকের সহিত উপনিষদের সন্মিলন হয়, তাহা করিয়া
তুমি স্বয়ং আত্মার নিকটে থাকিবে।" (সন্মুখে দৃষ্টি
করিয়া) এই যে, উপনিষদ্দেবী বিবেকের এবং আত্মার
নিকটেই রহিয়াছেন, আমি এই সময় ইহাঁদিগের
নিকটে যাই। (নিকটে উপন্থিত হইয়া, উপনিষদের প্রতি)
দেবি! ভগবতী বিষ্ণুভক্তি আপনাকে কোন নিগৃঢ়
কথা বলিবার জন্য আমাকে আপনার নিকটে পাঠাইয়াছেন।

উপ। বাছা! দেবী কি কথা বলিয়াছেন বল।

চরম। তিনি বলিয়াছেন যে, "দেবতাদিগের মানসেই সন্তান জিমিয়া থাকে। এবং আমিও ধ্যানযোগে জানিতে পারিয়াছি যে, আপনি গর্ভবতী হইয়াছেন। আপনার সেই গর্ভে বিদ্যা নামে পরমাসুন্দরী একটী কন্যা এবং প্রবোধচন্দ্রোদয় নামে পরম সুন্দর একটা পুত্র জিমিয়াছে। এক্ষণে আপনি সমাকর্ষণ বিদ্যা দারা বিদ্যা নামে কন্যাটীকে মনেতে এবং প্রবোধ-চন্দ্রোদয় নামে পুত্রটীকে আত্মার নিকটে সমর্পণ করিয়া বিবেকের সহিত আমার নিকটে আগমন করিবে।"

উপ। দেবী বিষ্ণুভক্তি যাহা আদেশ করিয়াছেন তাহা

অবশ্যই পালন করিব। তবে আমি এখন গমন করি। (বিবেকের সহিত প্রস্থান)

চরম। (আত্মার নিকটে অবস্থিতি)

(নেপথ্যে) কি আশ্চর্য্য ! কি আশ্চর্য্য !

দিক্ প্রকাশিত হৈল উজ্জ্বল কিরণে।
পূর্ণচন্দ্রমুখী কন্তা সহাস্ত বদনে॥
মোহবিনাশিনী বিজ্ঞা বিহ্যুত আকার।
মনে প্রবেশিয়া মোহ করিল সংহার॥
শরতের কোটি পূর্ণ-শশাঙ্ক সমান।
নির্মাল প্রবোধচন্দ্র যিনি তত্ত্বজ্ঞান॥
সেই যে প্রবোধচন্দ্র হইয়া সদয়।
আত্মার ক্রদয় মাঝে হইল উদয়॥

প্রবোধচন্দ্রের প্রবেশ।

প্রবোধ। (উদ্দেশে)

আমি সে প্রবোধচন্দ্র যাহার উদরে।
বিজ্ঞাৎ ভ্রমজ্ঞান না থাকে হৃদরে॥
এই বিশ্ব সকলি অলীক বোধ হয়।
বৃদ্ধা ভিন্ন আর কিছু দেখিতে না পায়॥
বিজ্ঞাৎ নিত্য কি অনিত্য বিবেচনা।
আবির্ভাব তিরোভাব কিছুই থাকে না॥
স্থাধের কারণ কিছা হৃঃখের কারণ।
জ্ঞাতের প্রতি আর না হয় এ মন॥

জ্বগৎ অসত্য কিছা কিছু তার সত্য ।
আমার উদরে তার নাছি থাকে তথ্য ॥
আমার নিবাস সদা সাধুর হৃদরে।
ত্রিলোক উজ্জ্বল হর আমার উদরে॥
আমার আশ্রয়ে হয় পূর্ণ মনোরথ।
আবোহণ নাছি করে কুতর্কের পথ ॥

(ইতন্তত ভ্রমণ করিতে করিতে আত্মাকে দেখিরা স্থাত) এই
যে, আত্মা মুদ্রিত নয়নে ধ্যান করিতেছেন, আমি এই
সময় ইঁহার নিকটে যাই। (আত্মার নিকটে উপস্থিত হইয়া)
মহাশায়! আমি প্রবোধচন্দ্র আসিরাছি, প্রণাম করি।
(প্রণিপাত)

আত্মা। (পরমানন্দে) বাছা প্রবোধচন্দ্র ! আমাকে আলিন্ধন কর। (উভয়ে আলিন্ধন)

আত্মা। (প্রবোধচন্দ্রকে ক্রোড়ে করিরা) বাছা প্রবোধচন্দ্র ! তোমার আগমনে আমার নিবিড় মোহান্ধকার বিনাশ হইল, আমার হৃদয় কুমুদ প্রফুল্ল হইল।

দূরে গোল খোরতর মোছ-অন্ধ্রকার।
কুতর্ক বিতর্ক নিদ্রা তান্ধ্রিল আমার॥
বিবেকাদি যাহার প্রসাদে বিষ্ণুময়।
এমন প্রবোধচন্দ্র হুইল উদয়॥
"সোহং" এরপ জ্ঞান হরেছে আমার।
জগং শীতল হৈল উদয়ে তোমার॥

দেবী বিষ্ণুভক্তির প্রসাদে আমি সকল প্রকারে ক্লত-কার্য্য হইয়াছি। আমার "সোহং" এইরূপ জ্ঞান জন্মিয়াছে। এখন আমি তত্ত্বজ্ঞানী হইয়াছি, কোন ব্যক্তিকে আর কোন কথা জিজ্ঞাসা করিতে হইবে না।

বিষ্ণুভক্তির আগমন।

বিষ্ণু। (আত্মার প্রতি) বাছা আত্মা! তোমাকে জীবন্মুক্ত দেখিয়া আজ আমার চিরকালের বাসনা পূর্ণ হইল।

আত্মা। (জ্বোড় করে) দেবি ! আপনার চরণপ্রসাদে জগতে হুর্লভ কি আছে ? (বিঞ্চুভক্তির চরণতলে পতন)

বিষ্ণু। বাছা! উঠ, উঠ, এখন তোমার আর কি উপকার করিব, তাহা প্রার্থনা কর।

আত্মা। আপনি আমাকে নিস্তার করিয়াছেন। ইহার পর এমন আর কিছুই দেখি না যাহা প্রার্থনা করিব।

> মহামোহ আদি বিবেকের যত অরি। বিনষ্ট হয়েছে তারা রূপায় তোমারি॥ মহারাজ বিবেক হয়েছে রুতকার্যা। উপনিষদেরে লয়ে করিতেছে রাজ্য॥ আমার অবিভা-নিদ্রা হইয়াছে ভগ্ন। ব্রহ্মানন্দ রদে আমি হয়েছি নিম্ম॥

দেবি ! এক্ষণে আপনার নিকটে এই মাত্র প্রার্থনা করিতেছি। যথা— জনধরে ক্রম্ন ক্রম্ন ক্রম্ন কর্মন ক্রমন কর্মন ক্রমন ক

ইতি জীবন্মুক্তি নাম যঠাছ ।

সমাপ্তোরং গ্রন্থঃ।





